গ্রহণাদনন্তরাপি তিথ্যাভিধানপ্রয়োজনং লক্ষ্যার্থং তত্তিথৌ বলিদানার্থঞ্চ । ২৩ । নন্থ যদি গ্রহবিষ্টানাং পুংসামুন্মাদঃ স্যাৎ তদা বিশন্তো গ্রহাঃ কুতো নোপলভ্যন্তে অত আহ দর্পণাদীনিত্যাদি অস্মদাদিদর্শনাযোগ্যত্বান্ন দৃশ্যন্ত ইত্যর্থঃ আদিশব্দেন প্রকারবাচিনা জলতৈলাদীনাং গ্রহণং ছায়া প্রকৃতিঃ.শীতোষ্ণমিতি কর্তৃপদং, প্রাণিন ইতি কর্ম্মপদং, স্বমণিমিতি সূর্য্যকান্তং, দেহধৃক্ আত্মা, মন ইতি জেজ্জড়ঃ, অনেকদৃষ্টান্তপ্রয়োজনং জেজ্জড়লিখিতং তচ্চাত্রানুপযুক্তত্বেন বিস্তরভয়ান্ন লিখিতং দেবশব্দেন দেবাদ্যনুচরা দেবসধর্ম্মাণো গৃহ্যন্তে, দেবানাং মনুষ্যশরীরেণাশুচিনা সম্বন্ধাভাবাৎ, যদাহ শুশ্রুতঃ "ন তে মনুষ্যৈঃ সহ সংবিশন্তি ন তে মনুষ্যান্ ক্বচিদাবিশন্তি যে ত্বাবিশন্তীতি বদন্তি মোহাত্তে ভূতবিদ্যাবিষয়াদপেতা ইতি ২৪ ।

ইতি ব্যাখ্যামধুকোষে উন্মাদভূতোন্মাদনিদানং

প্রতিপদে, পিতৃগ্রহ অমাবস্যাতে, সর্পগ্রহ পঞ্চমী তিথিতে এবং রাক্ষসগ্রহ রাত্রিতে, মনুষ্যদিগকে আক্রমণ করিয়া থাকে ॥ ২৩ ॥

দেবতাদি গ্রহ শরীরে প্রবেশ করে অথচ তাহাদিগকে দেখিতে না
পাওয়ার কারণ

যদি দেবাদিগ্রহ মনুষ্যশরীরে প্রবেশ করিয়া উন্মাদরোগ জন্মায়, তাহা হইলে উহাদিগকে দেখিতে পাওয়া যায় না কেন ? দেখিতে না পাওয়ার কারণ এই যে, যেমন দর্পণে ছায়া প্রবেশ করিতে, শরীরে শীতোষ্ণ প্রবেশ করিতে মণিতে সূর্য্যকিরণ প্রবেশ করিতে এবং শরীরে আত্মা প্রবেশ করিতে দেখা যায় না, সেই প্রকার দেবাদিকেও মনুষ্য শরীরে প্রবেশ করিতে দেখা যায় না ২৪ ॥

উন্মাদরোগ সমাপ্ত ।

অথ অপস্মারনিদানং ।

অথাপস্মারস্য নিরুক্তিং সামান্যলক্ষণঞ্চ প্রকারভেদঞ্চাহ ।

মনোদুষ্টিসাধর্ম্ম্যাৎ সমানচিকিৎস্যত্বাৎ উন্মাদানন্তরং অপস্মারম্ আহ তস্য নিরুক্তিঃ স্মৃত্যপেতেন কৃতা স্মৃতির্ভূতার্থবিজ্ঞানমপস্তস্য পরিবর্জ্জনং অপস্মার ইতি প্রোক্তস্তোহয়ং ব্যা

অপস্মাররোগের ব্যুৎপত্তিগতার্থ সাধারণ লক্ষণ ও প্রকার ভেদ ।

দোষের (বায়ু-পিত্ত কফের) উদ্রেক হইলেই স্মৃতি (চেতনা) লোপ পায়, এবং মুখ

তমঃপ্রবেশঃ সংরম্ভো, দোষোদ্রেকহৃতস্মৃতেঃ । অপস্মার
ইতি জ্ঞেয়ো,গদো ঘোরশ্চতুর্ব্বিধঃ। ১ অথাস্যপূর্ব্বরূপমাহ ।
হৃৎকম্পঃশূন্যতা স্বেদো,ধ্যানং মূর্চ্ছা প্রমূঢ়তা । নিদ্রানাশশ্চ
তস্মিংশ্চ,ভবিষ্যতি ভবত্যথ ॥২॥ অথ তস্য বাতাদিভেদেন
লক্ষণান্যাহ । কম্পতে প্রদশেদ্দন্তান্,ফেণোদ্বামী শ্বসিত্যপি ।
পরুষারুণকৃষ্ণানি, পশ্যেদ্রূপাণি চানিলাৎ । ৩। পীতফেণা-
ঙ্গবক্ত্রাক্ষঃ,পীতাসৃক্ রূপদর্শনঃ সতৃষ্ণোষ্ণানলব্যাপ্ত,লোক-
দর্শী চ পৈত্তিকঃ। ৪॥ শুক্লফেণাঙ্গবক্ত্রাক্ষঃ,শীতহৃষ্টাঙ্গজো
গুরুঃ । পশ্যন্ শুক্লানি রূপাণি,শ্লৈষ্মিকো মুচ্যতে চিরাৎ। ৫

হৃতস্মৃদিতি স্মৃতিশ্চ জ্ঞানোপলক্ষণং তেনানুভবাপগমোঽপি বোধ্যঃ তস্য সামান্যলক্ষণমাহ তমঃপ্রবেশ ইত্যাদি তমঃপ্রবেশোঽন্ধকারপ্রবেশ ইব জ্ঞানাভাব ইত্যর্থঃ । সংরম্ভো নেত্র-বিকৃতিঃ হস্তপদাদিবিক্ষেপণঞ্চ । ১ শূন্যতা হৃদয়স্যৈব ধ্যানং চিন্তনং অত্র মূর্চ্ছা মনোমোহঃ । প্রমূঢ়তা ইন্দ্রিয়মোহঃ ॥ ২ । শ্বসিতি খরশ্বাসো ভবতি । রূপাণীতি প্রাণিনো নীলোমানুষ্যাবর্তীতি ৩ পীতাসৃক রূপদর্শকইতি পীতলোহিতবর্ণসমস্তবস্তুদর্শী সতৃষ্ণেত্যাদি সতৃষ্ণশ্চাসাবুষ্ণশ্চেতি সতৃষ্ণোষ্ণঃ, সতৃষ্ণোষ্ণশ্চাসাবনলব্যাপ্তলোকদর্শী চেতি সমাসঃ । ৪ হৃষ্টাঙ্গজো হৃষ্টরোমঃ চিরাদিত্যনেনৈব বাতপিত্তয়োরচিরেণ বেগমোক্ষ ইতি সূচ-য়তি ৫ স চেতি স সান্নিপাতিকঃ ক্ষীণস্যৈকদোষজোঽপ্যসাধ্যঃ এবমনবশ্চ

হইতে জলস্রাব হয়, এই জন্য ইহার নাম অপস্মার। তৎপর চেতনাশূন্য হইয়া হস্তপদাদি বিক্ষেপণক ও মুখ হইতে ফেণ (গাঁজলা) নির্গত হয়, ইহাই অপস্মাররোগের সাধারণ লক্ষণ অপর, এই অপস্মাররোগ চারিপ্রকার ইহা ক্রমে বর্ণন করা যাইতেছে ১

অপস্মাররোগের পূর্ব্বলক্ষণ

ঘর্ম্ম, বক্ষঃস্থলে কম্প, জৃম্ভন (হাই), কখন মনোমোহ কখন ইন্দ্রিয়মোহ, অনিদ্রা, হৃদয়ের (বক্ষগহ্বরের) শূন্যতা, অপস্মাররোগ জন্মিবার পূর্ব্বে এই সকল লক্ষণ হইয়া থাকে ॥ ২ ॥

বাতজনিত অপস্মাররোগের লক্ষণ

বাতজনিত অপস্মাররোগে কম্প ও মুখ হইতে ফেণ (গাঁজলা) নির্গত হয় রোগী দন্তে দন্তে ঘর্ষণ ও প্রবলবেগে শ্বাস পরিত্যাগ করে এতিম দৃশ্যবস্তু সকল কৃষ্ণবর্ণ দর্শন করিয়া থাকে ॥ ৩ ॥

পিত্তজনিত অপস্মাররোগের লক্ষণ

পিত্তজনিত অপস্মাররোগে শরীর, চক্ষু, মুখ ও ফেণ (গাঁজলা) হরিদ্রাবর্ণ হয়, রোগী দৃশ্যবস্তু সকল হরিদ্রাবর্ণ ও রক্তবর্ণ দর্শন করে এবং মনুষ্যদিগকে পিপাসা ও অগ্নি দ্বারা অভিভূত দেখিতে পায় ॥ ৪ ॥

কফজনিত অপস্মাররোগের লক্ষণ ।

কফজনিত অপস্মাররোগে শরীরের গুরুতা ও শুক্লবর্ণতা, রোমহর্ষণ, শীত, এবং চক্ষু, মুখ ও ফেন (গাঁজলা) শ্বেতবর্ণ হয়। রোগী দৃশ্যবস্তু সকল শ্বেতবর্ণ দেখিতে পায়, অপিচ, রোগের বেগ অনেককাল পরে কমিয়া থাকে অর্থাৎ বায়ু ও পিত্তজনিত অপস্মাররোগে রোগী যত সময় অজ্ঞানাবস্থায় থাকে, তাহা অপেক্ষা কফজনিতাপস্মারী কিছু বিলম্বে জ্ঞানলাভ করিয়া থাকে ৫

অথ তস্য ত্রিদোষজমসাধ্যঞ্চ লক্ষণমাহ — সর্ব্বৈরেতৈঃ সমস্তৈশ্চ, লিঙ্গৈর্জ্ঞেয় স্ত্রিদোষজঃ। অপস্মারঃ স চাসাধ্যো, যঃ ক্ষীণস্যানবশ্চ যঃ। প্রস্ফুরন্তং সুবহুশঃ, ক্ষীণং প্রচলিতভ্রুবং। নেত্রাভ্যাঞ্চ বিকুর্ব্বাণ,মপস্মারো বিনাশয়েৎ। ৬ ॥

অথ তস্যবেগকালং নির্দ্দেষ্টু মাহ। পক্ষাদ্বা দ্বাদশাহাদ্বা, মাসাদ্বা কুপিতা মলাঃ। অপস্মারায় কুর্ব্বন্তি, বেগং কিঞ্চিদথান্তরং॥ দেবে বর্ষত্যপি যথা, ভূমৌ বীজানি কানিচিৎ। শরদি প্রতিরোহন্তি, তথা ব্যাধিসমুচ্ছ্রয়াঃ ॥ ৭ ॥

ইতি অপস্মাররোগনিদানং।

বোধ্যঃ প্রস্ফুরন্তং প্রকুপ্যন্তং। নেত্রাভ্যাঞ্চ বিকুর্ব্বাণমিতি নেত্রাভ্যাং বিকৃতিমাপাদয়ন্তং। ৬॥ পক্ষাৎ পৈত্তিকঃ,দ্বাদশাহাদ্বাতিকঃ,মাসাৎ শ্লৈষ্মিকঃ, দ্বাদশাহানন্তরং পক্ষে বক্তব্যে যৎপূর্ব্বং পক্ষাভিধানং তেনাতোঽধিককালেনাপি বেগং করোতীত্যাহ কিঞ্চিদথান্তরমিতি উক্তকালেভ্যোঽর্ব্বাগপি দোষতারতম্যাদিতি ননু বেগং কৃত্বা অপস্মারারম্ভকো দোষোঽস্ত্যেব তৎ কুতঃ সর্ব্বদা বেগং ন কৃত্বা দ্বাদশাহাদিষ্বেব কুরুত ইত্যাহ দেবেবর্ষতীত্যাদি অথগভিসন্ধিঃ তেজোঽবনীপবনপ্রায়ঃ সনাথং বিদ্যমানমপি বীজং কালবিশেষাদেবাঙ্কুরং জনয়তি কালবিশেষস্যাপি সহকারিত্বাৎ শরদীতি তৎকালোচিত বীজাভিপ্রায়েণ, তেন কানিচিদ্বর্ষাস্বপি জনয়ন্তীতি অয়ং ন্যায়ঃ চাতুর্থজ্বরাদিষু বোধ্যঃ ৭

ইতি ব্যাখ্যামধুকোষে অপস্মারনিদানং

সান্নিপাতিক অপস্মাররোগের লক্ষণ ও অসাধ্য লক্ষণ

সান্নিপাতিক (বায়ু, পিত্ত, কফজনিত) অপস্মাররোগে বায়ু, পিত্ত ও কফের সমস্ত লক্ষণ হইয়া থাকে, এবং এই সান্নিপাতিক অপস্মাররোগ অসাধ্য অপিচ, পূর্ব্বোক্ত চারিপ্রকার অপস্মাররোগের মধ্যে দুর্ব্বল ব্যক্তির কোন এক প্রকার হইলেও অসাধ্য, এবং অধিকদিনের হইলেও অসাধ্য (অচিকিৎসনীয়) হইয়া থাকে; এ ভিন্ন যাহার শরীর কম্পিত হয়, চক্ষুর বিকৃতি জন্মে তাহার সেই রোগও অসাধ্য। ৬

অপস্মাররোগ বৃদ্ধির সময়

বাতজনিত অপস্মাররোগ বার দিবসের দিন, ও পিত্তজনিত অপস্মাররোগ পোনরদিবসের দিন এবং কফজনিত অপস্মাররোগ ত্রিশদিবসের দিন বৃদ্ধি পাইয়া থাকে কিন্তু বাতপিত্তাদির বল অধিক বা কম হইলে পূর্ব্বোক্ত সীমার পূর্ব্বে বা পরেও রোগ বৃদ্ধি পাইয়া থাকে।

এ স্থলে জিজ্ঞাস্য হইতে পারে যে, এক দিবস রোগ উৎপন্ন হইয়া সেই দিবসেই রোগের শান্তি হইল, কিন্তু তৎপরে পোনরদিবসের দিন কি ত্রিশদিবসের দিন কেমন করিয়া পুনর্ব্বার রোগ জন্মে? যেহেতু রোগের শান্তি হইলে পূর্ব্বোক্তপ্রকার নিয়মত সময়ে পুনর্ব্বার সেই রোগ জন্মিতে পারে না সত্য বটে, কিন্তু রোগের বাহ্যিক লক্ষণ সকল লোপ পায় বটে, কিন্তু রোগের সমস্ত কারণ শরীরের মধ্যে থাকিয়া যায় এবং কালে বলবতী হইয়া রোগ উৎপাদন করে যেমন কোন শস্যবীজ বর্ষাকালে ক্ষেত্রে বপন করিলে, বীজ অঙ্কুরিত হওয়া কারণস্বরূপ বৃষ্টির জল বীজের উপর পড়িলেও, বর্ষাকালে অঙ্কুরিত না হইয়া শরৎকালে অঙ্কুরিত হয়, অপস্মার রোগের উৎপত্তির নিয়মও ঠিক সেই প্রকার। ৭।

ইতি অপস্মার রোগ সমাপ্ত।

অথ বাতব্যাধিনিদানং।

অথ বাতব্যাধের্নিদানং সম্প্রাপ্তিঞ্চাহ। রুক্ষশীতাল্পলঘ্ব-
ন্ন, ব্যবায়াতিপ্রজাগরৈঃ। বিষমাদুপচারাচ্চ, দোষাসৃক্স্রা-
বণাদপি লঙ্ঘনপ্লবনাত্যধ্ব, ব্যায়ামাদিবিচেষ্টিতৈঃ। ধা-
তূনাং সংক্ষয়াচ্চিন্তা, শোকরোগাতিকর্ষণাৎ*। বেগসন্ধার-
ণাদামা,দভিঘাতাদভোজনাৎ। মর্ম্মাবাধাদ্গজোষ্ট্রাশ্ব, শীঘ্র-
যানাপতংসনাৎ। দেহে স্রোতাংসি রিক্তানি, পূরয়িত্বা-
নিলো বলী। করোতি বিবিধান্ ব্যাধীন্, সর্ব্বাঙ্গৈ-

---

* অপস্মারবৎ বাতবিকারাণামপ্যাক্ষেপকাদীনাং বেগকর্তৃত্বাদপস্মারানন্তরং বাতব্যাধ্যা-রম্ভঃ নন্ বাতব্যাধিরিতি কোঽর্থঃ? কিং বাত এব ব্যাধি র্বাতব্যাধিঃ.উতো বাতেন জনিতো ব্যাধি র্বাতব্যাধিঃ? আদ্যে সুস্থেষ্বপি প্রসঙ্গঃ, দ্বিতীয়ে জ্বরাদিষু। উচ্যতে ব্যাধিপদসামা-নাধিকরণ্যাদ্বিকৃতো দুঃখকারী বাতো বাতব্যাধিঃ উক্তং হি সুশ্রুতে পক্বাশয়স্থোঽন্ত্রকূজং শূলাটোপৌ করোতি চেতি. বাতজনিতোঽন্যধাতুর্ব্যাধি র্বাতব্যাধিরিতি বিশেষণীয়ং তেনো-ভয়ত্রাপ্রসঙ্গঃ, যদুক্তং কফপিত্তান্বিতো বায়ু র্বায়ুরেব চ কেবলঃ কুর্য্যাদাক্ষেপকমিত্যাদি তত্রারম্ভকো বায়ুরেব পিত্তকফৌ ত্বনুবন্ধাবিতি ন বিরোধঃ স্যাৎ, চরকে দ্বিবিধা বাতব্যাধয় উক্তাঃ, সামান্যজা নানাত্মজাশ্চেতি তত্র সামান্যজা যে চ বাতাদিভিঃ সমস্তৈ র্ব্যস্তৈর্বা জন্যন্তে যথা জ্বরাদয়ঃ নানাত্মজা। যে নিয়তৈকদোষজন্যা যথা আক্ষেপকাদয়ো বাতেনৈব জন্যন্তে, ন স্বতন্ত্রেণ পিত্তেন কফেন বা তথা ওষ্ঠ শোষাদয়ঃ পিত্তেনৈব, ন বাতেন, ন কফেন তথা তৃপ্ত্যা-দয়ঃ কফেনৈব, ন বাতেন ন পিত্তেন,এবং ব্যবস্থিতে বাতব্যাধিবৎ পিত্তকফব্যাধী কস্মান্নোক্তো উচ্যতে.বায়োর্বলবত্ত্বেন,আশুকারিত্বেন চ গরীয়স্ত্বাৎ,তদ্বিকারাণাং দুঃসাধ্যত্বাৎআশ্বেবাত্যয়-করত্বাৎ, বিশিষ্টচিকিৎসত্বাৎ বাতব্যাধ্যভিধানং, নতু কফপিত্তব্যাধ্যভিধানং। অতএবসুশ্রুতা-দিষ্বপি বাতরোগাধ্যায় এব নির্দ্দিষ্টো নতু পিত্তকফরোগাধ্যায়ঃ চন্দ্রিকাকারস্ত্বাহ পিত্তকফ-য়োঃ রসাদিযোগাৎ দূষ্যবিশেষযোগাদ্ধ হরিদ্রাচূর্ণসংযোগবৎ অত্যন্তবিসদৃশা রসাদিমন্তো বিকারাঃ পৃথঙ্ নামানো জায়ন্তে বায়োস্তু রসাদ্যভাবাৎ দূষ্যানিরপেক্ষত্বাৎ, আক্ষেপকাদয়ো বাতাদনভিভিন্নরূপা নানাত্মজা স্তেন বাতবিকারাঃ পৃথগুচ্যন্তে নতু পিত্তকফবিকারা ইতি। এতত্ত্ব বকুলকরপ্রভৃতয়ো নানুমন্যন্তে চরকবিরোধাৎ চরকে হি পিত্তকফয়োরপি নানাত্মজা উক্তাঃ, যথা অশীতি র্বাতবিকারাঃ চত্বারিংশৎ পৈত্তিকাঃ বিংশতিঃ শ্লৈষ্মিকা ইতি সুশ্রুতেন তু শল্যাধ্যায়েনাপি পিত্তকফনানাত্মজা ন দর্শিতাঃ পরাধিকারেষু ন বিস্তারোক্তিরিত্যভিপ্রা-

---

বাতব্যাধির কারণ ও উৎপত্তি।

রুক্ষ ও শীতল দ্রব্য ভোজনে, পরিমাণে অল্প ও লঘুপাকী দ্রব্য ভোজনে, অতিশয় স্ত্রীসং-সর্গ ও অতিশয় জাগরণে, অবিধিপূর্ব্বক রক্তস্রাব, বমন ও বিরেচনে, অতিশয় লম্ফপ্রদানে, উচ্চস্থান হইতে পতনে অতি সন্তরণে, অতিশয় পথভ্রমণ ও ব্যায়ামে, অবিধিপূর্ব্বক অঙ্গসঞ্চালনে, রসাদি ধাতুক্ষয়ে, চিন্তা শোক ও রোগ দ্বারা শরীর অতিশয় ক্ষয়প্রাপ্ত হইলে, মল ও মূত্রের বেগ রোধ করিলে, অপক্ক রসে অথবা উপবাসে এবং শরীরের কোন স্থান আহত হইলে, অথবা মর্ম্মস্থান আহত হইলে, হস্তীও অশ্ব প্রভৃতি হইতে পতিত হইলে,

কাঙ্গসংশ্রয়ান্ ১ ॥ অথ তস্য পূর্ব্বরূপং রূপঞ্চাহ। অব্যক্তলক্ষণং তেষাং, পূর্ব্বরূপমিতি স্মৃতং । আত্মরূপন্তু যদ্ব্যক্ত, মপায়ো লঘুতা পুনঃ ॥২। অথ কুপিতবাতকৃতব্যাধীনাহ। সঙ্কোচঃ পর্ব্বণাং স্তম্ভো, ভঙ্গোঽস্থ্নাং পর্ব্বণামপি ॥ রোমহর্ষঃ প্রলাপশ্চ, পাণিপৃষ্ঠশিরোগ্রহঃ। খাঞ্জ্যপাঙ্গুল্যকুব্জত্বং, শোষোঽঙ্গানামনিদ্রতা ॥ গর্ভশুক্র রজোনাশঃ, স্পন্দনং গাত্রসুপ্ততা শিরোনাসাক্ষিজত্রূণাং,

স্নেহেতি লঙ্ঘনমুৎপতনং উপবাসস্থানশনশব্দেন বমনাদেশ্চ দোষত্র।বংশব্দেন পক্ষ।াংশ্বাৎ প্লবনং বাহুভ্যাং জলপ্রতরণং আঘাদিতি আমরসাৎ তস্য ব্যায়ামশব্দেনে ক্তত্বাৎ মর্ম্মাবাধাৎ মর্ম্মাভিঘাতাৎ অপতংসনং গজাদিভ্যঃ শীঘ্রযানেনাপতনং। ১। অব্যক্তমিতি বক্ষ্যমাং বিকারাণাং রূপমেবাব্যক্তং পূর্ব্বরূপং নতু জ্বরাদিবৎ বিশিষ্টমন্যৎ তদেব ব্যক্তমাত্মরূপং দোষাদিভেদেন সম্যক প্রকাশিতং স্বলক্ষণমিত্যর্থঃ॥ অপায় ইতি বায়োশ্চপলত্বেন স্তম্ভসংকোচকম্পাদীনাং কদাচিদভাবাৎ, যদুক্তং গতে বেগে ভবেৎ স্বাস্থ্যং সর্ব্বেষাক্ষেপকাদিষিতি লঘুতেতি শরীরস্য, বায়ুনা সর্ব্বধাতুশোষণাৎ অথবা অপায়ো লঘুতা ইতি বাতবিকারাণামপায়োঽভাবঃ কিং ভবিত্যাহ লঘুতেতি. বাতলিঙ্গানাং লঘুতাঽল্পত্বেনাবস্থানং নতু নিঃশেষনিবৃত্তিঃ। যথা বহিরারামনিবৃত্তাবপি ন কক্ষত্বাদি নিবৃত্তিরিত্যাহুঃ। ২॥ করোতি বিবিধান্ ব্যাধীনিতি, যদুক্তং তন্ত্রাকরোতি সংকোচ ইত্যাদি স্তম্ভঃ পর্ব্বণামেব, খাঞ্জুল্যং পঙ্গুতা, শোষোঽঙ্গানামিতি বাহুমুখাদীনাং, অনিদ্রতেত্যনেন অল্পনিদ্রতাপি বোদ্ধ্যেত্যাহুঃ। গর্ভশুক্ররজোনাশ ইতি গর্ভাশয়ানাং শয্যায়াং বাতাধিষ্ঠিতত্বেন গর্ভাদ্যগ্রহণমিতি জেজ্জড়ঃ। গর্ভাদিবিকৃতিরপাত্র দ্রষ্টব্যা। স্পন্দনং কম্পনং, স্তম্ভনং শিরঃপ্রভৃতীনামন্তঃপ্রবেশো বক্রত্বং বা, ধাতূনাং অনেকার্থত্বাৎ। অন্যেত্বাহুঃ শিরো স্তম্ভনং কেশভূমিস্ফুটনং শঙ্খললাটভেদশ্চ নাসাস্তম্ভনং ঘ্রাণনাশঃ, অক্ষিস্তম্ভনমক্ষিব্যাসঃ, জত্রুস্তম্ভনং বক্ষ উপরোধঃ, গ্রীবাস্তম্ভনং গ্রীবাস্তম্ভঃ ভেদ ইতি ওষ্ঠদন্তকণ্ঠাদীনাং। তোদঃ শূল, অর্ত্তি পীড়া সা চ পাদপার্শ্বশ্রোত্রাক্ষিবক্ষ্যমাণমিতি জেজ্জড়ঃ। আক্ষেপ আক্ষেপকাদিষু বক্ষ্যমাণঃ। আয়াসঃ শ্রমঃ। হেত্বিত্যাদি হেতুবিশেষঃ আবরণাদিঃ

বায়ু বৃদ্ধিপ্রাপ্ত হইয়া শূন্যগর্ভ (শূন্যোদর) স্রোত সমূহে (শিরা ও ধমনীসমূহে) প্রবেশ করিয়া বিবিধপ্রকার সর্ব্বাঙ্গব্যাপী কিম্বা একাঙ্গব্যাপী রোগ উৎপাদন করে ॥ ১ ॥

বাতব্যাধির পূর্ব্বরূপ ও লক্ষণ।

এই বাতব্যাধির অল্পপ্রকাশিত লক্ষণকে উহার পূর্ব্বরূপ (পূর্ব্বলক্ষণ) এবং পূর্ব্বলক্ষণ গুলি সম্পূর্ণরূপে প্রকাশিত হইলে উহার রূপ (লক্ষণ) বলা যায়। এই লক্ষণ লোপ পাইলে রোগের শাম্যাবস্থা হয়, যেমন অপতন্ত্রক, অপতানক প্রভৃতির প্রকাশিত লক্ষণের বিনাশে (লোপে) রোগী অনেকটা সুস্থভাব প্রাপ্ত হয়। ২।

কুপিত বায়ুজনিত রোগের লক্ষণ

সন্ধিস্থান সঙ্কোচন ও রোধ অর্থাৎ সন্ধিচালন শক্তির লোপ, অস্থি ও সন্ধিস্থান ভগ্ন, রোমহর্ষ, প্রলাপ (অনর্থক বাক্যব্যয়) হস্তে পৃষ্ঠে ও মস্তকে বেদনা, খঞ্জতা, পঙ্গুতা, কুব্জত্ব, অঙ্গ শুষ্কতা (বাহু মুখ প্রভৃতির শুষ্কতা), অনিদ্রা ও অল্পনিদ্রা, গর্ভবিকৃতি ও গর্ভশক্তির লোপ, শরীর কম্পন, শরীরের অসারতা (স্পর্শজ্ঞানহীনতা), মস্তক বসিয়া যায়, নাসিকা চেপ্টা হয়, জত্রু (কণ্ঠ ও বক্ষের সন্ধিস্থান) ও গ্রীবা বক্ষ গহ্বরে এবং চক্ষু কোটরে প্রবেশ করে, ওষ্ঠ ও চর্ম্মাদির বিদারণ, শরীরের ব্যথা ও যাতনা, আক্ষেপ (হস্তপদাদির বিক্ষেপ), পরিশ্রম, কুপিত বায়ু

অথ শিরাগত কুপিতবাত লক্ষণমাহ। কুর্য্যাচ্ছিরাগতঃ শূলং, শিরাকুঞ্চনপূরণং। স বাহ্যাভ্যন্তরায়ামং, খল্লীং কৌব্জ্যমথাপি বা ॥ ১১ ॥ অথ স্নায়ুসন্ধিগতকুপিতবাত-লক্ষণমাহ। সর্ব্বাঙ্গৈকাঙ্গরোগাংশ্চ কুর্য্যাৎ স্নায়ুগতেঽনিলঃ। হন্তি সন্ধিগতঃ সন্ধীন্, শূলাটোপৌ করোতি চ।১২। অথ কুপিতবাত বিশেষস্য দোষান্তরসংযোগে লক্ষণমাহ। প্রাণে পিত্তাবৃতে ছর্দ্দি, র্দাহশ্চৈবোপজায়তে। দৌর্ব্বল্যং সদনং তন্দ্রা, বৈরস্যঞ্চ কফাবৃতে। উদানে পিত্তযুক্তে তু, দাহো মূর্চ্ছা ভ্রমঃ ক্লমঃ। অস্বেদহর্ষৌ মন্দোঽগ্নিঃ, শীততা চ কফাবৃতে। স্বেদদাহৌষ্ণ্যমূর্চ্ছাঃ স্যুঃ, সমানে পিত্তসংবৃতে। কফেন সঙ্গে বিণ্মূত্রে, গাত্রহর্ষশ্চ জায়তে। অপানে পিত্তযুক্তে তু, দাহৌষ্ণ্যং রক্তমূত্রতা অধঃকায়ে গুরুত্বঞ্চ, শীততা চ

স্তম্ভাদিকং করোতি। ১১ পিত্তকফাবৃতানাং প্রাণাদীনাং অর্দ্ধার্দ্ধশ্লোকে লিঙ্গান্যাহ প্রাণে ইত্যাদি গাত্রহর্ষো রোমাঞ্চঃ দণ্ডকো দণ্ডবৎ স্তম্ভঃ পরস্পরঞ্চ প্রাণাদীনামাবরণাদীনি বিংশতি ভবন্তি যদুক্তং চরকে মারুতানাং হি পঞ্চানামন্যোন্যাবরণং শৃণ্বিতি. এষাঞ্চ লক্ষণং চরক এব দ্রষ্টব্যং, বিদেহে চৈক এব বায়ুঃ স্থানকর্ম্মভেদাৎ পঞ্চধৈবোচ্যতে ইত্যাহুঃ সংসর্গিদ্রব্যান্তরৈনকাশ্রয়ে জলবৎ পৃথগবস্থানানুপপত্তেঃ ঐশানোঽপি হ যথৈকো দেবদত্তঃ স্থানভেদাৎ গৃহস্থো বানপ্রস্থঃ, কর্ম্মভেদাৎ কুম্ভকারো মালাকার ইত্যুচ্যতে তথা বায়ুরপীতি ১ ১২ আক্ষেপকস্য সামান্যলক্ষণমাহ যদাস্থিত্যাদি সর্ব্বা ইতি ঊর্দ্ধাধস্তির্য্যগগাঃ আক্ষিপতি দেহং হস্তাকটপুরুষস্যেব গাত্রক্ষালয়তি মুহুশ্চৈব ইতি হেতুগর্ভ

শিরাস্থিত বায়ুর কার্য্য।

শিরাস্থিত কুপিত বায়ু, শরীরবেদনা, শিরাসংকোচন ও শিরারস্ফুলত্ব, ধনুষ্টঙ্কার, কুব্জত্ব ও খল্লী (খাইলধরা) উৎপাদন করে ১১।

স্নায়ুস্থিত ও সন্ধিস্থিত বায়ুর কার্য্য

স্নায়ুস্থিত কুপিত বায়ু, সর্ব্বাঙ্গব্যাপী ও একাঙ্গব্যাপী রোগ জন্মায় সন্ধিস্থিত বায়ু সন্ধিস্থান শিথিল, স্তম্ভিত ও বেদনা এবং গুড়গুড়া শব্দযুক্ত করে ১২

পিত্তমিশ্রিত ও কফ মিশ্রিত প্রাণ বায়ুর কার্য্য

পিত্তমিশ্রিত প্রাণ বায়ু, বমন ও জ্বালা এবং কফমিশ্রিত প্রাণ বায়ু, দুর্ব্বলতা, তন্দ্রা, বিষণ্ণতা, ও মুখের বিরসতা জন্মায়

পিত্তমিশ্রিত এবং কফমিশ্রিত উদান বায়ুর কার্য্য।

পিত্তমিশ্রিত উদান বায়ু, জ্বালা, মূর্চ্ছা, ভ্রান্তি, ক্লান্ততা, এবং কফমিশ্রিত উদান বায়ু, ঘর্ম্মরোধ, হর্ষ, মন্দাগ্নি এবং শীত উৎপাদন করে

পিত্তমিশ্রিত ও কফমিশ্রিত সমান বায়ুর কার্য্য।

পিত্তমিশ্রিত সমান বায়ু, ঘর্ম্ম, জ্বালা, শরীর উষ্ণতা ও মূর্চ্ছা জন্মায়। এবং কফমিশ্রিত সমান বায়ু, মল মূত্র বদ্ধ করে, এবং রোম হর্ষ (রোমাঞ্চ) জন্মায়

কফাবৃতে। ব্যানে পিত্তাবৃতে দাহো, গাত্রবিক্ষেপণং ক্লমঃ। স্তম্ভনো দণ্ডকশ্চাপি, শূলশোথৌ কফাবৃতে॥ ১৩ । অথাক্ষেপকসামান্যলক্ষণমাহ যদা তু ধমনীঃ সর্ব্বাঃ, কুপিতোঽভ্যেতি মারুতঃ। তদাক্ষিপত্যাশু মুহুর্মুহুর্দেহং মুহুশ্চরঃ। মুহুর্মুহুশ্চাক্ষেপণাদাক্ষেপক ইতি স্মৃতঃ॥ ১৪ । অথাপতন্ত্রকাপতানকলক্ষণমাহ। ক্রুদ্ধঃ স্বৈঃ কোপনৈর্বায়ুঃ, স্থানাদূর্দ্ধং প্রপদ্যতে। পীড়য়ন্ হৃদয়ং গত্বা, শিরঃশঙ্খৌ চ পীড়য়ন্ ধনুর্ব্বন্নময়েদ্গাত্রং, আক্ষিপেন্মোহয়েত্তদা স কৃচ্ছ্রাদুচ্ছ্বসেচ্চাপি, স্তব্ধাক্ষোঽথ নিমীলকঃ। কপোত

বিশেষণং। বহিশ্চর ইতি পাঠান্তরে কোষ্ঠাদ্বহিঃ শাখাসু তশ্চরন্ আক্ষেপকং করোতীত্যর্থঃ। ১৩ অস্যৈবাবস্থাবিশেষাদপতন্ত্রকাপতানকাবাহ, ক্রুদ্ধ ইত্যাদি। একে তদপতানকমিত্যাহুস্তেন স্বৈঃ কোপনৈরিত্যনেন কফাদিকুপিতঃ ইতি [illegible] নিমীলকো নিমীলিতাক্ষঃ স্তব্ধাক্ষো নিমীলিতাক্ষো বা ভবতীত্যর্থঃ। আক্ষেপকশ্চতুর্বিধো ভবতি দণ্ডাপতানকোঽন্তরায়ামো বহিরায়ামোঽভিঘাতজশ্চেতি দৃঢ়বলেন যদ্যপি আক্ষেপকাৎ পূর্ব্বমন্তরায়াম বহিরায়ামৌ পঠিতৌ তথাপি আক্ষেপকবিশেষাবেতৌ অন্তরে [illegible] দর্শনাৎ ১৪ এষাং লক্ষণমাহ কফান্বিত ইত্যাদি [illegible] চরকে [illegible] কেবলবাতজত্বেন [illegible] পৃষ্ঠগ্রীবং স্তম্ভাতি

পিত্তমিশ্রিত ও কফমিশ্রিত অপান বায়ুর কার্য্য

পিত্তমিশ্রিত অপান বায়ু কর্ত্তৃক জ্বালা, শরীরউষ্ম ও রক্তপ্রস্রাব হয়। এবং কফমিশ্রিত অপান বায়ু শরীরের নীচের অংশে গুরুতা ও শীত জন্মায়।

পিত্তমিশ্রিত ও কফমিশ্রিত ব্যানবায়ুর কার্য্য

পিত্তমিশ্রিত ব্যানবায়ু জ্বালা অঙ্গবিক্ষেপণ, ক্লান্ততা এবং কফমিশ্রিত ব্যান বায়ু, স্তম্ভন (হনুস্তম্ভাদি), দণ্ডক (দণ্ডাপতানক) শরীরবেদনা এবং শোথ উৎপাদন করে। ১৩

আক্ষেপক রোগের সাধারণ লক্ষণ ও ব্যুৎপত্তিগত অর্থ।

গতিশীল প্রবৃদ্ধ (বৃদ্ধিপ্রাপ্ত) বায়ু শরীরের সমস্ত ধমনীতে প্রবেশ করিলে শরীর পুনঃ পুনঃ আক্ষিপ্ত (সঞ্চালিত) হয়, ইহাই উহার সাধারণ লক্ষণ। পরন্তু শরীর পুনঃ পুন আক্ষিপ্ত (সঞ্চালিত) হয় বলিয়া, সূক্ষ্মদর্শী পণ্ডিতগণ এই রোগের নাম আক্ষেপ রাখিয়াছেন ১৪।

অপতন্ত্রক রোগের লক্ষণ

পূর্ব্বোক্ত কফাদিকারণে কুপিত (প্রবৃদ্ধ) বায়ু স্বস্থান হইতে শরীরের ঊর্দ্ধদেশে গমন করিয়া প্রথমতঃ হৃদয়ে প্রবেশ করে, এবং ঐ হৃদয় স্থানকে পীড়িত করিয়া মস্তকে ও শঙ্খ (কপালের পার্শ্বদ্বয়ে) যাতনা প্রদান করিয়া ধনুকের ন্যায় রোগীর শরীর আকর্ষণ করিতে উহাকে মোহিত করে এই প্রকার অবস্থাপন্ন ব্যক্তি অতিকষ্টে শ্বাস গ্রহণ করে, মুদিত চক্ষু প্রকাশিত করিয়া স্থির রাখে, এবং বাক্যহীন হইয়া গোঙরায় করিতে থাকে ইহাকে অপতন্ত্রক বলে।

ইব কূজেচ্চ,নিঃসংজ্ঞঃ সোপতন্ত্রকঃ দৃষ্টিং সংস্তভ্য সংজ্ঞাঞ্চ, হত্বা কণ্ঠেন কূজতি । হৃদি মুক্তে নরঃ স্বাস্থ্যং,যাতি মোহং বৃতে পুনঃ । বায়ুনা দারুণং প্রাহুরেকে তদপতানকং ১৫॥ অথ দণ্ডাপতানকলক্ষণ মাহ । কফান্বিতো ভৃশং বায়ুস্তাস্বেব যদি তিষ্ঠতি । দণ্ডবৎ স্তম্ভয়েদ্দেহং, স তু দণ্ডাপতানকঃ । ১৬ অন্তরায়ামবহিরায়ামযোঃ সাধারণরূপমাহ । ধনুস্তুল্যং নমেদ্যস্তু স ধনুস্তম্ভসংজ্ঞকঃ ॥ ১৭ ॥ অথ তয়োর্বিশেষলক্ষণ মাহ । অঙ্গুলীগুল্ফজঠর, হৃদ্বক্ষোগলসংশ্রিতঃ । স্নায়ুপ্রতানমনিলো যদাক্ষিপতি বেগবান্ । বিষ্টব্ধাক্ষঃ স্তব্ধহনু,ভগ্নপার্শ্বঃকফং বমন্ । অভ্যন্তরং ধনুরিব, যদা নমতি মানবং । তদাস্যাভ্যন্তরায়ামং,কুরুতে

মারুতঃ দণ্ডবৎ স্তব্ধগাত্রশ্চ দণ্ডকঃ সোঽপতন্ত্রক ইতি তাস্বিতি সর্বধমনীষু । ১৫ ॥ অন্তরায়াম বহিরায়াময়োঃ সাধারণং রূপমাহ । ধনুস্তুল্যং নমেদ্যস্তু স ধনুস্তম্ভসংজ্ঞক ইতি ১৬ বক্ষো বাহুদয়ান্তরং হৃদয়ং তদন্তরং হাঙ্গুলং স্নায়ুপ্রতানং লতাবদনেকপ্ররোহং স্নায়ুজালং, স্নায়ুরিত্যুপলক্ষণং তেন শিরাকণ্ডরযোরপি গ্রহণং, যদুক্তং তন্ত্রান্তরে মহাহেতু বলে বায়ুঃ শিরাঃ সস্নায়ুকণ্ডরাঃ ... পৃষ্ঠাশ্রিতা বাহ্যাঃ সংশোষ্যায়াময়েদ্বহিরিত্যাদি অভ্যন্তরায়ামং ক্রোড়ে নতং । বাহ্যায়ামং পৃষ্ঠে নতং অন্তরায়াম বহিরায়ামাভ্যাং তন্ত্রান্তরোক্তে কুব্জস্যাববোধঃ যদুক্তং হৃদয়ং যদি বা পৃষ্ঠং মতং ক্রমশঃ সরুক্ ক্রুদ্ধো বায়ুর্যদা কুর্য্যাৎ তদা তং কুব্জমাদিশেৎ ১৭ । উক্তানামাক্ষেপকাদীনাং কফপিত্তানুবন্ধমাহ কফপিত্তান্বিত ইত্যাদি । এতচ্চ দণ্ডাপতানকলক্ষণমেব জেজ্জড়েন ব্যাখ্যাতং পিত্তকফানুবন্ধশ্চাত্র শৈত্যশোথ গুরুত্বানীত্যাদিনা উক্তলক্ষণ এব বোধ্যঃ । চতুর্থাভিঘাত-

---

অপতানকের লক্ষণ ।

পূর্ব্বোক্ত রুক্ষাদি কারণে কুপিত বায়ু রোগীর দর্শনশক্তি রোধ করিয়া হৃদয়ে যাইয়া উহার চেতনা লোপ করে এবং কণ্ঠে কোন এক প্রকার শব্দ জন্মায় ; কিছুকাল পরে রোগী চেতনা প্রাপ্ত হইলে সুস্থ হয়, কিন্তু পুনর্ব্বার অজ্ঞান হয় এই প্রকার লক্ষণ যুক্ত রোগকে অপতানক বলে । ১৫

দণ্ডাপতানকের লক্ষণ ।

কফযুক্ত বায়ু শরীরের সমস্ত ধমনীতে প্রবেশ করিয়া শরীরকে দণ্ডের ন্যায় (যষ্টির ন্যায়) স্তম্ভিত (দৃঢ়ীকৃত) করে বলিয়া ইহাকে দণ্ডাপতানক কহে । ১৬

ধনুস্তম্ভের (ধনুষ্টঙ্কারের) সামান্য লক্ষণ ।

কুপিত বায়ু, স্নায়ু সঙ্কোচিত করিলে, শরীর ধনুকের ন্যায় বক্র হয় বলিয়া ইহাকে ধনুস্তম্ভ (ধনুষ্টঙ্কার) বলে এবং ইহাই উহার সাধারণ লক্ষণ । ১৭

ধনুস্তম্ভের বিশেষ লক্ষণ ।

ধনুস্তম্ভ দুই প্রকার , প্রথম প্রকার, যথা—স্নায়ু, অঙ্গুলী, গুল্ফ (পাদগ্রন্থি),উদর, হৃদয়, বক্ষ, গলদেশের বায়ু সমূহকে আকর্ষণ করিলে, রোগীর দৃষ্টি স্তম্ভিত, হনুরোধ (গণ্ডস্থলের

মারুতো বলী　বাহ্যস্নায়ুপ্রতানস্থো, বাহ্যায়ামং করোতি চ । তমসাধ্যং বুধাঃ প্রাহুর্বক্ষঃকট্যূরুভঞ্জনং ॥ ১৮ ॥ অথোক্তাক্ষেপকাদীনাং কফপিত্তানুবন্ধমাহ । কফপিত্তান্বিতো বায়ু, র্বায়ুরেব চ কেবলঃ । কুর্য্যাদাক্ষেপকন্ত্বন্যং, চতুর্থমভিঘাতজং । ১৯ । অথ তেষামসাধ্যত্বমাহ । গর্ভপাতনিমিত্তশ্চ, শোণিতাতিস্রবাচ্চ যঃ । অভিঘাতনিমিত্তশ্চ, ন সিদ্ধ্যত্যপতানকঃ । ২০ । অথ পক্ষবধমাহ । গৃহীত্বার্দ্ধং তনোর্বায়ুঃ, শিরাস্নায়ু বিশোষ্য চ । পক্ষমন্যতমং হন্তি, সন্ধিবন্ধান্ বিমোক্ষয়ন্ । কৃৎস্নার্দ্ধকায়

ত্বমিতি দণ্ডাপতানকাদি ত্রিতয়াপেক্ষয়া চতুর্থত্বং অভিঘাতজং দণ্ডাদ্যভিঘাতকুপিতবাতজং অস্য লক্ষণং যদা তু ধমনীঃ সর্ব্বাঃ ইত্যনেনোক্ত সামান্যলক্ষণং দ্রষ্টব্যং ১৮ অসাধ্যত্বমাহ গর্ভপাতেত্যাদি গদাধরস্ত্বাহ কফপিত্তাদিনা নিমিত্তভেদেনাক্ষেপকাশ্চতুর্দ্ধা ইতি, তদযথা একঃ কফান্বিতেন বাতেন, দ্বিতীয়ঃ পিত্তান্বিতেন, তৃতীয়ঃ কেবলেন, চতুর্থোঽভিঘাতেনেতি অত্র পক্ষে গর্ভপাতশোণিতাতিস্রাবজৌ কেবল বাতেন প্রাপ্তৌ, তেষাঞ্চ মুহুর্মুহুরাক্ষেপণং বোধ্যং আক্ষেপকবিশেষাৎ ১৯ পক্ষবধমাহ গৃহীত্বেতি অর্দ্ধমিতি অর্দ্ধমর্য্যাদয়া অর্দ্ধনারীশ্বরবৎ পক্ষং বাহুকক্ষপার্শ্বাদিভাগং, অন্যতরমিতি বামং দক্ষিণং বা সন্ধিবন্ধান্ কফসংহতস্নায়ুভিরন্তান্ মোক্ষয়নিতি গদাধরঃ, অতএব শিরাস্নায়ু বিশোষোক্তং অর্দ্ধকায় ইত্যুক্তেঽপি কৃৎস্নগ্রহণং যুগপৎ সর্ব্বার্দ্ধাঙ্গ...গ্রহণং অকর্ম্মণ্য ঈষচ্চেষ্টাক্ষমঃ বিচেতনোঽচেতনঃ ঈষৎ স্পর্শাদিজ্ঞানবানিত্যর্থঃ তদ্বচ্চেতনেন শিরাস্নায়ুবিশোষ্য চেষ্টাদিসংপ্রাপ্তিলক্ষণক্ষাতিদিশতি । ২০ । তস্যৈব সাধ্যস্থানার্থমাহ দাহেত্যাদি এতচ্চ লক্ষণমন্যত্রাপি বাতরোগে দ্রষ্টব্যং, অতএব সামান্যেন বারাবিতি কৃতবান্ শুদ্ধঃ

উপরিভাগ রোধ,) পার্শ্ব ভগ্ন ও কফ বমন হয় এবং রোগী ধনুকের ন্যায় সম্মুখ দিকে বক্র হইয়া থাকে।

দ্বিতীয় প্রকার যথা,—বায়ু, শরীরকে পশ্চাৎ দিকে আকর্ষণ করিয়া, বিপরীত ভাবে ধনুকের ন্যায় শরীর বক্র করে ইহাতে বক্ষঃস্থল, কটীদেশ এবং উরু ভাঙ্গিয়া যায় এই দ্বিতীয় প্রকার ধনুষ্টঙ্কার অসাধ্য ১৮

অভিঘাতজনিত আক্ষেপকের কারণ ও লক্ষণ ।

আক্ষেপক চারিপ্রকার যথা প্রথম, দণ্ডাপতানক, দ্বিতীয় প্রথম প্রকার ধনুস্তম্ভ, তৃতীয় দ্বিতীয় প্রকার ধনুস্তম্ভ, চতুর্থ অভিঘাতজনিত আক্ষেপক

কফ ও পিত্তমিশ্রিত বায়ু, অথবা কেবল বায়ু, যষ্টি প্রভৃতি দ্বারা অভিঘাত প্রাপ্ত হইয়া চতুর্থ প্রকার আক্ষেপক জন্মায় বলিয়া ইহাতে আক্ষেপকের সামান্য লক্ষণের ন্যায় লক্ষণ হইয়া থাকে । ১৯

অপতানকের অসাধ্য লক্ষণ ।

গর্ভপাত জনিত অপতানক, অতিশয় রক্তস্রাবজনিত অপতানক এবং অভিঘাত জনিত অপতানক অসাধ্য ॥ ২০ ।

পক্ষাঘাতের লক্ষণ

বায়ু, শরীরার্দ্ধের শিরা ও স্নায়ু শুষ্ক করিয়া শরীরের অর্দ্ধাংশ অসার করে, সুতরাং

হীনস্য স্যা, দকর্ম্মণ্যো বিচেতনঃ। একাঙ্গরোগং তং কেচি,-
দন্যে পক্ষবধং বিদুঃ। সর্ব্বাঙ্গরোগং তদ্বচ্চ, সর্ব্বকায়া-
শ্রিতেঽনিলে ॥২১॥ অথ তস্যৈব সাধ্যাসাধ্যজ্ঞানার্থমাহ।
দাহসন্তাপমূর্চ্ছাঃ স্যু, র্বায়ৌ পিত্তসমন্বিতে। শৈত্যশো-
থগুরুত্বানি, তস্মিন্নেব কফান্বিতে। শুদ্ধবাতহতং পক্ষং,
কৃচ্ছ্রসাধ্যতমং বিদুঃ। সাধ্যমন্যেন সংযুক্ত,মসাধ্যং ক্ষয়-
হেতুকং। ২২ ॥ অথার্দ্দিতস্য নিদানপূর্ব্বকং সংপ্রাপ্তি
লক্ষণঞ্চাহ। উচ্চৈর্ব্যাহরতোঽত্যর্থং, খাদতঃ কঠিনানি
বা। হসতো জৃম্ভতো বাপি, ভারাদ্বিষমশায়িনঃ ॥ অর্দ্দ-
য়ত্যনিলো বক্ত্র,মর্দ্দিতং জনয়ত্যতঃ। বক্রীভবতি বক্ত্রার্দ্ধং,
গ্রীবা চাপ্যপবর্ত্ততে। শিরশ্চলতি বাক্ সঙ্গো, নেত্রা-

কেবল হস্তেনেতি কফেন পিত্তেন বা অক্ষরহেতুকমিতি ধাতুক্ষয়কুপিতশুদ্ধবাতজমিতি। ২১॥
অর্দ্দয়তি পীড়য়তি অপবর্ত্ততে বক্রীভবতি। চলতি কম্পতে। বাক্‌সঙ্গোঽনির্গমো বচনস্য,
আদিশব্দেন অপাঙ্গাদীনাং গ্রহণং। বৈকৃতং বেদনাস্ফুরণবক্রত্বাদিকং গ্রীবেত্যাদি যস্মিন্
পার্শ্বেঽর্দ্দিতং তস্মিন্ গ্রীবাদীনাং বেদনেতি যোজ্যং। তন্ত্রান্তরে তু মুখার্দ্ধব্যাপকোঽপ্য-
র্দ্দিতঃ পঠিতঃ যদাহ দৃঢ়বলঃ অর্দ্ধে তস্মিন মুখার্দ্ধে বা কেবলে বা তদর্দ্দিতমিতি, নন্ব-
র্দ্দোৎপত্ত্যার্দ্দিতার্দ্ধাঙ্গবাতয়োঃ কো ভেদঃ? উচ্যতে বেগসম্ভবেনার্দ্দিতে কদাচিদ্বেদনা
ভবতি, অর্দ্ধাঙ্গবাতে তু সর্ব্বদৈবেতি ভেদঃ অপর যথোক্ত সর্ব্বলিঙ্গোঽর্দ্দিত তদ্বিপরীত
স্তর্দ্ধাঙ্গবাত ইত্যাহুঃ সুশ্রুতেন তু মুখমাত্র এবার্দ্দিতঃ পঠিতঃ অর্দ্ধশরীরস্যার্দ্ধাঙ্গবাতেন
লক্ষ্যত্বাৎ স এবাত্র মাধবেন লিখিতঃ ২২ তস্যাসাধ্যলক্ষণমাহ ক্ষীণস্যেত্যাদি
অনিমিষাক্ষস্য নিমিষাসমর্থচক্ষুষঃ প্রসক্তাব্যক্তভাষিণ ইতি প্রসক্তং প্রকর্ষেণ লগ্নং অব্যক্তং
অস্ফুটবর্ণপদং ভাষিতুং শীলং যস্য স তথা অন্যে তু প্রসক্তং নিরন্তরমাহুঃ, তত্র চরকে

অকর্ম্মণ্য হইয়া পড়ে ইহাকেই সাধারণে পক্ষাঘাত বলিয়া থাকে আয়ুর্ব্বেদবিদ্-পণ্ডিত
গণ ইহাকে একাঙ্গ রোগ এবং পক্ষবধ বলে এই প্রকার সমস্ত শরীর অসার হইলে
সর্ব্বাঙ্গ রোগ বলে ২১

বাতপিত্ত ও বাতশ্লেষ্মা জনিত পক্ষাঘাতের লক্ষণ।

বাতপিত্তজনিত পক্ষাঘাতে জ্বালা, উষ্ণতা ও মূর্চ্ছা হয় এবং বাত শ্লেষ্মাজনিত পক্ষাঘাতে
শরীরের শীতলতা ও শোথ হইয়া থাকে ॥

পক্ষাঘাতের সাধ্য ও অসাধ্য লক্ষণ।

বাতজনিত পক্ষাঘাত কষ্টসাধ্য বাত-পিত্তজনিত ও বাত-শ্লেষ্মাজনিত পক্ষাঘাত অসাধ্য,
এবং ধাতুক্ষয়জনিত পক্ষাঘাত অসাধ্য। ২২

অর্দ্দিত রোগের কারণ ও লক্ষণ

উচ্চৈঃস্বরে কথা বলা, কঠিন দ্রব্য ভক্ষণ, হাসি, জৃম্ভন (হাই) ভারবহন, অবিধি পূর্ব্বক
শয়ন, এই সকল কারণে বর্দ্ধিত বায়ু মুখে যাতনা প্রদান করিয়া অর্দ্দিত রোগ জন্মায়, এই রোগে
রোগীর মুখের অর্দ্ধাংশ ও গলদেশ বক্র মস্তক কম্পন, বাক্যরোধ এবং চক্ষু, ভ্রু প্রভৃতি

দীনাঞ্চ বৈকৃতং । গ্রীবাচিবুকদন্তানাং, যস্মিন্ পার্শ্বে চ বেদনা । তমর্দ্দিতমিতি প্রাহুর্ব্যাধিং ব্যাধিবিচক্ষণাঃ ।২৩। অথ তস্যাসাধ্যলক্ষণমাহ । ক্ষীণস্যানিমিষাক্ষস্য, প্রসক্তাব্যক্তভাষিণঃ । ন সিদ্ধত্যর্দ্দিতং গাঢ়ং, ত্রিবর্ষং বেপনস্য চ ॥ ২৪ ॥ অথাক্ষেপকাদীনামর্দ্দিতান্তানাং বেগিত্বমাহ । গতে বেগে ভবেৎ স্বাস্থ্যং, সর্ব্বেষাক্ষেপকাদিষু ॥ ২৫ ॥ অথ হনুগ্রহমন্যাস্তম্ভাবাহ । জিহ্বানির্লেখনাচ্ছুষ্ক-ভক্ষণাদভিঘাততঃ । কুপিতো হনুমূলস্থঃ, স্রংসয়িত্বানিলো হনূ ॥ করোতি বিবৃতাস্যত্বমথবা সংবৃতাস্যতাং । হনুগ্রহঃ স তেন স্যাৎ, কৃচ্ছ্রাচ্চর্ব্বণভাষণং ॥ দিবাস্বপ্নাসমস্থান-বিবৃতোর্দ্ধনিরীক্ষণৈঃ । মন্যাস্তম্ভং

সকলা মজ্জতি চাস্য বাগিতি বচনাৎ । ত্রিবর্ষমিতি অতীতবর্ষত্রয়স্য অথবা ত্রয়াণাং মুখনাসা চক্ষুষাং বর্ষণং স্রবণং যত্র তত্তথেত্যাহুঃ ২৩ আক্ষেপকাদীনামর্দ্দি... ...মাহ গত ইত্যাদি । স্বাস্থ্যং পীড়ালাঘবং তাপাপগমনে সুখিত্বব্যপদেশ... ২৪ হনুমূলস্থঃ কপোলমূলস্থঃ হনূ স্রংসয়িত্বা শিথিলীকৃত্বা, বিবৃতাস্যত্বং সংবৃতাস্যত্বঞ্চ বায়োরনিয়তকারিত্বাৎ স এবেতি বাতঃ ॥ ২৫ । জিহ্বাস্তম্ভমাহ বাগ্‌বাহিনীশিরাসংস্থ ইতি বাগ্‌বাহিনী যা শিরা তত্র সংস্থ ইতি যোজ্যং, সমস্তপক্ষে পুংবৎ কর্ম্মধারয়জাতীয়দেশীয়েষ্বিত-

---

বক্র হইয়া থাকে । অপিচ যে পার্শ্বে বক্রতারূপ বিকৃতি জন্মে, সেই পার্শ্বে বেদনা জন্মিয়া থাকে । ২৩ ।

অর্দ্দিতরোগের অসাধ্য লক্ষণ

অর্দ্দিত রোগাক্রান্ত ব্যক্তি যদি অতিশয় দুর্ব্বল হয় এবং স্পষ্টরূপে কথা বলিতে না পারে, চক্ষের নিমেষ (পলক) না থাকে, তাহা হইলে তাহার ঐ অর্দ্দিত রোগ অসাধ্য, এতদ্ভিন্ন অর্দ্দিত রোগ অধিক দিনের অর্থাৎ তিন বৎসরের হইলে অসাধ্য ২৪

আক্ষেপক রোগের লক্ষণ

সমস্ত আক্ষেপক রোগ অর্থাৎ দণ্ডাপতানক ধনুস্তম্ভ (ধনুষ্টঙ্কার), অভিঘাতজনিত আক্ষেপক এবং অর্দ্দিত রোগের প্রবলাবস্থা অধিক সময় থাকে না, যে সময় পর্যন্ত প্রবলাবস্থা থাকে সেই সময়েই রোগী যাতনা ভোগ করে, কিন্তু রোগের প্রবলাবস্থা (বাহ্যলক্ষণ) লোপ পাইলে রোগীর কোন ক্লেশ থাকেনা ২৫

মান্যাস্তম্ভের লক্ষণ

জিহ্বা নির্লেখনে (পরিষ্কার করণে), শুষ্ক দ্রব্য ভক্ষণে, এবং হনুস্থানে কোন প্রকার আঘাত লাগিলে, হনুস্থিত (কপোলের উপরিভাগস্থিত), বায়ু কুপিত (ক্রুদ্ধ) হইয়া মুখ বিস্তার করিয়া অথবা আবৃত করিয়া রাখে । এইরূপ অবস্থাপন্ন ব্যক্তি অতিকষ্টে চর্ব্বণ করিতে ও কথা কহিতে পারে ।

দিবানিদ্রা, অসমান স্থানে উপবেশন ও বিবৃত পার্শ্বের দিকে মুখ ফিরাইয়া ঊর্দ্ধদিকে

প্রকুরুতে, স এব শ্লেষ্মণাবৃতঃ ।২৬ অথ জিহ্বাস্তম্ভমাহ।
বাগ্বাহিনী-শিরা-সংস্থো,জিহ্বাং স্তম্ভয়তেঽনিলঃ জিহ্বাস্তম্ভঃ
স তেনান্ন, পানবাক্যেষনীশতা । ২৭। অথ শিরাগ্রহমাহ।
রক্তমাশ্রিত্য পবনঃ কুর্য্যান্মূর্দ্ধধরাঃ শিরাঃ। রুক্ষাঃ
সবেদনাঃ কৃষ্ণাঃ, সোঽসাধ্যঃ স্যাৎ শিরাগ্রহঃ ॥ ২৮ ॥
অথ গৃধ্রসীমাহ। স্ফিক্‌পূর্ব্বা কটিপৃষ্ঠোরু,জানুজঙ্ঘাপদং
স্তম্ভরুক্। গৃধ্রসী স্তম্ভরুক্ তোদৈর্গৃহ্লাতি স্পন্দতে

ত্বংবস্তাবঃ প্রাপ্তঃ। অন্নপানবাক্যেষনীশতেতি অন্নপানাভ্যবহারবচনেষ্বসামর্থ্যং ॥ ২৬ ॥
গ্রহমাহ রক্তমিত্যাদি মূর্দ্ধধরা ইতি গ্রীবাগতা স্তাসাং রুক্ষত্বং বেদনাবত্ত্বং কৃষ্ণত্বং
সোঽসাধ্য ইতি স্বরূপেণৈব কারণবৎ শিরোগ্রহ ইতিপাঠান্তরেঽপি শিরোধারকশিরা
শিরোবেদনাকারিত্বাৎ শিরোগ্রহ ইতি ব্যপদেশঃ ২৭ লক্ষণন্তু তদেব গৃধ্র-
স্ফিক্‌পূর্ব্বা প্রথমতো গ্রাহ্যা স্তম্ভরুক্‌তোদৈ র্যস্যাঃ সা স্ফিক্‌পূর্ব্বা, ঈশানস্তু
প্রথমা গৃধ্রসী বাতাদিত যোজয়তি এষ চ ব্যাখ্যা স্ফিক্ শব্দস্য নপুংসকত্বেন বা
স্ফিক্ কটীপৃষ্ঠেত্যাদিনা পাঠেন বা উপপদ্যতে নান্যথা স্ফিক্‌পূর্ব্বমিতি পাঠান্তরং
উরুজানুজঙ্ঘাপদমিত্যনেন যোজ্যং। ক্রমাদিতি ন যুগপৎ বাতাদিতি ছেদঃ বাতকফাবদ্ধা গৃধ্রসী
সা উক্তবাতলক্ষণযুক্তা গৌরবাদিযুক্তাপি ভবতি গৃধ্রসীদ্বয়মুক্তং ॥ ২৮ ॥ বিশ্বচীমাহ তল-
মিত্যাদি। তলং হস্তস্যোপরিভাগং,তলশব্দোঽত্র উপরি বচনঃ যথা ভূতলমিতি গয়দাসঃ
তেনায়মর্থঃ বাহ্বোঃ পৃষ্ঠং বাহুপৃষ্ঠং তত আরভ্য হস্ততলং প্রকোষ্ঠাঙ্গুলীনাং যাঃ কণ্ডরা
স্তাঃ সংদূষ্য বাহ্বোঃ কর্ম্মক্ষয়করা যা সা বিশ্বচী। বাহ্বোঃ কর্ম্ম গ্রহণাকুঞ্চনাদি,দ্বিত্বমাত্র যথা
তন্ত্রবপরং, তেনৈকবাহাবপি ভবতি বাতরক্তবৎ বিশ্বচী চেতি চকারেণ গৃধ্রসীবিশ্বচ্যোঃ
খল্লীসংজ্ঞাং দর্শয়তি, তযোরপি করমূলাবমোটনকারিত্বাৎ যদুক্তং হারীতে গৃধ্রসী
বিশ্বচী চোক্তা খল্লী তীব্রুরুজান্বিতা ইতি গয়দাসঃ চক্রস্ত্বাহ চরকে খল্লী তু পাদজঙ্ঘোরু-
করমূলাবমোটনীত নেন বিশ্বচ্যাঃ পৃথগেব খল্লী পঠিত সুশ্রুতেন তু খল্লী ন পঠিতৈব নহি
তেন তন্ত্রান্তরোক্ত সর্ব্ববিকারাঃ পঠ্যন্তে চরকোক্ত পরস্পর বাতাবরণলক্ষণমেব ন পঠিতং
হারীতেন তু তীব্রুরুজাযোগাৎ গৃধ্রসী বিশ্বচ্যোঃ খল্লীত্বং পঠিতং ভবতি ইহ ধর্ম্মান্তরযোগাৎ

দর্শন) দ্বারা কুপিত বায়ু, শ্লেষ্মার সহিত মিশ্রিত হইয়া মন্যা (গলদেশের পশ্চাৎভাগস্থিত শিরাদ্বয়) স্তম্ভিত করে ২৬

জিহ্বাস্তম্ভের লক্ষণ

বায়ু, শব্দবাহী শিরা সমুদয়কে বদ্ধ করিয়া, জিহ্বাকে স্তম্ভিত করে বলিয়া ইহার নাম জিহ্বাস্তম্ভ। এই রোগাক্রান্ত ব্যক্তি ভোজন ও পান করিতে অসমর্থ হয় ॥ ২৭ ।

শিরাগ্রহের লক্ষণ

বায়ু, রক্তের সহিত মিলিত হইয়া গলদেশস্থিত শিরা সমূহকে রুক্ষ, বেদনাযুক্ত ও কৃষ্ণবর্ণ করে বলিয়া ইহার নাম শিরাগ্রহ। এই রোগ অসাধ্য ২৮ ।

গৃধ্রসী রোগের লক্ষণ।

যে রোগে ক্রমান্বয়ে কটি, পৃষ্ঠ, জানু, জঙ্ঘা ও পাদদেশে বেদনা ও স্তব্ধতা (জড়তা) জন্মে,

মুহুঃ। বাতাদ্বাত-কফাত্তন্দ্রা,গৌরবারোচকান্বিতা॥ ২৯॥
অথ বিশ্বচীমাহ। তলং প্রত্যঙ্গুলীনাং যাঃ, কণ্ডরা বাহু-
পৃষ্ঠতঃ। বাহ্বোঃ কর্ম্মক্ষয়করী,বিশ্বচী চেতি সোচ্যতে ৩০।
অথ ক্রোষ্টুকশীর্ষমাহ। বাতশোণিতজঃ শোথে, জানু-
মধ্যে মহারুজঃ। জ্ঞেয়ঃ ক্রোষ্টুকশীর্ষস্তু, স্থূলঃ ক্রোষ্টুক
শীর্ষবৎ। ৩১ অথ খঞ্জং পঙ্গুঞ্চাহ। বায়ুঃ কট্যা-
শ্রিতঃ সক্থ্নঃ, কণ্ডরামাক্ষিপেদ্যদা। খঞ্জস্তদা ভবেদ্যন্তুঃ,
পঙ্গুঃ সক্থ্নোর্দ্বয়োর্বধাৎ। ৩২। অথ কলায়খঞ্জ-
মাহ প্রক্রামন্ বেপতে যস্তু, খঞ্জন্নিব চ গচ্ছতি। কলা-
য়খঞ্জং তং বিদ্যাৎ, মুক্তসন্ধিপ্রবন্ধনং ৩৩ অথবাত-

কস্যচিদ্বিকারস্য রোগান্তরত্বং যথা অষ্ঠিলা প্রত্যষ্ঠিলা অশ্মর্য্যেব শর্করা পাণ্ডুরোগ এবং কামলেত্যাদি। ৩০ ক্রোষ্টুশীর্ষমাহ বাতেত্যাদি বাতশোণিত ইতি বাতরক্তাখ্য বিকারজঃ চিকিৎসাভেদার্থং পৃথক্ পঠিত ইতি গয়দাসঃ বাতশোণিতাভ্যাং জাত ইতি জেজ্জটঃ দৃশ্যতে হ্যয়ং বাতরক্তব্যতিরেকেণাপি জানুদেশনিয়তত্বেন বিশিষ্টলক্ষণত্বেন চ ইতরবাতরক্তশোথাদ্ভেদ ইতি ক্রোষ্টুশীর্ষবৎ শৃগালমস্তকবৎ স্থূলঃ ৩১। ঊর্দ্ধঃ সক্থ্নঃ সর্ব্ব-জঙ্ঘায়াঃ কণ্ডরাং মহাস্নায়ুমাক্ষিপেৎ ঈষৎ ক্ষিপেৎ কিঞ্চিৎ গতিমদ্ভবেদিতি গয়দাসঃ। সকথ্নো-রিতি দ্বিবচনেনৈব দ্বিত্বে লব্ধে দ্বয়োরিতি পদেন নিয়মশক্তি সক্থিদ্বয়স্যৈব বধাৎ পঙ্গুঃ এক সক্থি বধাৎ খঞ্জ ইতি বধশ্চাত্র গমনাদিক্রিয়ানাশঃ ৩২ খঞ্জবিশেষম্ হ প্রক্রামন্নিত্যাদি। প্রক্রামন্নিতি গমনমারভমাণো বেপতে প্রশব্দোহয়মাদি কর্ম্মণি খঞ্জন্নিব গতিং বিকলয়ন্নিব গচ্ছতি, গমনারম্ভে বেপনেন খঞ্জাদস্য ভেদঃ মুক্তেত্যাদি মুক্ত সন্ধিপ্রবন্ধনমিতি শিথিলীকৃত সন্ধিবন্ধনমিত্যাহুঃ কলায়খঞ্জ ইতি শাস্ত্রে কৃতা সংজ্ঞা ৩৩ বাতকণ্টকমাহ। রুক্পাদে

এবং পরে পুনঃ পুনঃ কম্পিত হয়, তাহার নাম গৃধ্রসী। এই গৃধ্রসী রোগ বায়ুকর্তৃক উৎপন্ন হয়। এবং ইহাতে বায়ু ও কফজনিত তন্দ্রা গুরুতা ও অরুচি হইয়া থাকে ২৯॥

বিশ্বচীর লক্ষণ

যে কণ্ডরা বাহুপৃষ্ঠ হইতে হস্তের উপর দিয়া আসিয়া অঙ্গুলী প্রান্তে শেষ হইয়াছে, যে রোগে সেই কণ্ডরা দূষিত হইয়া হস্তের কার্য্য (আকুঞ্চন প্রসারণাদি) লোপ হয়; সেই রোগের নাম বিশ্বচী ৩০

ক্রোষ্টুকশীর্ষের ব্যুৎপত্তিগত অর্থ ও লক্ষণ

বায়ু ও শোণিত দ্বারা জানুর (ঊরু ও জঙ্ঘাসন্ধির) মধ্যে যে অত্যন্ত ব্যথাযুক্ত শোথ হয়, সেই শোথ ক্রোষ্টুকের (শৃগালের) মস্তকের ন্যায় বড় হয় বলিয়া, উহাকে ক্রোষ্টুকশীর্ষ বলিয়া থাকে।। ৩১।

খঞ্জ ও পঙ্গুর লক্ষণ

যে রোগে কটীস্থিত বায়ু কোন এক জঙ্ঘার কণ্ডরা আকর্ষণ করিয়া জঙ্ঘার শক্তি লোপ করে, সেই রোগের নাম খঞ্জ আর যে রোগে জঙ্ঘাদ্বয়ের শক্তি লোপ হয়,তাহাকে পঙ্গুরোগ বলে ৩২।

কলায়খঞ্জের লক্ষণ।

কলায়খঞ্জরোগে রোগী গমন করিবার সময় কম্পিত হইয়া বিকলভাবে গমন করে, এবং উহার পদের সন্ধিবন্ধন শিথিল হইয়া যায় বলিয়া সেই রোগের নাম কলায়খঞ্জ। ৩৩

কণ্টকমাহ । রুক্ পাদে বিষমন্যস্তে, শ্রমাদ্বা জায়তে যদা বাতেন গুল্ফমাশ্রিত্য, তমাহু র্বাতকণ্টকং ॥ ৩৪ । অথ পাদদাহমাহ । পাদয়োঃ কুরুতে দাহং, পিত্তাসৃক্ সহিতোঽনিলঃ । বিশেষতশ্চংক্রমতঃ, পাদদাহং তমাদিশেৎ ॥ ৩৫ । অথ পাদহর্ষমাহ । হৃষ্যেতে চরণৌ যস্য, ভবেতাঞ্চাপি সুপ্তকৌ । পাদহর্ষঃ সবিজ্ঞেয়ঃ, কফবাতপ্রকোপতঃ ॥ ৩৬ ॥ অথাংশশোষাববাহুক মাহ । অংশদেশস্থিতো বায়ুঃ, শোষয়েদংশবন্ধনং । শিরাশ্চাকুঞ্চ্য তত্রস্থো, জনয়েদববাহুকং ॥ ৩৭ ॥ অথ মূকাদীনাহ । আ-

---

ইত্যাদি । বিষমপাদন্যাস-কুপিতঃ শ্রমকুপিতো বা বায়ুর্গুল্ফে বেদনাং জনয়ন্ বাতকণ্টকমিত্যাহুঃ, অযমেবান্যত্র খড়্বাত ইত্যুক্তঃ ॥ ৩৪ ॥ বিশেষতশ্চংক্রমত ইত্যনেনাস্থিতস্য মন্দো দাহ ইতি দর্শয়তি বৈবর্ণ দেরক্তাবাদ্বাতবক্তাদস্য ভেদঃ ৩৫ হৃষ্যেতে হর্ষযুক্তৌ ভবতঃ, হর্ষশ্চ রোমাঞ্চপ্রায়ঃ অন্তঃশীতো ঝিনিঝিনিবৎ বেদনাবিশেষ ইত্যাহুঃ ঝিনিঝিনি তু ন চিরানুবন্ধিনী কেবলবাতজেতি ভেদঃ ৩৬ অংশ ইতি শ্লোকার্দ্ধেনাংশশোষঃ কেবলবাতজ উচ্যতে । অংশবন্ধকারকঃ শ্লেষ্মা অংশবন্ধনঃ এতদনন্তরং অংশশোষং জনয়েদিতি শেষ রিতি কার্ত্তিকঃ । শিরাশ্চেত্যাদিনা অববাহুকঃ তত্রস্থোঽংশস্থঃ অয়ঞ্চ কফবাতজঃ অন্যে তু মিলিত্বা অববাহুকলক্ষণমাহুঃ, তন্ন যতঃ সুশ্রুতেনোক্তং অংশশোষাববাহুকয়ো র্বাতমধ্যে শিরাব্যধ ইতি এতদনন্তরং সুশ্রুতেন বাধির্য্যং পঠিতং, যদা শব্দবহং বায়ুরিত্যাদিনা মাধবেন তু প্রকরণান্তরোধং মন্যমানেন কর্ণরোগ এব এতৎ পঠিতং, কিন্তু সুশ্রুতেন বাতব্যাধৌ বাধির্য্যং পঠিত্বা বাধির্য্যকর্ণশূলৌ শালাক্যেঽপি পঠিতৌ, পুনরুক্তমিতি চেৎ নৈবং সংপ্রাপ্তিভেদভিন্নত্বাৎ বাতব্যাধৌ শব্দবহমিত্যনেন কর্ণশষ্কুলাবচ্ছিন্ন নভোদেশ উক্তঃ শালাক্যে চ শব্দবহাঃ শিরা ইত্যুক্তং মাধবেন তু কর্ণরোগে শব্দাশ্রবণত্ববিশেষাদেতদেব তত্রপঠিত মিত্য বিরোধঃ ৩৭ আবৃতোত্যাদি অক্রিয়কান্ অচেতনক্রিযকানিতি নঞ্ অযমভাবে

বাতকণ্টক রোগের লক্ষণ

অবিধিপূর্ব্বক পাদস্থাপনে অথবা পথশ্রমে কুপিত (ক্রুদ্ধ) বায়ু গুল্ফস্থানে (গোড়ালিতে) বেদনা জন্মায়, ঐ বেদনাবিশিষ্ট রোগের নাম বাতকণ্টক । ৩৪ ॥

পাদদাহরোগের লক্ষণ

পাদদাহরোগে বায়ু, পিত্ত ও রক্তের সহিত মিলিত হইয়া পাদে জ্বালা উৎপাদন করে, এবং চলিয়া বেড়াইলে ঐ জ্বালা কিছু কম পড়িয়া থাকে ৩৫ ॥

পাদহর্ষ রোগের লক্ষণ

পাদহর্ষ রোগে বায়ু ■ শ্লেষ্মা দূষিত হইয়া পাদদ্বয়কে অসাড় করে অর্থাৎ পাদে স্পর্শ করিলে রোগী জানিতে পারে না এবং নখ দিয়া চিমটি কাটিলেও বেদনাপ্রাপ্ত হয় না পরন্তু রোমাঞ্চ হওয়ার সময়ে শরীরের যেরূপ অবস্থা হয়, পাদে ঠিক সেইরূপ হইয়া থাকে । ৩৬ ॥

অংশশোষ ও অববাহুক রোগের লক্ষণ

যে রোগে বায়ু স্কন্ধস্থিত শ্লেষ্মা শুষ্ক করে, সেই রোগের নাম অংশশোষ আর যে রোগে স্কন্ধস্থিত বায়ু, স্কন্ধদেশের শিরা সকল সঙ্কোচিত করে, তাহার নাম অববাহুক । ৩৭ ॥

বৃত্য বায়ুঃ সকফো, ধমনীঃ শব্দবাহিনীঃ। নরান্ করো- ত্যক্রিয়কান্, মূকমিন্মিনগদ্গদান্ ॥ ৩৮ ॥ অথ তূনীমাহ। অধো যা বেদনা যাতি, বর্চোমূত্রাশয়োত্থিতা। ভিন্দন্তীব গুদোপস্থং, সা তূনী নাম নামতঃ ॥ ৩৯ । অথ প্রতিতূনী- মাহ। গুদোপস্থোত্থিতা যা তু, প্রতিলোমং প্রধাবিতা। বেগৈঃ পক্বাশয়ং যাতি, প্রতিতূণীতি সোচ্যতে ৪০ ॥ অথাধ্মানপ্রত্যাধ্মান আহ। সাটোপমত্যুগ্ররুজ, মাধ্মাত- মুদরং ভৃশং। আধ্মানমিতি তং বিদ্যা, দ্ঘোরং বাতনিরো- ধজং। বিমুক্তপার্শ্বহৃদয়ং,তদেবামাশয়োত্থিতং। প্রত্যাধ্মা- নং বিজানীয়াৎ,কফব্যাকুলিতানিলং॥ ৪১ ॥ অথ বাতা-

---

ষ্ঠযদর্থে চ আদ্যো। মূকোঽবচনঃ মিন্মিনঃ সানুনাসিকসর্ব্ববচনঃ গদ্গদো লুপ্ত ব্যঞ্জনা- ভিধায়ী এষাং সমানকারণাভিধানেঽপি দুষ্টৈকৎকর্ষ দিভিরদৃষ্টবশাদ্বা ভেদ ইত্যুয়েয়ং। ৩৮ ॥ অধ ইতি গুদোপস্থং বেদনা শূলং বর্চো মূত্রাশয়োত্থিতা পক্বাশয়মূত্রাশয়োত্থিতা পক্বাশয় মূত্রপুটয়ো র্বাত্তসমগুয়ো র্জাতা। উপস্থং স্ত্রীপুংসয়ো গুহ্যং নামতঃ প্রসিদ্ধিতঃ। ৩৯ ॥ প্রতিলোমমিত্যাদি ঊর্দ্ধং বেগৈ র্বাতক্রতোৎসাহৈঃ সেত্যনেন ভিন্দন্তীবেত্যতিদিশ্যতে ৪০ ॥ সাটোপমিতি। আটোপশ্চলচলমিতি গয়দাসঃ গুড়্গুড়াশব্দ ইতি কার্ত্তিকঃ আধ্মাতং বাতপূর্ণচর্ম্মপুটকস্থানীয়ং উদরমিতি পক্বাশয়ঃ, প্রত্যাধ্মানস্যামাশয়সম্ভবত্বাৎ ঘোরমিতি কষ্টপ্রদং আমাশয়সমুথত্বেন প্রত্যাসত্ত্যা পার্শ্বহৃদয়য়োরপি বেদনাশঙ্কানিরাসার্থমাহ বিমুক্তপার্শ্বহৃদয়মিতি তদেবেত্যনেন সাটোপাদিত্বমপি দর্শয়তি। কফব্যাকুলিতানিলং কফা- বৃতবাতং। ৪১ অষ্ঠীলা উত্তরপথে বর্ত্তুলো পাষাণবিশেষ ইতি জেজ্জড়মতানুসারী

মূকত্ব মিন্মিনত্ব ও গদ্গদত্বের লক্ষণ।

বায়ু কফের সহিত মিলিত হইয়া মূকত্ব (বাকশক্তি হীনত্ব), মিন্মিনত্ব (সানুনাসিক বচনত্ব) ও গদ্গদত্ব (অস্পষ্ট বচনত্ব) জন্মায়। ৩৮

তূনী রোগের লক্ষণ

যে রোগে মূত্রাশয় অথবা পক্বাশয় হইতে বেদনা উৎপন্ন হইয়া অত্যন্ত প্রবলরূপে মলদ্বারে অথবা উপস্থে (লিঙ্গনাল ও যোনিতে) প্রবেশ করে, সেই রোগের নাম তূনী। ৩৯।

প্রতিতূনীর লক্ষণ।

যে রোগে মলদ্বার অথবা উপস্থ (লিঙ্গনাল ও যোনি) হইতে বেদনা উৎপন্ন হইয়া অত্যন্ত প্রবলরূপে পক্বাশয়ে প্রবেশ করে, সেই রোগের নাম প্রতিতূনী। ৪০।

আধ্মানের লক্ষণ

আধ্মানরোগে, বায়ুদ্বারা পক্বাশয় অত্যন্ত স্ফিত হয় এবং পক্বাশয়ে গুড়্গুড়া শব্দ ও অত্যন্ত বেদনা হইয়া থাকে।

প্রত্যাধ্মানের লক্ষণ।

প্রত্যাধ্মানরোগে, বায়ু ও কফদ্বারা আমাশয় স্ফিত হয় এবং আমাশয়ে গুড়্গুড়া শব্দ ও বেদনা হইয়া থাকে। ৪১।

ষ্ঠীলাপ্রত্যষ্ঠীল আহ। নাভেরধস্তাৎ সংজাতঃ, সঞ্চারী যদি বাচলঃ। অষ্ঠীলাবদ্ঘনোগ্রন্থি, রূর্দ্ধমায়াত উন্নতঃ॥ বাতাষ্ঠীলাং বিজানীয়াৎ, বহির্মার্গাবরোধিনীং। এতামেব রুজোপেতাং, বাতবিণ্মূত্ররোধিনীং। প্রত্যষ্ঠীলামিতি বদে, জ্জঠরে তির্য্যগুত্থিতাং। ৪২। অথাষ্ঠীলাব্যতিরিক্তা-মপি বাতবিকৃতিং মূত্রবিরোধিনীমাহ। মারুতেঽবিগুণে বস্তৌ, মূত্রং সম্যক্ প্রবর্ত্ততে। বিকারা বিবিধাশ্চাত্র, প্রতিলোমে ভবন্তি চ ৪৩॥ অথ বেপথুং খল্লীঞ্চাহ। সর্ব্বাঙ্গকম্পঃ শিরসো, বায়ুর্বেপথুসংজ্ঞকঃ॥ খল্লী তু পাদজঙ্ঘোরু, করমূলাবমোটিনী॥ ৪৪। অনুক্ত বাতাধিকা-রসংগ্রহার্থমাহ। স্থাননামানুরূপৈশ্চ, লিঙ্গৈঃ শেষান্ বিনির্দ্দিশেৎ ।৪৫॥ অথ দোষাণাং প্রধানাপ্রধানকম্পান

কার্ত্তিকঃ কর্ম্মকারাণাং বর্ত্তুলা দীর্ঘা লৌহভাণ্ডিরিতি গয়দাসঃ ঊর্দ্ধমায়াত উপরিদীর্ঘঃ উন্নতঃ তির্য্যগুন্নতঃ বাতকৃতাষ্ঠীলা বাতাষ্ঠীলেতি স্বরূপপরং ব্যাবৃত্ত্যভাবাৎ বহির্মার্গাবরোধিনীং বাতমূত্রপুরীষাবরোধিনীং সৈব জঠরে তির্য্যগুত্থিতা তির্য্যগায়তা প্রত্যষ্ঠীলেতি ভেদঃ। বাতং বিণ্মূত্ররোধিনীমিতি বিশেষপরং॥ ৪২ অষ্ঠীলা ব্যতিরিক্তামপি বাতবিকৃতিং মূত্রবিরোধিনীমাহ মারুত ইত্যাদি অবিগুণেঽনুলোমে প্রতিলোমে মারুত ইতি সম্বন্ধঃ বিকারা অশ্মরীমূত্রকৃচ্ছ্রাদয়ঃ ৪৩ ॥ বেপথুবাতবিকারমাহ সর্ব্বেত্যাদি শিরসঃ কম্পা ইতি সম্বন্ধঃ শিরস ইত্যবয়বোপলক্ষণং তেন হস্তাদেরপি কম্পো বেপথুরিত্যর্থঃ খল্লী-শিরামোড ইতি লোকে। [illegible] ॥ অনুক্তবাতাধিকারসংগ্রহার্থমাহ স্থান ইত্যাদি

বাতাষ্ঠীলা ও প্রত্যষ্ঠীলা রোগের লক্ষণ

বাতাষ্ঠীলারোগে বায়ু কর্ত্তৃক নাভির নীচে, গতিশীল অথবা স্থির গোলাকার একটী গ্রন্থি (গাঁইট) জন্মে, এবং মল ও মূত্র রোধ হয় পূর্ব্বোক্ত গ্রন্থি যদি জঠরে (নাভির উপরে) হয় এবং বেদনা থাকে ও মল মূত্র বদ্ধ হয়, তাহা হইলে উহাকে প্রত্যষ্ঠীলা বলে ॥ ৪২ ॥

মূত্রাশয়স্থ দূষিত বায়ুর কার্য্য

মূত্রাশয়স্থিতবায়ু দূষিত না হইলে, স্বাভাবিক রূপে প্রস্রাব হইয়া থাকে, কিন্তু দূষিত হইলে নানাপ্রকার (অশ্মরী মূত্রকৃচ্ছ্র প্রভৃতি) রোগ উৎপন্ন হয় । ৪৩ ॥

বেপথু ও খল্লীর লক্ষণ।

যাহাতে সমস্ত শরীর কম্পিত হয় তাহার নাম বেপথু এবং যাহাতে পাদ, জঙ্ঘা, উরু ও করমূলের (হাতের কব্জি) অবমোটন (মোচ্ড়ান) জন্মে, তাহাকে খল্লী বলে । ৪৪ ॥

অনুক্ত বাতরোগ নির্ণয়ের নিয়ম

যে সকল বাতরোগ পূর্ব্বে বর্ণিত হইয়াছে, তদ্ভিন্ন আরও অনেক প্রকার বাত রোগ আছে, সেই সকলের নাম নির্ণয় করিতে হইলে, স্থান ও রূপানুসারে নাম করিয়া লইতে হইবে। যেমন কুক্ষিতে শূল হইলে কুক্ষিশূল (পেটব্যথা), নখে ভেদ হইলে নখভেদ (নখে বিদারণের ন্যায় ব্যথা) ইত্যাদি ॥ ৪৫ ॥

মাহ । সর্ব্বেষ্বেতেষু সংসর্গং,পিত্তাদ্যৈরুপলক্ষয়েৎ ॥ ৪৬ ॥
অথ সাধ্যলক্ষণমাহ । হনুস্তম্ভার্দ্দিতাক্ষেপ, পক্ষাঘা-
তাপতানকাঃ । কালেন মহতাঢ্যানাং, যত্নাৎ সিদ্ধ্যন্তি
বা নবাঃ । নবান্ বলবতস্ত্বেতান্, সাধয়েন্নিরুপদ্র-
বান্ । ৪৭ অথ বাতোপদ্রব মাহ । বিসর্পদাহরু-
ক্সঙ্গ, মূর্চ্ছারুচ্যগ্নিমার্দ্দবৈঃ । ক্ষীণমাংসবলং বাতা,
ঘ্নন্তি পক্ষবধাদয়ঃ । শূনং সুপ্তত্বচং ভগ্নং, কম্পাধ্মাননিপী
ড়িতং। রুজার্ত্তিমন্তঞ্চ নরং, বাতব্যাধির্বিনাশয়েৎ ৪৮ ॥
অথ প্রকৃতিস্থবায়োর্লিঙ্গং কার্য্যঞ্চাহ । অব্যাহতগতির্যস্য,
স্থানস্থঃ প্রকৃতিস্থিতঃ । বায়ুঃ স্যাৎ সোঽধিকং জীবে, দ্বী-
তরোগঃ সমাঃ শতং । ৪৯

ইতি বাতব্যাধি নিদানম্ ।

স্থানরূপে যথা কুক্ষিশূলং, নখভেদ ইত্যাদি নামান্তররূপে যথা শূল ইত্যুক্তে কীলনিখাতবৎ বেদনাবিশেষ এবোচ্যতে তথা ভেদতোদাদিভিরপি পীড়া এব গম্যতে॥ ৪৫ । বাতোপদ্রবমাহ বিসর্পেত্যাদি । বাতা ইতি বাতবিকারাঃ, কার্য্যকারণয়োরভেদাৎ । বাতাদিতি পাঠে বাতাৎ পক্ষবধাদয় ইতি যোজ্যং শূনং সশোথং সুপ্তত্বচং স্পর্শানভিজ্ঞত্বগিন্দ্রিয়ং ॥৪৮॥ ইদানীং পঞ্চবিধস্যাপি প্রকৃতিস্থস্য বায়োর্লিঙ্গং কার্য্যঞ্চাহ অব্যাহতেত্যাদি যস্যেতি পুরুষস্য অব্যাহতগতিরনবরুদ্ধমার্গঃ, স্থানস্থঃ স্বস্থানব্যবস্থিতঃ, প্রকৃতিস্থিতোঽনতিবৃদ্ধঃ,এতদ্বিশেষণত্রয়ং হেতুমদ্ভাবেন যোজ্যং বীতরোগো নীরোগঃ কফপিত্তদুষ্টেরপি প্রেরকবাতেনান্তরীয়কত্বাৎ, অধিকং সমাঃ শতং পঞ্চদিনাধিক বিংশতি বর্ষশতং যদাহ বরাহঃ আয়ুর্নিরূপণে সমাঃ ষষ্টির্দ্বিঘ্না মনুজকরিণাং পঞ্চ চ নিশা ইত্যাদি ৪৯

ইতি ব্যাখ্যামধুকোষ বাতব্যাধি নিদানং

দোষের প্রাধান্য প্রধান কল্পন

এই অধিকারে বাতজনিত যতগুলি রোগ বর্ণিত হইল, সেই সমস্ত রোগেই পিত্ত ও কফের সংস্রব আছে, কিন্তু ঐ সকল রোগে বায়ু প্রধান কারণরূপে এবং পিত্ত ও কফ অপ্রধানরূপে অবস্থিত আছে ॥ ৪৬ ॥

সাধ্য লক্ষণ

হনুস্তম্ভ, অর্দ্দিত, আক্ষেপক, পক্ষাঘাত ও অপতানক এই সকল রোগ অল্পদিনের ও ধনী ব্যক্তির হইলে, অনেক সময়ে এবং অতি যত্নে দূরীভূত হইয়া থাকে পরন্তু অল্পদিনজাত ও উপদ্রবরহিত হনুস্তম্ভ, অর্দ্দিত প্রভৃতি বাতরোগ বলবান্ ব্যক্তির হইলে, চিকিৎসা দ্বারা শান্তি হয় ॥ ৪৭ ।

অসাধ্য লক্ষণ ।

বিসর্প, দাহ, বেদনা, মলমূত্র রোধ, মূর্চ্ছা, অরুচি ও মন্দাগ্নি এই সকল উপদ্রবযুক্ত বাত রোগ, কৃশ ও দুর্ব্বল ব্যক্তিকে বিনাশ করে বাতরোগীর শোথ, স্পর্শ জ্ঞানহীনতা, কম্প, আধ্মান (পেটফাপা), বেদনা এবং কোন স্থান ভগ্ন থাকিলে ঐ রোগ অসাধ্য ॥ ৪৮ ॥

প্রকৃতিস্থ বায়ুর কার্য্য

যাহার শরীরস্থিত বায়ু দূষিত হয় নাই, যথাস্থানে অবস্থিত আছে এবং গতি রোধ হয় নাই. সেই ব্যক্তি নিরোগী হইয়া একশত বৎসর জীবিত থাকিবে ॥ ৪৯ ॥

বাতব্যাধি সমাপ্ত

অথ বাতরক্তনিদানং।

অথ বাতরক্তনিদানমাহ। লবণাম্লকটুক্ষার, স্নিগ্ধোষ্ণাজীর্ণ-ভোজনৈঃ। ক্লিন্নশুষ্কাম্বুজানূপ, মাংসপিণ্যাকমূলকৈ। কুলত্থমাসনিষ্পাব, শাকাদিপললেক্ষুভিঃ। দধ্যারনালসৌবীর,-শুক্তভক্রসুরাসবৈঃ। বিরুদ্ধাধ্যশনক্রোধ, দিবাস্বপ্নপ্রজাগরৈঃ প্রায়শঃ সুকুমারাণাং, মিথ্যাহারবিহারিণাং। স্থূলানাং সুখিনাঞ্চাপি কুপ্যতে বাতশোণিতং। ১। অথ তস্য সংপ্রাপ্তি মাহ। হস্ত্যশ্বোষ্ট্রৈর্গচ্ছতশ্চাশ্নতশ্চ, বিদাহ্যন্নং স বিদাহোঽশনস্য। কৃৎস্নং রক্তং বিদহত্যাশু তচ্চ,

---

বাতব্যাধিবিশেষত্বাদনন্তরং বাতরক্তমাহ নন্‌ সুশ্রুতে বাতরোগাধ্যায় এব বাতরক্তং পঠিতং তৎ কুতোঽত্র সংগ্রহে পৃথক্ পাঠঃ? উচ্যতে যত পি বাতরোগত্বে নিদানবৈশিষ্ট্যৎ বিশিষ্টদোষদূষ্যখ্যাপনার্থং হস্ত্যাদিদেশে এব সংপ্রাপ্তিকথনার্থং ক্রিয়াবিশেষখ্যাপনার্থঞ্চ পৃথক্ করণং অতএব চরকে বাতব্যাধ্যনন্তরং পৃথগ্বাতরক্তাধিকারঃ। নন্‌ রুজস্তীব্রাঃ সসন্তাপা ইত্যাদিনা রক্তগতস্য বাতস্য লক্ষণং বাতব্যাধাবেবোক্তং ততশ্চ বাতরক্তাভিধানং পুনরুক্তং স্যাৎ, নৈবং বাতরক্তং হি দুষ্টেন বাতেন রক্তেন চ বিশিষ্টসংপ্রাপ্তিকং বিকারান্তরমেব উক্তং হি চরকে বায়ুঃ প্রবৃদ্ধো বৃদ্ধেন রক্তেনাবরিতঃ পথি ক্রুদ্ধঃ সংদূষয়েদ্রক্তং তজ্জ্ঞেয়ং বাত-শোণিতমিতি রক্তগতবাতে তু বাত এব দুষ্টো রক্তমদুষ্টমেব গচ্ছতীতি ভেদঃ লবণাম্লেত্যাদি ক্লিন্নশুষ্কশব্দো মাংসেন সম্বধ্যতে পিণ্যাক স্তিলকল্কঃ নিষ্পাবঃ শিম্বিঃ পললং মাংসং প্রায়শ ইত্যাদি। সুকুমারা মৃদুদেহাবয়বা স্তেষামচেষ্টত্বাৎ লবণাদিভিঃ রক্তং কটু প্রজাগরা-দিভিশ্চ বাতঃ কুপ্যতীতীশানঃ। ১। সংপ্রাপ্তিমাহ হস্ত্যশ্বেত্যাদি। হস্ত্যাদিগমনং বাতবৃদ্ধৌ বিশেষেণ রক্তস্য দ্রবস্যাধোগমনেঽপি হেতুঃ বিদাহ্যন্নঞ্চ শোণিতবৃদ্ধৌ, হস্ত্যাদিগমনং বিশেষণপদেনাপি গমনং হেতুরেব তদ্রক্তং সংপৃক্তং বায়ুনা দূষিতেন স্বহেতুবৃদ্ধেন তৎপ্রাব-

---

বাতরক্ত রোগের কারণ

লবণ, অম্ল, কটু (ঝাল), ক্ষার, স্নিগ্ধ, উষ্ণ ও অজীর্ণ দ্রব্য, ক্লেদযুক্ত বা শুষ্ক জলজ প্রাণীর মাংস এবং সজলভূমিজাত প্রাণীর মাংস, তিলকল্ক মূলক কুল্‌থিকলাই, মাষকলাই, শিম, শাক, ইক্ষু, সাধারণ মাংস, দধি, কাঁজী, সৌবীর (কাঁজী বিশেষ), শুক্ত তক্র (ঘোল), সুরা, আসব (সুরাবিশেষ), বিরুদ্ধ দ্রব্য (সংযোগ, দেশ, কাল মাত্রাপ্রভৃতি দ্বারা অহিতজনক দ্রব্য), এই সকল দ্রব্য ভোজনে এবং ভুক্তবস্তু পাক না পাইতে পাইতে পুনর্ব্বার ভোজন, ক্রোধ, দিবানিদ্রা, রাত্রিজাগরণ প্রভৃতি কারণে কোমল ও স্থূলকায় সুখী ব্যক্তি দিগের বায়ু ও রক্ত দূষিত হইয়া থাকে ১।

বাতরক্ত রোগের উৎপত্তি।

হস্তী, অশ্ব ও উষ্ট্রে গমনকারী ব্যক্তির এবং বিদাহী (বিদগ্ধপাকী) দ্রব্য ভোজন-কারীর

দুষ্টং অস্তং পাদয়োশ্চীয়তে তু। তৎসংপৃক্তং বায়ুনা দূষিতেন, তৎপ্রাবল্যাদুচ্যতে বাতরক্তং। ২। অথ তস্য পূর্ব্বরূপ মাহ। স্বেদোঽত্যর্থং ন বা কার্ষ্যং স্পর্শাজ্ঞত্বং ক্ষতেঽতিরুক্। সন্ধিশৈথিল্যমালস্যং, সদনং পীড়কোদ্গমঃ জানুজঙ্ঘোরুকট্যংশ. হস্তপাদাঙ্গসন্ধিষু। নিস্তোদঃ স্ফুরণং ভেদো, গুরুত্বং সুপ্তিরেব চ। কণ্ডূঃ সন্ধিষু রুগ্‌ভূত্বা, ভূত্বা নশ্যতি চাসকৃৎ। বৈবর্ণ্যং মণ্ডলোৎপত্তি র্বাতাসৃক্ পূর্ব্বলক্ষণং ৩। অথ তস্যদোষান্তরসংসর্গেণ লক্ষণান্যাহ। বাতেঽধিকেঽধিকং তত্র, শূলস্ফুরণভঞ্জনং। শোথস্য রৌক্ষং কৃষ্ণত্বং, শ্যাবতা বৃদ্ধিহানয়ঃ ধমন্যঙ্গুলীসন্ধীনাং, সঙ্কোচোঽঙ্গগ্রহোঽতিরুক্। শীতদ্বেষানুপশয়ৌ, স্তম্ভবেপথুসুপ্তয়ঃ। রক্তে শোথোঽতিরুক্ তোদ,

---

ল্যাদিতি ধয়োর্দুষ্টত্বেঽপি বাতস্য প্রাবল্যাৎ দোষত্বেন প্রাধান্যাদ্বাতরক্তস্য ব্যপদেশঃ নতু রক্তবাত ইতি। ২। স্বেদোঽত্যর্থং নবেতি ঘর্ম্মাগমমত্যর্থং সর্ব্বথা ন ভবতি এতচ্চ ব্যাধিমহিম্না কুষ্ঠবৎ ক্ষতেঽতিরুগিতি যদি কারণান্তরাৎ ক্ষতং স্যাৎ তদাতিশয়ং রুজা স্যাৎ তদ্দেশস্য দুষ্টত্বাৎ বাতরক্তস্য দোষান্তরসংসর্গেণ দোষলক্ষণান্যাহ বাতেঽধিক ইত্যাদি বৃদ্ধিহানয় ইতি বাতরক্তলক্ষণানাং রক্ত ইত্যত্রাধিক ইত্যনুবর্ত্তনীয়ং এবং বক্ষ্যমাণ পিত্তাদিষু এতচ্চাত্রস্তক রক্তাদন্যত্রক্তান্তরং বোধ্যং রক্তমপি রক্তান্তরদূষকং যদুক্তং দুষ্টরক্ত-

---

উৎক্লিষ্ট বিদগ্ধ বস্তু, সমস্ত রক্তকে বিদগ্ধ (দূষিত) করে। এবং বায়ু কর্ত্তৃক সেই দূষিতরক্ত পাদে সঞ্চিত হইয়া শোথ জন্মায় বাত ও রক্ত উভয়ে মিলিয়া এই রোগটী উৎপাদন করে, তন্মধ্যে বাতের প্রাধান্য থাকে বলিয়া, এই রোগের নাম বাতরক্ত রাখা হইয়াছে ২

বাতরক্তের পূর্ব্বলক্ষণ

বাতরক্ত রোগ জন্মিবার পূর্ব্বে শরীরে ঘর্ম্ম হয় না, কখন ব অতি অল্প ঘর্ম্ম হয়, স্পর্শ জ্ঞান থাকে না, কোন কারণে শরীরে ক্ষত হইলে ক্ষতস্থানে অত্যন্ত বেদনা হয়, সন্ধিস্থান শিথিল, অলসতা, দুর্ব্বলতা, বিবর্ণতা, কৃশতা ও পীড়কা (ফুলকণা) হয় জানু, জঙ্ঘা, উরু, কনুই, স্কন্ধ, হস্ত, পাদ ও সন্ধিস্থানে, সূচী বেধনবৎ বেদনা এবং বিদারণবৎ বেদনা, স্পন্দন, গুরুতা অথবা অসারতা (কোন প্রকার আঘাত করিলে বেদনা বোধ হয় না), কণ্ডু (চুলকান) জন্মে এতদ্ভিন্ন সন্ধিস্থানে পুনঃ২ বেদনা হইয়া পুনঃ২ লোপ পায় এবং শরীরে মুদ্রার ন্যায় ব্রণ হইয়া থাকে। ৩

বাত পিত্ত ও কফজনিত বাতরক্তের লক্ষণ।

বাতাধিক বাতরক্তরোগে অত্যন্ত শরীরকম্পন এবং ভঞ্জনবৎ অত্যন্ত বেদনা, পূর্ব্বোক্ত পাদস্থিত শোথের রুক্ষতা, কৃষ্ণবর্ণতা, শ্যাবতা (কৃষ্ণপীতমিশ্রবর্ণতা), কখন কখন ঐ সমস্ত লক্ষণের কখন কখন ন্যূনতা এবং ধমনী বৃদ্ধি অঙ্গুলী ও সন্ধি সকলের সঙ্কোচন, হস্তপদাদিবেদনা ও শরীরে অত্যন্ত বেদনা, শরীরের জড়তা, কম্প ও অসারতা হইয়া থাকে এবং রোগীর শীতল দ্রব্যে অরুচি জন্মে ও শীতল দ্রব্যে রোগ বৃদ্ধি পায়।

স্তাম্রশ্চিমিচিমায়তে । স্নিগ্ধরুক্ষৈঃ শমং নৈতি, কণ্ডুক্লেদসমন্বিতঃ । পিত্তেবিদাহঃ সম্মোহঃ, স্বেদো মূর্চ্ছামদস্তৃষা । স্পর্শাসহত্বং রুগ্রাগঃ, শোথঃ পাকো ভৃশোষ্মতা কফে স্তৈমিত্যগুরুতা,সুপ্তিস্নিগ্ধত্বশীততাঃ কণ্ডুর্মন্দা চ রুগ্‌দ্বন্দ্ব, সর্ব্বলিঙ্গঞ্চ সঙ্করাৎ । ৪ ।। অথ পাদয়োর্জাতমপ্রতিক্রিয়মাণং দেশান্তরং ব্যাপ্নোতীতি দর্শয়ন্নাহ । পাদয়োর্মূলমাস্থায়,কদাচিদ্ধস্তয়োরপি । আখোর্বিষমিব ক্রুদ্ধং,তদ্দেহমুপসর্পতি ।। ৫ । আজানু স্ফুটিতং যচ্চ প্রভিন্নং প্রস্রুতঞ্চ

লক্ষণে পিত্তবদ্রক্তেনাতিরুক্ষ্ণক্তেতি শমং নৈতি শান্তিং ন যাতি । দ্বন্দ্বসর্ব্বলিঙ্গঞ্চ সঙ্করাদিতি সঙ্করাৎ দ্বিদোষত্রিদোষমেলকাৎ দ্বন্দ্বলিঙ্গং সর্ব্বলিঙ্গঞ্চ ক্রমাদ্বাতরক্তং ভবতি ৪ । পাদয়োর্জাতমপ্রতিক্রিয়মাণং দেশান্তরং ব্যাপ্নোতি পাদবদ্ধস্তয়োরপি ভবতীতি দর্শয়ন্নাহ পাদয়োরিত্যাদি আখোর্বিষমিত্যনেন মন্দবিসর্পতাং দর্শিতবান্ এতদ্বাতরক্তং চরকেণ দ্বিবিধমুক্তং যদাহ উত্তানমথ গম্ভীরং দ্বিবিধং বাতশোণিতং ত্বঙ্মাংসাশ্রয়মুত্তানং গম্ভীরন্ত্বন্তরাশ্রয়ং ইতি সুশ্রুতেন তু কুষ্ঠবদুৎপত্তৌ উত্তানস্যোত্তরকালং গম্ভীরত্বমুক্তমিতি মতভেদ এব । ৫ । আজানু জানুপর্য্যন্তগত সমাপ্য স্ফুটিতাদিকং স্ফুটিতং দলিতত্বক্ প্রভিন্নং বিদীর্ণত্বক্ উপ-

রক্তাধিক বাতরক্তরোগে শোথ, কখন অত্যন্ত বেদনা, কখন সূচী বেধনবৎ বেদনা, কণ্ডু (চুলকান), জড়তা ও শরীর তাম্রবর্ণ হয় ও ঝিন্ ঝিন্ করে এবং স্নিগ্ধ ও রুক্ষ ক্রিয়াতে রোগের শান্তি হয় না

পিত্তাধিক বাতরক্ত রোগে জ্বালা, ঘর্ম্ম, ইন্দ্রিয় মোহ ও মনোমোহ, মত্ততা,তৃষ্ণা, স্পর্শজ্ঞান হীনতা, ও শোথ জন্মে, শোথে বেদনা অত্যন্ত উষ্ণতা ও রক্তবর্ণতা হয় এবং শোথ পাকিয়াও থাকে কফাধিক বাতরক্তে শরীরের গুরুতা অসারতা, স্নিগ্ধতা, শীতলতা, কণ্ডু (চুলকাম) এবং অল্প বেদনা হইয়া থাকে ।

দ্বিদোষ জনিত ও ত্রিদোষ জনিত বাতরক্তরোগের লক্ষণ ।

বাত ■ পিত্তজনিত বাতরক্তরোগে পূর্ব্বোক্ত বায়ুজনিত ও পিত্তজনিত বাতরক্তের লক্ষণ, বায়ু ও কফজনিত বাতরক্তে বায়ু ও কফের লক্ষণ,পিত্ত ও কফজনিত বাতরক্তে পিত্ত ও কফের লক্ষণ এবং ত্রিদোষজনিত বাতরক্তে বায়ু পিত্ত ও কফের লক্ষণ হইয়া থাকে । ৪

বাতরক্তরোগ সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হওয়ার কারণ

যেমন মূষিকের বিষ দংশিত স্থান হইতে ক্রমে ক্রমে সমস্ত শরীর ব্যাপ্ত হয়, সেইরূপ বাতরক্ত রোগ পাদমূল কিম্বা হস্তমূলে উৎপন্ন হইয়া সমস্ত শরীরে ব্যাপ্ত হয় ■ ।

অসাধ্যলক্ষণ

জানু পর্য্যন্ত বাতরক্তরোগাক্রান্ত ব্যক্তির পাদ হইতে জানু পর্য্যন্ত স্থানের চর্ম্ম যদি দলিত কি বিদীর্ণ হয় এবং ঐ বিদীর্ণ স্থান হইতে ক্লেদস্রাব হয় এবং রোগী যদি কৃশ ■ দুর্ব্বল ও উপদ্রবযুক্ত হয়, তাহা হইলে চিকিৎসা দ্বারা রোগের শান্তি হইবে না

যাপ্য লক্ষণ ।

বাতরক্তরোগ এক বৎসরের হইলে এবং পূর্ব্বোক্ত দলিত ■ বিদীর্ণ প্রভৃতি লক্ষণ না হইলে

যৎ। উপদ্রবৈশ্চ যজ্জুষ্টং, প্রাণমাংসক্ষয়াদিভিঃ। বাতরক্তমসাধ্যং স্যাৎ, যাপ্যং সম্বৎসরোত্থিতং ॥ ৬ ॥ অথ তস্যোপদ্রবমাহ। অস্বপ্নারোচকশ্বাস, মাংসকোথশিরোগ্রহাঃ। মূর্চ্ছাতিমদরুক্ তৃষ্ণা, জ্বরমোহপ্রবেপকাঃ॥ হিক্কাপাঙ্গুল্যবীসর্প, পাকতোদভ্রমক্লমাঃ। অঙ্গুলীবক্রতাস্ফোট, দাহমর্ম্মগ্রহার্ব্বুদাঃ। এতৈরুপদ্রবৈর্বর্জ্জ্যং, মোহেনৈকেন বাপি যৎ ॥ ৭ অথ তস্য যাপ্যসাধ্যাদীনাহ। অকৃৎস্নোপদ্রবং যাপ্যং, সাধ্যং স্যান্নিরুপদ্রবং॥ একদোষানুগং সাধ্যং, নবং যাপ্যং দ্বিদোষজং। ত্রিদোষজমসাধ্যং স্যাৎ, যস্য চ স্যুরুপদ্রবাঃ ॥ ৮ ॥

ইতি বাতরক্তনিদানং।

দ্রবৈরিত্যাদৌ আদিশব্দেন বক্ষ্যমাণানামস্বপ্নাদীনাং গ্রহণং। যাপ্যমিতি। সংবৎসরোত্থিতমিত্যনেন সংবৎসরাদর্ব্বাক্ সাধ্যং স্ফুটিতাদয়ো ন ভবেয়ুরিত্যাহুঃ ৬ পাঙ্গুল্যং পঙ্গুতা। মোহেনৈকেনেতি বচনাৎ পূর্ব্বোক্তৈঃ সমস্তৈর্দ্বিত্র্যাদিভিশ্চেতি বোধয়তীতি ৭। ॥ ৮ ॥

ইতি ব্যাখ্যামধুকোষে বাতরক্তনিদানং।

যাপ্য অর্থাৎ চিকিৎসা দ্বারা বাহ্যিক লক্ষণ গুলি লোপ পাইয়া, অভ্যন্তরে রোগের মূল থাকিয়া যায়। ৬ ॥

উপদ্রব।

অনিদ্রা, অরুচি, শ্বাস, মাংসোদ্গম (ক্ষতস্থান হইতে মাংস উন্নত হইয়া উঠা), মস্তক বেদনা, ইন্দ্রিয়মোহ, মনোমোহ, মত্ততা, শরীরবেদনা, পিপাসা, জ্বর, কম্প, হিক্কা, পঙ্গুতা, বিসর্প (ব্রণ বিশেষ), ব্রণাদির পক্বতা, সূচীবেধনবৎ বেদনা, ভ্রম, ক্লান্ততা, অঙ্গুলীবক্রতা, স্ফোট (ফোড়া), জ্বালা, মর্ম্মস্থানে বেদনা, এই সকল বাতরক্তের উপদ্রব বাতরক্ত রোগী, এই সকল লক্ষণযুক্ত হইলে, শীঘ্রই কালগ্রাসে পতিত হয় পরন্তু বাতরক্ত রোগীর উপদ্রবের মধ্যে যদি কেবল মোহ জন্মে, তাহা হইলেও চিকিৎসকগণ তাহাকে পরিত্যাগ করিবেন, যেহেতু মোহগ্রস্ত রোগী বাঁচে না। ৭।

সাধ্য ও যাপ্যের লক্ষণ।

পূর্ব্বোক্ত সমস্ত উপদ্রব না জন্মিলে, বাতরক্ত রোগ যাপ্য, এবং কোন উপদ্রব না হইলে সাধ্য অপর এক দোষজনিত নূতন বাতরক্ত রোগ সাধ্য, দুই দোষজনিত বাতরক্ত রোগ যাপ্য, এবং ত্রিদোষ জনিত হইলে অসাধ্য ॥ ৮ ॥

বাতরক্ত রোগ সমাপ্ত।

অথামবাতনিদানং।

অথামবাতস্য নিদানপূর্ব্বিকাংসংপ্রাপ্তিমাহ। বিরুদ্ধাহারচেষ্টস্য, মন্দাগ্নের্নিশ্চলস্য চ। স্নিগ্ধংভুক্তবতো হ্যন্নং, ব্যায়ামং কুর্ব্বত স্তথা ।। বায়ুনা প্রেরিতোহ্যামঃ, শ্লেষ্মস্থানং প্রধাবতি। তেনাত্যর্থং বিদগ্ধোঽসৌ,ধমনীঃ প্রতিপদ্যতে ।। বাতপিত্তকফৈর্ভূয়ো, দূষিতঃ সোঽন্নজো রসঃ। স্রোতাংস্যভিষ্যন্দয়তি,নানাবর্ণোঽতিপিচ্ছিলঃ। জনয়ত্যাশু দৌর্ব্বল্যং, গৌরবং হৃদয়স্য চ। ব্যাধিনামাশ্রয়ো হ্যেষ, আমসংজ্ঞোঽতিদারুণঃ।। যুগপৎ কুপিতাবন্তু, ত্রিকসন্ধিপ্রবেশকৌ। স্তব্ধং বা কুরুতো গাত্রং,আমবাতঃ স উচ্যতে॥১॥অথ আমবাতস্য

উক্তস্তত্রে বায়ুঃ সাম ইত্যুক্তং, অতস্তদনন্তরমামবাতমাহ বিরুদ্ধেত্যাদি বিরুদ্ধাহারঃ সংযোগাদিবিরুদ্ধঃ বিরুদ্ধ চ চেষ্টা যস্য তথৈব, ব্যায়ামঃ ব্যবায়ঃ জলপ্রতরণাদিঃ। স্নিগ্ধং ভুক্তবতো কুর্ব্বত ইতি মিলিতো হেতুঃ শ্লেষ্মস্থানমামাশয়সন্ধ্যাদি. তেন বিদগ্ধো দূষিতোঽসাবামো ধমনীঃ প্রতিপদ্যতে ইতি ধমনীভিঃ প্রতিপদ্যতে ইতি পাঠান্তরে শ্লেষ্মস্থানমিতি যোজ্যং সোঽন্নজো রস ইতি আমঃ অন্নরসস্যৈবাপক্কস্য, তন্ত্রান্তরে আমরসস্য ব্যপদেশাৎ। যদুক্তং উষ্মণোঽল্পবলত্বেন ধাতুমাদ্যমপাচিতমিত্যাদি অন্যৈরপ্যুক্তং আমাশয়স্থঃ কায়াগ্নের্দৌর্ব্বল্যাদবিপাচিতঃ। আদ্য আহারধাতুর্যঃ স আম ইতি কীর্ত্তিতঃ। অবিপক্কমসংযুক্তং দুর্গন্ধং বহুপিচ্ছিলং সদনং সর্ব্বগাত্রাণামাম ইত্যভিধীয়তে অন্যেস্ত্বাহুঃ আহারস্য রসঃ শেষো যো ন পক্কোঽগ্নিলাঘবাৎ। স মূলং সর্ব্বরোগাণামাম ইত্যাভিধীয়ত ইতি, তথাচাপরে আমমন্নরসং কেচিৎ কেচিত্তু মলসঞ্চয়াৎ। প্রথমাং দোষদুষ্টিঞ্চ কেচিদামং প্রচক্ষতে নানাবর্ণ ইতি বাতাদিদূষিতত্বাৎবর্ণঃ। যুগপদিত্যাদি। বাতকফৌ যুগপৎ কুপিতাবন্তঃকোষ্ঠে ত্রিকসন্ধিপ্রবেশকৌ ভবতঃ অথবা গাত্রং স্তব্ধং কুরুতঃ, ত্রিকসন্ধিষু প্রবেশ স্তৎকৃতবেদনয়া বোধ্যঃ। ১॥

আমবাতরোগের কারণ ও উৎপত্তি।

বিরুদ্ধদ্রব্য (সংযোগ, দেশ, কাল, মাত্রাপ্রভৃতি দ্বারা বিপরীত দ্রব্য) ভোজন, অবিধিপূর্ব্বক ব্যায়াম ও স্ত্রীসংসর্গ, মন্দাগ্নি ও ব্যায়ামবর্জ্জন, এই সকল কারণে এবং ব্যায়ামকারী ব্যক্তি স্নিগ্ধদ্রব্য ভোজন করিলে, বায়ুকর্ত্তৃক চালিত অপক্করস আমাশয়ে যাইয়া, দূষিত হইয়া, ধমনীতে প্রবেশ করে ঐ ধমনীস্থিত অপক্করস, বায়ু, পিত্ত ও কফ দ্বারা পুনর্ব্বার দূষিত হইয়া পিচ্ছিলত্ব ও নানাবর্ণ ধারণ করে এবং স্রোত সকল ক্লেদযুক্ত হওয়াতে, অতিশীঘ্রই শরীরের দুর্ব্বলতা ও হৃদয়ের গুরুতা জন্মে এই প্রকারে আমবাত রোগ উৎপন্ন হয়। অপর এই রোগ অত্যন্ত ক্লেশদায়ক ও সমস্ত রোগের আকর।

আমবাতরোগের লক্ষণ।

যে রোগে বায়ু ও কফ স্বকীয় আশয়ে এক সময়ে কুপিত হইয়া মেরুদণ্ডের নিম্নপ্রদেশে এবং সন্ধিস্থানে প্রবেশ করিয়া, উহাতে বেদনা জন্মায় অথবা শরীরের জড়তা ও অবসন্নতা উৎপন্ন করে, তাহাকে আমবাতরোগ বলে॥ ১॥

সামান্যলক্ষণমাহ। অঙ্গমর্দ্দোঽরুচিস্তৃষ্ণা, আলস্যং গৌরবং
জ্বরঃ। অপাকঃ শূনতাঙ্গানা, মামবাতস্য লক্ষণং ॥ ২ ॥
অথ তস্যোবাতিবৃদ্ধস্য লক্ষণং। সকষ্টঃ সর্ব্বরোগাণাং,
যদা প্রকুপিতো ভবেৎ॥ হস্তপাদশিরোগুল্ফ, ত্রিকজা-
নূরুসন্ধিষু। করোতি সরুজং শোথং, যত্র দোষঃপ্রপ-
দ্যতে ॥ সদেশোরুজ্যতেঽত্যর্থং, ব্যাবিদ্ধ ইব বৃশ্চিকৈঃ॥
যে রোগে রুক্ষ ও ক্লান্ত ব্যক্তির বস্তিস্থিত (মূত্রাশয়স্থিত) পিত্ত ও বায়ু মূত্রাশয়ে জ্বালা ও বেদনা জন্মায়, তাহাকে মূত্রক্ষয় বলে ৮

৮ মূত্রগ্রন্থি

বস্তির মুখ মধ্যে অশ্মরীর (পাথরীর) ন্যায় গোলাকার যে অচল ক্ষুদ্রগ্রন্থি (গাঁইট) উৎপন্ন হয়, সেই গ্রন্থিকে মূত্রগ্রন্থি বলে এই রোগে অশ্মরীরোগের ন্যায় বেদনাও জন্মিয়া থাকে ॥৯॥

৯ মূত্রশুক্র

মূত্রবেগ ধারণ করিয়া স্ত্রীসঙ্গম করিলে স্থানচ্যুত শুক্র, প্রস্রাব করিবার সময়ে প্রস্রা-বের আগেই হউক আর পরেই হউক, ভস্মধৌত জলের ন্যায় নির্গত হয়। ইহাকে মূত্রশুক্র কহে ॥ ১০ ।

১০ উষ্ণবাত

ব্যায়াম, পথশ্রম, রৌদ্রসেবন প্রভৃতি কারণে কুপিত বায়ু, পিত্তের সহিত মিলিত হইয়া বস্তিস্থানকে (মূত্রাশয়কে) আশ্রয় করিয়া মূত্রাশয়, লিঙ্গ ও মলদ্বারে জ্বালা জন্মায় অপর, পুনঃ পুনঃ প্রস্রাব হইয়া থাকে এবং প্রস্রাবের বর্ণ ঈষৎ রক্তবর্ণ কিম্বা হরিদ্রাবর্ণ হয়, কখন বা কেবল রক্তই নির্গত হয় ইহাকে উষ্ণবাত বলিয়া থাকে ১১

মাহ। পিত্তং কফোদ্বাবপি বা, সংহন্যেতে হনিলেন চেৎ। কৃচ্ছ্রান্মূত্রং তদা পীতং, শ্বেতং রক্তং ঘনং সৃজেৎ ॥সদাহং রোচনা শঙ্খ, চূর্ণবর্ণং ভবেত্তু তৎ। শুষ্কং সমস্তবর্ণং বা, মূত্রসাদং বদন্তি তং ॥ ১২। অথ বিড়্বিঘাতমাহ। রুক্ষ-দুর্ব্বলয়োর্ব্বাতে,নোদাবর্ত্তং শকৃদ্‌যদা। মূত্রস্রোতোঽনুপ-দ্যেত, বিট্‌সংসৃষ্টং তদা নরঃ॥ বিড়্‌গন্ধং মূত্রয়েৎ কৃ-চ্ছ্রাৎ, বিড়্বিঘাতং বিনির্দিশেৎ॥ ১৩। অথ বস্তিকুণ্ডল-লক্ষণমাহ। দ্রুতাধ্বলঙ্ঘনায়াসৈ, রভিঘাতাৎ প্রপীড়নাৎ। স্বস্থানাদ্বস্তিরুদ্বৃত্তঃ, স্থূলস্তিষ্ঠতি গর্ভবৎ ॥ শূলস্পন্দন-দাহার্ত্তো বিন্দুং বিন্দুং স্রবত্যপি। পীড়িতস্তু সৃজেদ্ধারাং, সংস্তম্ভোদ্বেষ্টনার্ত্তিমান্। বস্তিকুণ্ডলমাহুস্তং, ঘোরং শস্ত্রবি-ষোপমং পবনপ্রবলং প্রায়ো,দুর্নিবারং বদেদ্বুধঃ ॥১৪॥ অথ দোষান্তরানুবন্ধিবাতলক্ষণমাহ তস্মিন্ পিত্তান্বিতে

মিত্যাদি। সংহন্যেতে স্ত্যানীক্রিয়েতে শুষ্কম্পং তন্মূত্রং পিত্তেন রোচনাভং, কফেন শঙ্খচূর্ণাভং। সমস্তবর্ণং উক্তসকলবর্ণং সন্নিপাতাত্তাৎ ১২ বিড়্বিঘাতমাহ রুক্ষে-ত্যাদি। অনুপদ্যেত প্রাপ্নুয়াৎ বিড়্গন্ধমিত্যত্রবা শব্দো দ্রষ্টব্যঃ ১৩ বস্তিকুণ্ড-লমাহ দ্রুতেত্যাদি লঙ্ঘনমুচ্চোৎপতনং। উদ্বৃত্তঃ স্বস্থানাদূর্দ্ধং গতঃ গর্ভবদিতি গর্ভিণ্যা উদরান্তর্গতাপত্যবৎ এতেন বস্তিপুটস্য পার্শ্বগমনং দর্শিতং। পীড়িত ইতি নাভেরধঃ উদ্বেষ্ট-নার্ত্তিঃ উদ্বেষ্টনরূপার্ত্তিঃ। শস্ত্রবিষোপমং শস্ত্রবিষসদৃশমিতি ॥১৪॥ চিকিৎসার্থসূচনার্থং প্রসিদ্ধা-নুভবোপদর্শনার্থং বাতস্যৈব দোষান্তরানুবন্ধিনো লক্ষণমাহ তস্মিন্নিত্যাদি শ্লেষ্মণা অন্বিতে

---

১১ মূত্রসাদ।

পিত্ত বা কফ অথবা পিত্ত ও কফ উভয়ই, বায়ু দ্বারা গাঢ় হইলে মূত্রসাদ জন্মে ইহাতে মূত্রের রঙ পীত, শ্বেত ও রক্তবর্ণ হয় এবং প্রস্রাব গাঢ় হইয়া থাকে, এ ভিন্ন পিত্ত গাঢ় হইলে গোরোচনার বর্ণ, কফ গাঢ় হইলে শঙ্খচূর্ণের বর্ণ এবং পিত্ত ও কফ গাঢ় হইলে প্রস্রাবে সমস্ত বর্ণই হইয়া থাকে ১২

১২ বিড়্বিঘাত

বায়ু দ্বারা, রুক্ষ ও দুর্ব্বল ব্যক্তির মল পক্বাশয় হইতে মূত্রস্রোতে নীত হইলে, মলসংযুক্ত ও মলের গন্ধযুক্ত মূত্র নির্গত হয় ইহাকে বিড়্বিঘাত বলে। ১৩।

১৩ বস্তিকুণ্ডল

দ্রুত পথগমন, উৎপতন (লম্ফপ্রদান), নিয়ত পরিশ্রম, অভিঘাত, বস্তিদেশ পীড়ন প্রভৃতি কারণে বস্তি স্বীয় স্থান হইতে ঊর্দ্ধগত হইলে, বস্তি গর্ভ তুল্য গোলাকার ভাবে স্থিত হয়, ইহাকে বস্তিকুণ্ডল বলে এই রোগে রোগী শূলবৎ পীড়া স্পন্দনবৎ পীড়া,জ্বালা প্রভৃতি দ্বারা পীড়িত হইয়া বিন্দু২ মূত্র ত্যাগ করে এবং বস্তি পীড়ন করিলে ধারাভাবে প্রস্রাব হয়। এতদ্ভিন্ন বস্তিদেশে আরও নানাপ্রকার যন্ত্রণা হইয়া থাকে। ১৪।

চিকিৎসার সুবিধার জন্য পিত্ত ও কফের লক্ষণ নির্ণয়।

বাতকুণ্ডলিকা, অষ্ঠীলা প্রভৃতি পিত্তান্বিত হইলে মূত্রাশয়ে জ্বালা, বেদনা ও মূত্রের রঙ

দাহঃ, শূলং মূত্রবিবর্ণতা। শ্লেষ্মণা গৌরবং শোথঃ, স্নিগ্ধং মূত্রং ঘনং সিতং ১৫ ॥ অথ তস্যৈবসাধ্যত্বাসাধ্যত্বমাহ। শ্লেষ্মরুদ্ধবিলো বস্তিঃ, পিত্তোদীর্ণো ন সিধ্যতি অবিভ্রান্তবিলঃ সাধ্যো নতু যঃ কুণ্ডলীকৃতঃ ॥ ১৬ ॥ অথ কুণ্ডলীকৃতস্য লক্ষণমাহ। স্যাদ্বস্তৌ কুণ্ডলীভূতে, তৃণ্মোহঃ শ্বাস এব চ। ১৭ ॥

ইতি মূত্রাঘাতনিদানং।

তস্মিন্নিতি বোদ্ধব্যং ১৫ । তস্যৈব সাধ্যত্বাসাধ্যত্বমাহ শ্লেষ্মরুদ্ধবিল ইত্যাদি। বিলং বস্তিমুখশুষিরং পিত্তোদীর্ণ উপচিতপিত্তঃ স এব অবিভ্রান্তবিলোঽনাবৃতবিলঃ কফেন কুণ্ডলীকৃতোঽসাধ্য ইতি বোধ্যং অকুণ্ডলীকৃতস্তু সাধ্যত্বেনোক্তঃ। ১৬ ।। কুণ্ডলীভূতস্যৈব লিঙ্গমাহ স্যাদিত্যাদি যেন তৌ বিড্‌বিঘাতবস্তিকুণ্ডলৌ সুশ্রুতে ন পঠিতৌ, তেন হি মূত্রোদকসাদমেব দ্বিধা পঠিত্বা দ্বাদশ মূত্রাঘাতা ইত্যুক্তং সর্ব্বাসভিধানন্তু পরাধিকারত্বেনেতি মন্তব্যং। ১৭

ইতি ব্যাখ্যামধুকোষে মূত্রাঘাত নিদানং।

নানাপ্রকার হয় এবং কফান্বিত হইলে শরীরের গুরুতা ও শোথ হয় এবং মূত্র গাঢ়, স্নিগ্ধ ও শ্বেতবর্ণ হইয়া থাকে। ১৫ ॥

মূত্রাঘাতের সাধ্য ও অসাধ্য লক্ষণ

মূত্রাঘাতরোগে বস্তিমুখের ছিদ্র শ্লেষ্মা দ্বারা রুদ্ধ হইলে এবং পিত্তের প্রবলতা থাকিলে তাহা অসাধ্য অর্থাৎ অচিকিৎসনীয়। অপর, যদি বস্তিমুখের ছিদ্র প্রকাশিত না থাকে এবং কুণ্ডলীকৃত না হয়, তাহা হইলে সাধ্য ১৬

কুণ্ডলীকৃতের লক্ষণ।

বস্তি কুণ্ডলীকৃত হইলে তৃষ্ণা, মোহ ও শ্বাস হইয়া থাকে। এই লক্ষণাক্রান্ত মূত্রাঘাতরোগ ও অচিকিৎসনীয় ১৭

মূত্রাঘাতরোগ সমাপ্ত।

অথাশ্মরীনিদানং।

অথাশ্মর্য্যাঃ প্রকারভেদং সংপ্রাপ্তিঞ্চাহ। বাতপিত্তকফৈস্তিস্র,শ্চতুর্থী শুক্রজাপরা। প্রায়ঃশ্লেষ্মাশ্রয়াঃ সর্ব্বা,অশ্মর্য্যঃ

মূত্ররোধিত্বসাধর্ম্ম্যাদশ্মরীমাহ বাতেত্যাদি। শ্লেষ্মাশ্রয়া ইতি শ্লেষ্মসমবায়িকারণাঃ শুক্রজাং বিনা, তত্র শুক্রস্যৈব সমবায়িকারণত্বাৎ। তথাচ মৃদুবলঃ বিশোষয়েদ্বস্তিগতং সশুক্রমিতি এতচ্চ

অশ্মরীরোগের প্রকারভেদ।

অশ্মরীরোগ (পাথরীরোগ) চারিপ্রকার, যথা— ১ বাতজনিত, ২ পিত্তজনিত, ■ কফজ

শ্ম্যর্যমোপমাঃ॥বিশোষয়েদ্বস্তিগতং সশুক্রং,মূত্রং সপিত্তং প-
বনঃ কফং বা ॥ যদা তদাশ্মর্য্যুপজায়তে তু,ক্রমেণ পিত্তেম্বিব
রোচনা গোঃ । ১। অথাশ্মর্য্যাঃ পূর্ব্বরূপমাহ । নৈকদো-
ষাশ্রয়াঃ সর্ব্বা, অথাসাং পূর্ব্বলক্ষণং । বস্ত্যাধ্মানং তদাসন্ন,
দেশেযু পরিতোঽতিরুক্ মূত্রে বস্তসগন্ধত্বং, মূত্রকৃচ্ছ্রং
জ্বরাঽরুচিঃ ॥ ২ ॥ অথাশ্মর্য্যাঃ সামান্যলক্ষণমাহ ।
সামান্যলিঙ্গং রুঙ্ নাভি, সেবনী-বস্তিমূর্দ্ধসু । বিশীর্ণধারং
মূত্রং স্যাৎ, তয়া মার্গনিরোধনে । তদ্ব্যপায়াৎ সুখং
মেহেদচ্ছং গোমেদকোপমং । তৎসংক্ষোভাৎ ক্ষতে সাস্র,
মায়াসাচ্চাতিরুগ্ ভবেৎ ॥ ৩ । অথ বাতাশ্মরীলক্ষণমাহ ॥

সামান্যোক্তমপি বিশেষণ সম্বধ্যতে । তথাহ নদ্যাদিসূত্রে দীর্ঘাদিতি পদং বিশেষণং উভাভ্যাং সম্বধ্যতে নতু হলা, অতএবাত্র প্রায়ে গ্রহণং কৃতবান্ অন্যে শুক্রাশ্মর্য্যামপি কফকারণমিচ্ছন্ত্যেব বিরোধাভাবাৎ । প্রায়ঃ শব্দশ্চাত্র বিশেষার্থঃ যমোপমা ইতি অসাধ্যতি চিকিৎসিতে অবশ্যমেব মারকত্বাৎ পিত্তেম্বিবেতি বাতশোষিতেষু । ১ নৈকদোশ্রয়া ইতি ত্রিদোষজা উল্কটদোষেণ ব্যপদেশঃ । বস্তসগন্ধত্বং বস্তসমানগন্ধত্বং॥ ২॥ তাসাং সামান্যলক্ষণমাহ সামান্যেত্যাদি । রুক্ শূলং । বস্তিমূর্দ্ধা নাভেরধোদেশঃ বিশীর্ণধারং সবিচ্ছেদধারং তয়া ইত্যশ্মর্য্যা মার্গো মূত্রবাহি স্রোতঃ । তদ্ব্যপায়াৎ বায়ুনা কদাচিদশ্মরীকৃতমার্গরোধব্যপগমাৎ । মেহেৎ মূত্রয়েৎ । অচ্ছমনাবিলং গোমেদকোপমমিতি গোমেদকো লোহিতমণি স্তদ্বদ্বর্ণং তৎসংক্ষোভাৎ বিরুদ্ধমার্গমূত্রেণ পীড়নাৎ অশ্মরীসংঘট্টনাদ্বা ক্ষতে জাতে মূত্রবহাদৌ সাস্রং সরক্তং মূত্রং প্রবর্ত্ততে । আয়াসাৎ প্রবাহনাদিজনিতক্লমাৎ ॥ ৩ ॥ ক্বণন্ আর্ত্তনাদং কুর্ব্বন্,সানিলং সশব্দং, মূত্রপ্রবৃত্ত্যর্থ-

---

জনিত ও ৪ শুক্রজনিত শুক্রজনিতাশ্মরী ভিন্ন, সমস্ত অশ্মরীতেই কফের প্রাধান্য থাকে অর্থাৎ কফই অশ্মরী উৎপাদনের প্রধান কারণ অপর, অশ্মরীগ্রস্ত ব্যক্তি সুচিকিৎসিত না হইলে প্রায়ই মৃত্যুমুখে পতিত হইয়া থাকে

অশ্মরীরোগের উৎপত্তি

বায়ু বস্তিস্থিত (মূত্রাশয়স্থিত) শুক্র ও মূত্র অথবা পিত্ত ও কফ শোষণ করিলে গরুর পিত্তে রোচনার ন্যায় ক্রমে অশ্মরী (পাথরী) জন্মে ১ ।

অশ্মরীরোগের পূর্ব্বলক্ষণ।

অশ্মরী (পাথরী) জন্মিবার পূর্ব্বে মূত্রাশয়ের স্ফীততা, উহার নিকটবর্ত্তি স্থানে অতিশয় বেদনা, মূত্রে ছাগলের গন্ধ, মূত্রকৃচ্ছ্র (প্রস্রাব করিতে মূত্রকৃচ্ছ্ররোগের ন্যায় যাতনা অরুচি ও জ্বর হইয়া থাকে ২

অশ্মরীরোগের সাধারণ লক্ষণ

নাভিতে, সেবনীতে (লিঙ্গে) ও মূত্রাশয়ের উর্দ্ধদেশে বেদনা হয়, এবং অশ্মরী দ্বারা মূত্রবাহী স্রোত রুদ্ধ হইলে থামিয়া থামিয়া মূত্র নির্গত হয়, বায়ু দ্বারা অশ্মরীরুদ্ধদ্বার মুক্ত হইলে সরল ভাবে গোমেদ সদৃশ পরিষ্কার প্রস্রাব হইয়া থাকে অপর, মূত্রের আঘাতে মূত্রস্রোতে ক্ষত হয় বলিয়া প্রস্রাবের বেগ দেওয়ার সময় বেদনা ও রক্তমিশ্রিত মূত্র নির্গত হয় ৩ ।

তত্র বাতাদ্ভৃশং চার্ত্তো, দন্তান্ খাদতি বেপতে। গৃহ্ণাতি মেহনং নাভিং, পীড়য়ত্যনিশং ক্বণন্ সানিলং মুঞ্চতি সকৃৎ, মুহুর্মেহতি বিন্দুশঃ। শ্যাবারুণাশ্মরী চাস্য, স্যাচ্চিতা কণ্টকৈরিব। ৪। অথ পিত্তজাশ্মরীলক্ষণমাহ। পিত্তেন দহ্যতে বস্তিঃ, পচ্যমান ইবোষ্মবান্। ভল্লাতকাস্থিসংস্থান, রক্তপীতাসিতাশ্মরী ॥৫। অথ কফজাশ্মরীলক্ষণমাহ। বস্তি নিস্তুদ্যত ইব, শ্লেষ্মণা শীতলো গুরুঃ। অশ্মরী মহতী শ্লক্ষ্ণা, মধুবর্ণা খরাসিতা ॥ ৬ ॥ অথ ত্রিদোষজাশ্মরীলক্ষণমাহ। এতা ভবন্তি বালানাং, তেষামেব চ ভূয়সা। আশ্রয়োপচয়াল্পত্বাৎ, গ্রহণাহরণে সুখা ৭।

কৃতাভিকুন্থনাৎ মেহতি বিন্দুশ ইতি বিন্দুং বিন্দুং মূত্রয়তি বহ্বল্পার্থাচ্ছস্ কারকাদিতি অল্পার্থে শস্প্রত্যয়ঃ শ্যাবেত্যাদি অশ্মর্য্যা আকারকথনং এতচ্চাকৃষ্টানাং প্রত্যক্ষসম্বাদেন শাস্ত্রপ্রামাণ্যখ্যাপনার্থমিত্যাহুঃ আকৃষ্টাসু দোষোচিতচিকিৎসার্থমিত্যন্যে ॥ ৪ ॥ পচ্যমানঃ ক্ষারেণেব উষ্মবান্ উষ্মস্পর্শঃ অসিতা কৃষ্ণা ॥ ৫ ॥ শ্লেষ্মজামাহ বস্তিরিত্যাদি। শ্লক্ষ্ণা মসৃণা মধুবর্ণা ঈষৎপিঙ্গলশুক্লা ॥ ৬ ॥ এতা ইতি ত্রিদোষজা বালানাং স্যুঃ তেষাং তন্নিদানাভ্যাসাৎ ভূয়সা প্রায়েণ তেন মহতামপি ত্রিদোষজা ভবন্তি তেষামেব বালানাং গ্রহণাহরণে সুখা ইতি সম্বন্ধঃ আশ্রয়োপচয়াল্পত্বাদিতি আশ্রয়ো বস্তিঃ উপচয়ঃ স্থৌল্যং তয়োরল্পত্বং [illegible] দেহাল্পত্বাৎ আহরণং পাঠনাদি পূর্ব্বকমাকর্ষণং গ্রহণং তদর্থমেবাঙ্গুলিভ্যাং ধারণং উক্তং হি সুশ্রুতে দিবাস্বপ্নসমশনাধ্যশন শীতস্নিগ্ধমধুরাহারপ্রিয়ত্বাদ্বালানাং তেষামেবাল্পবস্তিকত্বাদল্পমাংসোপচয়াচ্চ সুখগ্রহণাহরণা ভবন্তীতি ॥ ৭ ॥ তু শব্দোহবধারণে তেন মহতামেব নতু বালাং তেষাং

বাতজনিতাশ্মরীর লক্ষণ।

বাতজনিত অশ্মরীতে রোগী যাতনায় দন্তে দন্তে ঘর্ষণ লিঙ্গ মর্দ্দন ও নাভি পীড়ন করে, এবং আর্ত্তনাদ করিতে করিতে শব্দের সহিত মলত্যাগ ও বিন্দু বিন্দু প্রস্রাব করিয়া থাকে। অপর অশ্মরী শ্যাববর্ণ (কৃষ্ণপীত মিশ্রবর্ণ), রক্তবর্ণ ও কণ্টকাবৃত দৃষ্ট হয় ॥ ৪ ॥

পিত্তজনিতাশ্মরীর লক্ষণ।

পিত্তজনিত অশ্মরীরোগে মূত্রাশয়ে জ্বালা ও স্পর্শে উষ্ণ বোধ হয়। অশ্মরী ভেলাবীজের ন্যায় বড়, এবং লাল বা কাল অথবা হরিদ্রাবর্ণ হইয়া থাকে ৫ ॥

কফজনিতাশ্মরীর লক্ষণ।।

কফজনিত অশ্মরীরোগে মূত্রাশয় ভার ও শীতল হয় এবং বস্তিতে (মূত্রাশয়ে) সূচী বেধনবৎ বেদনা হইয়া থাকে অপর, অশ্মরী মসৃণ অথবা খরখরা ও বড় হয়, এবং অশ্মরীর বর্ণ মধুর বর্ণের ন্যায় অথবা শ্বেতবর্ণ হয় ॥ ৬ ॥

অশ্মরীর সুখসাধ্য লক্ষণ।

মূত্রাশয় ছোট বলিয়া শিশুদিগের অশ্মরী অল্প যত্নে কাটিয়া বাহির করা যাইতে পারে সুতরাং পরিণত বয়স্ক ব্যক্তিদিগের অপেক্ষা শিশুদিগের অশ্মরী (পাথরী) সুখসাধ্য ॥ ৭ ॥

অথ শুক্রাশ্মরীমাহ তস্যা অবস্থাভেদঞ্চ। শুক্রাশ্মরী তু মহতাং জায়তে শুক্রধারণাৎ। স্থানাচ্চ্যুতমমুক্তং হি, মুষ্কয়োরন্তরেঽনিলঃ॥ শোষয়ত্যুপসংগৃহ্য, শুক্রং তচ্ছুক্রমশ্মরী। বস্তিরুঙ্মূত্রকৃচ্ছ্রত্বং, মুষ্কশ্বয়থুকারিণী। তস্যামুৎপন্নমাত্রায়াং, শুক্রমেতি বিলীয়তে। পীড়িতে ত্ববকাশেঽস্মিন্, অশ্মর্য্যেব চ শর্করা। অণুশো বায়ুনা ভিন্না, সা তস্মিন্ননুলোমগে। নিরেতি সহ মূত্রেণ, প্রতিলোমে নিরুধ্যতে। মূত্রস্রোতঃ প্রবৃত্তা সা, সক্তা

বক্ষ্যমাণসংপ্রাপ্তেরভাবাৎ নতু শুক্রাভাবাৎ অন্যথা বহুধাতুকত্বং স্যাৎ শুক্রধারণাদুপস্থিতশুক্রবেগস্য মৈথুনাকরণাৎ মুষ্কয়োরন্তরে মেঢ্রেণ সহেতি শেষঃ সুশ্রুতে হি মেঢ্রবৃষণয়োরন্তর ইত্যেবোক্তং। মেঢ্রবৃষণমধ্যগতবস্তিমুখ ইত্যর্থঃ তত্রৈব শুক্রবহস্রোতসো বস্তিমুখেন সহ সম্বন্ধাৎ তথাভূতং শুক্রমেবাশ্মরীতি। বস্তিরুক্ বস্তিশূলং মুষ্কশ্বয়থুকারিণী বৃষণয়োঃ শোথকারিণী। তস্যাং শুক্রাশ্মর্য্যাং এতি বর্ত্ততে তুশব্দোঽবধারণে অবকাশেঽস্মিন্নিতি মেঢ্রবৃষণয়োরন্তরে। অস্মিন্নেব পীড়িতে সতি বিলীয়তে প্রবিলয়মাপদ্যত ইত্যর্থঃ অতএব সুশ্রুতঃ পীড়িতমাত্রে চ তস্মিন্নেবাবকাশে প্রবিলয়মাপদ্যত ইতি নৈবাবস্থাভেদাশ্মরীশর্করা পঞ্চমী ন ভবতীত্যাহ অশ্মর্য্যেব চেতি চকারাৎ সিকতাপি ভবতীতি গম্যতে অতএব শর্করা সিকতাশ্বিতেতি বক্ষ্যতি শর্করা-সিকতয়োশ্চ মহত্ত্বাল্পত্বাভ্যাং ভেদঃ কথমশ্মরীশর্করা ভবতীত্যাহ অণুশ ইত্যাদি অণুশো ঽল্পাংশঃ অত্রার্থে সুশ্রুতঃ পবনেঽনুগুণে সা তু নিরেত্যল্পা বিশেষতঃ। সা ভিন্নমূর্ত্তির্বাতেন শর্করেত্যভিধীয়ত ইতি মূত্রস্রোতঃপ্রবৃত্তা সা সক্তেতি

শুক্রজনিতাশ্মরীর লক্ষণ ।

শুক্রের বেগ রোধ করিলে বায়ু স্থানচ্যুত শুক্র, লিঙ্গ ও অণ্ডকোষের মধ্যে (মূত্রাশয়ের মুখে) শোষণ করিয়া অশ্মরী জন্মায় এই অশ্মরী রোগে মূত্রাশয়ে বেদনা, মূত্রকৃচ্ছ্র রোগ ও অণ্ডকোষে শোথ জন্মিয়া থাকে। অপর, শিশুদিগের শুক্রের বেগ (স্ত্রীসঙ্গমাভিলাষ) জন্মে না বলিয়া শুক্র স্থানভ্রষ্ট হয় না, সুতরাং তাহাদের শুক্রজনিত অশ্মরী উৎপন্ন হয় না; উহাদের কেবল বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত অশ্মরীই জন্মিয়া থাকে

শর্করার লক্ষণ ।

শুক্রজনিতাশ্মরী উৎপন্ন মাত্রেই যদি লিঙ্গ ও অণ্ডকোষের মধ্যস্থানে পীড়ন করা যায়, তাহা হইলে অশ্মরী লয়প্রাপ্ত হয়, এবং বায়ু দ্বারা খণ্ড খণ্ড হইয়া যায়। ইহাকেই শর্করা বলে। অপর, বায়ুর গতি সরল থাকিলে অর্থাৎ বায়ু স্বাভাবিক অবস্থায় থাকিলে শর্করা প্রস্রাবের সহিত নির্গত হয়, কিন্তু বায়ু স্বাভাবিক অবস্থায় না থাকিলে নির্গত হয় না এবং মূত্রস্রোতে সংলগ্ন হইয়া নানা প্রকার উপদ্রব উৎপাদন করিয়া থাকে॥ ৮॥

কুর্য্যাদুপদ্রবান্ । ৮ ॥ অথ শর্করায়া উপদ্রবমাহ ।
দৌর্ব্বল্যং সদনং কার্শ্যং, কুক্ষিশূলমথারুচিং। পাণ্ডুত্বমুষ্ণ-
বাতঞ্চ, তৃষ্ণাং হৃৎপীড়নং বমিং । ৯ অশ্মর্য্যা-
অসাধ্যলক্ষণমাহ। প্রশূননাভিবৃষণং, বদ্ধমূত্রং রুজাতুরং ।
অশ্মরী ক্ষপয়ত্যাশু, সিকতা শর্করান্বিতা । ১০ ।

ইতি অশ্মরীনিদানং।

মূত্রমার্গগা সতী সংলগ্নেত্যর্থঃ রুজাতুরং শূলপীড়িতমিত্যর্থঃ ৮। ৯॥ ১০॥

ইতি ব্যাখ্যামধুকোষে অশ্মরীনিদানং।

শর্করার উপদ্রব।

দুর্ব্বলতা, ক্লান্ততা শরীরের কৃশতা, পেটে বেদনা, অরুচি, শরীরের পাণ্ডুবর্ণতা, উষ্ণবাত (বাতরোগে কথিত উষ্ণবাত নামক রোগ), পিপাসা, হৃদয়ে বেদনা ও বমি এই সকল শর্করার উপদ্রব ৯

অসাধ্য লক্ষণ।

অশ্মরীরোগে নাভি ও অণ্ডকোষে শোথ, মূত্রবন্ধ, বেদনা এবং সিকতা ও শর্করাক্রান্ত রোগী শীঘ্রই মৃত্যুগ্রাসে পতিত হয় । ১০ ।

অশ্মরীরোগ সমাপ্ত।

অথ প্রমেহমধুমেহপীড়কানিদানং।

অথ প্রমেহ নিদানমাহ। আস্যাসুখং স্বপ্নসুখং দধীনি,
গ্রাম্যোদকানূপরসাঃ পয়াংসি। নবান্নপানং গুড়বৈকৃতঞ্চ,

চন্দ্রোদয়প্রণয়পীবরদুগ্ধসিন্ধুপূরভ্রমং বহতি দিক্ষু যদীয়কীর্ত্তিঃ
তেন ব্যধায়ি গুরুণা বিজয়েন শিষ্য প্রেম্নাশ্মরীকগবধি মধুকোষবন্ধঃ
শ্রীকণ্ঠদত্তভিষজা গুরুভক্তিলেশাদারভ্যতে প্রভৃতি সংপ্রতি মেহরোগাৎ।
স্বক্তৌ বিচিন্ত্য মধুশীকরযুক্তিরন্তীণ্টীকা কৃতঃ কতিপয়স্থ তদীয়শেষঃ।

অশ্মরীরোগানন্তরং বস্তিবিকৃতিসাধর্ম্যাৎ প্রমেহনিদানমুচ্যতে তাস্যাসুখমিত্যাদি। আসা। উপবিষ্টস্য চেষ্টোপরম স্তেন কৃতং সুখং আস্যাসুখং, এবং স্বপ্নসুখমিতি দ্রষ্টব্যং। তেনাসনাদি দোষাদাস্যাসুখং স্বপ্নসুখং বা ন প্রমেহহেতুঃ। গুড়বৈকৃতমিতি গুড়বিকারাঃ শর্করাদয়ঃ তথ গুড়বিকারাশ্চ ভক্ষ্যাঃ প্রমেহহেতুরিতি সর্ব্বপ্রমেহহেতুঃ কফকৃচ্চ সর্ব্বমিত্যনেনাপি

প্রমেহরোগের কারণ

সুখে উপবেশন (উৎকৃষ্ট আসনে উপবেশন করিয়া) কোন কার্য্য না করা ও কোমল শয্যায়, শয়ন

প্রমেহহেতুঃ কফকৃচ্চ সর্ব্বং ॥ ১ ॥ অথ কফপিত্ত
বাতজ মেহানাং সংপ্রাপ্তিমাহ। মেদশ্চ মাংসঞ্চ শরীর-
জঞ্চ, ক্লেদং কফো বস্তিগতং প্রদূষ্য। করোতি মেহান্
সমুদীর্ণমুষ্ণৈস্তানেব পিত্তং পরিদূষ্য চাপি। ক্ষীণেষু
দোষেষ্ববকৃষ্য ধাতূন্, সংদূষ্য মেহান্ কুরুতেঽনিলশ্চ ॥২।
অথৈষাং দোষভেদেন সাধ্যাসাধত্বমাহ। সাধ্যাঃ কফো-
ত্থা দশ পিত্তজাঃ ষট্, যাপ্যা ন সাধ্যঃ পবনাচ্চতুষ্কঃ।

প্রমেহোক্তহেতুসংগ্রহার্থমুক্তং এষ সাধারণো হেতুঃ। প্রমেহস্য বিশেষহেতুস্তু চরকে নিদান-স্থানে হায়নকোদ্দালকেত্যাদিনা কফজস্য, উষ্ণলবণেত্যাদিনা পিত্তজস্য কটুতিক্তকষায়েত্যা-দিনা বাতজস্যাভিহিতঃ এতেন সামান্যহেতুসহিতো বিশিষ্টহেতুঃ কফজাদিপ্রমেহস্য কিন্তু কফজনিদানমপ্যেতৎ আস্যাসুখমিত্যাদি বোদ্ধব্যং ॥ ১ ॥ মেদ ইত্যাদিনা কফপিত্তবাতজ মেহানাং ক্রমেণ সংপ্রাপ্তিমাহ অত্র কফজা এব মেহা ভূয়স্ত্বেন সাধ্যত্বেন চ আদাবুচ্যন্তে তানেবেতি মেদোমাংসশরীরজক্লেদান্। উষ্ণৈরিতি উষ্ণবীর্য্যস্পর্শদ্রব্যৈঃ। ক্ষীণেষু দোষেষ্বিতি প্রবৃদ্ধত্বেনৈব ক্ষীয়মাণেষু নতু সমাপেক্ষয়া। অনেন বৃদ্ধে কফে পিত্তে বা স্বৈ বায়ুর্লঙ্ঘনা-দিনা ক্রমেণ বৃদ্ধো ভবতি স মেহান্ ধ্যমেহচতুষ্টয়প্রকরণে বিবক্ষিত ইতি সূচ্যতে অত্র হি চিকিৎসাবিধানাৎ সাধ্যত্বমস্তি যদুক্তং যা বাতমেহান্ প্রতি পূর্ব্বমুক্তা বাতোল্বণানাং বিহিতা ক্রিয়া সা। বায়ুর্হি ধাতুক্ষতিকর্ষিতেষু কুর্য্যাদসাধ্যান্ প্রতি নাস্তি চিন্তা ইতি দোষেষ্বিতি কফপিত্তেষু, দ্বয়োশ্চ বহুবচনং ব্যক্ত্যপেক্ষয়া বহুত্বাৎ। অবকৃষ্যেতি বস্তিমুখং নীত্বা। ধাতূনিতি বসামজ্জৌজোলসীকাখ্যান্ ॥ ২ ॥ সমক্রিয়ত্বাদিতি কফস্য দোষস্য, দূষ্যস্য মেদঃপ্রভৃতেঃ সমানত্বাৎ কটুতিক্তাদি ক্রিয়ত্বাৎ অত্র ব্যাধয়ঃ হিন তুল্য দূষ্যতাসাধ্যতায়াং হেতুঃ তেন নচ তুল্যগুণো দূষ্যো ন দোষঃ প্রকৃতি র্ভবেদিতি চরকবচনং কষ্টসাধ্যতার্থং নোদ্ভাবনীয়ং যদুক্তং জ্বরে তুল্যর্ত্তুদোষত্বং প্রমেহে তুল্যদূষ্যতা রক্তগুল্মে পুরাণত্বং সুখসাধ্যস্য লক্ষণমিতি। বিষমক্রিয়ত্বাদিতি পিত্তস্য প্রমেহপ্রধানদূষ্যস্য চ মেদঃ-প্রভৃতেশ্চান্যোন্য বিপরীতক্রিয়ত্বাৎ পিত্তহরং হি মধুরাদি মেদস্করং মেদোহরঞ্চ কটুকাদি

অধিক পরিমাণে দধি, ও দুগ্ধ সেবন, গ্রাম্য (ছাগ মেষ, প্রভৃতি) এবং সজলভূমিজাত (বরাহ, কচ্ছপ প্রভৃতি) প্রাণীর মাংসভক্ষণ, নূতন তণ্ডুলান্ন চিনী ও মিছরী প্রভৃতি মিষ্টদ্রব্য এবং কফজনক দ্রব্য ভোজনে প্রমেহরোগ জন্মে ১

প্রমেহরোগের উৎপত্তি

পূর্ব্বোক্ত কারণে দূষিত কফ মূত্রাশয়স্থিত মেদ, মাংস এবং শরীরস্থিত ক্লেদ দূষিত করিয়া প্রমেহ উৎপাদন করে, এইরূপ উষ্ণবীর্য্য দ্রব্যভোজন ও অগ্নি সন্তাপাদি গ্রহণে দূষিত পিত্ত মেদ মাংস প্রভৃতি দূষিত করিয়া প্রমেহ জন্মায় এবং বৃদ্ধি প্রাপ্ত পিত্ত ও কফের বল কম পড়িলে বায়ু পূর্ব্বোক্ত মেদ, মাংস প্রভৃতি শোষণ ও দূষিত করিয়া প্রমেহ জন্মাইয়া থাকে । ২

প্রমেহের প্রকার-ভেদ

প্রমেহ বিংশতি প্রকার, যথা—কফজনিত দশ প্রকার, পিত্তজনিত ছয় প্রকার, এবং বায়ু-জনিত চারি প্রকার

দোষভেদে সাধ্য সাধ্য ও যাপ্য নিরূপণ

যে চিকিৎসাতে কফের শান্তি হয়, সেই চিকিৎসাতেই মেদ, মাংস প্রভৃতিরও দোষক্ষয় হয়

দেহে, তৃট্ স্বাদ্বাস্যঞ্চ জায়তে ॥ ৫ ॥ অথ প্রমেহসামান্যলক্ষণং দোষদূষ্যভেদাদ্ভেদঞ্চাহ। সামান্যং লক্ষণং তেষাং, প্রভূতাবিলমূত্রতা দোষদূষ্যাবিশেষেঽপি, তৎসংযোগবিশেষতঃ। মূত্রবর্ণাদিভেদেন, ভেদো মেহেষু কল্প্যতে ৬ । অথ কফজদশমেহানাং লক্ষণমাহ। অচ্ছং বহুসিতং শীতং, নির্গন্ধমুদকোপমং মেহত্যুদকমেহেন, কিঞ্চিদাবিলপিচ্ছিলং ইক্ষোরসমিবাত্যর্থং, মধুরঞ্চেক্ষুমেহতঃ সান্দ্রীভবেৎ পর্য্যুষিতং, সান্দ্রমেহেন

শীতাশনশান্তিরন্ধ্যো বোধ্যো এতচ্চ ব্যাধিবিশেষজ নিবর্ত্তমেব যেনাত্র বিদ্যমানাপি কফমেদোবৃদ্ধিঃ নৈবং কর্ত্তুং ক্ষমা ৫ ॥ সামান্যলক্ষণমাহ প্রভূতাবিলমূত্রতেতি প্রভূতমূত্রত্বং দূষ্যদ্রবধাতুসম্বন্ধাৎ আবিলত্বং দোষদূষ্যসংসর্গাৎ নন্বত্র কথং কফেন দশ পিত্তেন ষড়িত্যাদি ব্যবস্থা যতঃ কারণভেদাৎ কার্য্যভেদ ইত্যাশঙ্ক্যাহ দোষদূষ্যাবিশেষেঽপি তৎসংযোগবিশেষত ইতি তেষাং দোষদূষ্যাণাং উৎকর্ষাপকর্ষকৃতত্বাৎ সংযোগভেদাদ্ভেদো মেহেষু ভবতি যথা পঞ্চানাং বর্ণানাং শ্বেতকৃষ্ণপীতলোহিতশ্যাবানাং সংযোগভেদজ্ঞানেকপিঞ্জলপাটলাদিভেদঃ সুশ্রুতেঽপ্যুক্তং যথা পঞ্চানাং বর্ণানাং উৎকর্ষাপকর্ষকৃতেন সংযোগবিশেষেণ কপিলাদিনানাবর্ণোৎপত্তিরেবং দোষাদিসংসর্গাৎ মেহানাং নানাত্বমিতি সংযোগভেদঃ প্রতীতিঃ কুত ইত আহ মূত্রেত্যাদি মূত্রবর্ণাদিভেদঃ দৃষ্টা কারণানাং সমানানাং ভেদঃ কল্পনীয়ঃ, যথা মৃদাদিকারণানাম্যভেদেঽপি কুম্ভকারাদিসংযোগভেদাদুদঞ্চনাদি প্রপঞ্চভেদঃ। নন্বুদঞ্চনাদৌ কুম্ভকারপ্রযত্নভেদ-সংযোগভেদঃ অত্র তু কঃ সংযোগভেদহেতুঃ। উচ্যতে তত্তদাহারাদিসমুত্থশ্চ ভগবতীতাদোষঃ ৬ ॥ অত্র কফস্য শ্বেতপীতমূর্ত্তপিচ্ছিলাচ্ছস্নিগ্ধগুরুমধুরসান্দ্রপ্রসাদমন্দেষু গুণেষু মধ্যে কুত্রচিৎ কিঞ্চিদ্‌গুণপ্রকর্ষাৎ চরকে উদকমেহাদয়ো দশ দৃশ্যন্তে ইত্যাহ অচ্ছং বহুসিতং শীতমিত্যাদি সান্দ্রপ্রসাদস্তু এক এব গুণো গণনীয়ঃ সান্দ্রমেহব্যপদেশস্ত্বেকদেশেন ভবত্যতীতি এতৈশ্চ শ্বেতাদি-

---

শরীরের চিক্কণতা হয় ও মুখের মধুরতা থাকে ৫

প্রমেহের সামান্য লক্ষণ

অধিক পরিমাণে ও কর্দ্দম মিশ্রিত জলের ন্যায় প্রস্রাব, সর্ব্বপ্রকার প্রমেহ রোগেই হইয়া থাকে

এক দোষজনিত প্রমেহ নানা প্রকার হওয়ার কারণ নিরূপণ

যেমন শ্বেত পীত কৃষ্ণ ও লোহিত প্রভৃতি বর্ণের সংযোগে পিঙ্গল ও পাটলাদি বিবিধ প্রকার বর্ণ কল্পিত হইয়া থাকে সেইরূপ বায়ু পিত্ত ও কফ দূষিত হইয়া মেদ,মাংস প্রভৃতির সংযোগে মূত্রের বর্ণ প্রভৃতির ভেদ হয় বলিয়া একদোষজনিত প্রমেহরোগ নানাপ্রকার কল্পিত হইয়াছে। ৬

কফজনিত দশ প্রকার প্রমেহের ভেদ নিরূপণ যথা..

১ উদকমেহ

উদকমেহে নির্ম্মল, শ্বেতবর্ণ, শীতল, গন্ধহীন, আবিল (ঘোলা), পিচ্ছিল ও জলের ন্যায় প্রস্রাব হয়।

২ ইক্ষুমেহ

ইক্ষুমেহে প্রস্রাব ইক্ষুরসের ন্যায় অত্যন্ত মধুর (মিষ্ট) হইয়া থাকে।

মেহতি। সুরামেহী সুরাতুল্য,মুপর্য্যচ্ছমধোঘনং। সংহৃষ্ট রোমা পিষ্টেন, পিষ্টবদ্বহুলং সিতং। শুক্রাভং শুক্রমিশ্রং বা, শুক্রমেহী প্রমেহতি মূর্ত্তাণূন্ সিকতামেহী, সিকতা· রূপিণো মলান্। শীতমেহী সুবহুশো,মধুরং ভৃশশীতলং। শনৈঃ শনৈঃ শনৈর্মেহী,মন্দং মন্দং প্রমেহতি। লালাতন্তুযুতং মূত্রং, লালামেহেন পিচ্ছিলং। ৭। অথ পিত্তজষড়্মে-

---

ভিগুণৈর্বাতৈঃ সমবৈতশ্চ যোগাৎ দশ মেহাঃ নতু যথাক্রমং যেন গুণেনৈকেন অনেকেন বা ভূয়স্তরমুপসৃজ্যতে তত্তৎ সমাখ্যং গৌণং নামবিশেষং প্রাপ্নোতীতি চরকবচনাৎ নহি যথা দশভির্গুণৈর্দশ মেহান্ করোতি। তথা স সর্গবিকল্পান্তরেণাপরানপি কুতো ন করোতীতি নাশঙ্কনীয়ং তাবৎ স্বভাবস্যাপর্য্যনুযোজ্যত্বাৎ অদৃষ্টকল্পনায়াশ্চানর্হত্বাৎ. তত্র শ্বেতাচ্ছশীতৈর্গুণৈরুদকমেহঃ, মধুরশীতাভ্যামিক্ষুমেহঃ, সান্দ্রপিচ্ছিলাভ্যাং সান্দ্রমেহঃ, অচ্ছেন পিত্ত-রাগিণা সুরামেহঃ, শুক্লেন পিষ্টমেহঃ অত্র পিষ্টবদিত লেপনপিষ্টবৎ শ্বেতস্নিগ্ধাভ্যাং শুক্রমেহঃ অত্র শুক্রাভমিতি সর্ব্বমেব শুক্রতুল্যমুক্তং শুক্রমিশ্রং বেতি শুক্রমিশ্রং আবাস্তর শুক্রমিশ্রত্বে তু কফজস্যাপ্যসাধ্যত্বং স্যাদিতি বাপ্যচন্দ্রঃ শুক্রস্য মূত্রেণ শুক্লত্বং সাদৃশ্যং শুক্রমিশ্রত্বেতি চ শুক্রগুণানাং সংযুক্তসমবায়াৎ মূত্রে দর্শনমিত্যাহ চরকেণ তু শুক্রমিত্যনেন শুক্রমিশ্রমিতি বোধ্যং সান্দ্রমূর্ত্তাভ্যাং সিকতামেহঃ অত্র মূর্ত্তাণূনিতি কঠিনান্ অণূন্ মলানিতি বহুবচনং দোষাণামবয়ববহুত্বাৎ জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যামিতি বাপ্যচন্দ্রঃ। মলোঽত্র প্রকরণাৎ কফঃ গুরুমধুরশীতৈঃ শীতমেহঃ। মন্দমূর্ত্তাভ্যাং শনৈর্মেহঃ পিচ্ছিলেন লালামেহঃ। চরকে সুরামেহস্থানে সান্দ্রপ্রসাদমেহঃ পঠিতঃ তথা পিষ্টমেহ শুক্রমেহ শব্দেন চরকে শীতমেহলালামেহৌ পঠিতৌ॥ ৭ ॥ পিত্তজঃ কালমেহঃ। ক্ষুরক্তস্য

---

৩ সান্দ্রমেহ

সান্দ্রমেহে পর্য্যুষিত (বাসী) ভাতের মাড়ের ন্যায় গাঢ় প্রস্রাব হয়।

৪ সুরামেহ।

সুরামেহে সুরার ন্যায় প্রস্রাব হয়, এবং ঐ প্রস্রাব কোন পাত্রে রাখিলে উপরের অংশ পাতলা ও নীচের অংশ গাঢ় লক্ষিত হয়

৫ পিষ্টমেহ

পিষ্টমেহে চাউলের গুড়া অল্প জলে মিশ্রিত করিয়া লেপন করিতে পারা যায়, সেই প্রকার গাঢ় ও শ্বেতবর্ণ প্রস্রাব হয়। এ ভিন্ন রোগী রোমাঞ্চিত হইয়া থাকে।

৬ শুক্রমেহ

শুক্রমেহে রোগী শুক্রের বর্ণের ন্যায় বর্ণযুক্ত অথবা শুক্রমিশ্রিত মূত্রত্যাগ করে।

৭ সিকতামেহ

সিকতামেহে বালিকণিকার ন্যায় কঠিন কণাযুক্ত ও অপরিষ্কার প্রস্রাব হয়।

৮ শীতমেহ।

শীতমেহে মূত্র গুরু (ভারযুক্ত), মধুর (মিষ্ট) ও অত্যন্ত শীতল হইয়া থাকে।

৯ শনৈর্মেহ

শনৈর্মেহে মেহগ্রস্ত ব্যক্তি পুনঃ পুনঃ অল্প পরিমাণে প্রস্রাব করিয়া থাকে।

১০ লালামেহ।

লালামেহে মুখস্থিত লালার ন্যায় তন্তুযুক্ত এবং পিচ্ছিল প্রস্রাব হয়॥ ৭।

হানাং লক্ষণমাহ। গন্ধবর্ণরসস্পর্শৈঃ, ক্ষারেণ ক্ষারতোয়বৎ নীলমেহেন নীলাভং, কালমেহী মসীনিভং। হারিদ্রমেহী কটুকং,হরিদ্রাসন্নিভং দহং। বিস্রং মাঞ্জিষ্ঠমেহেন মঞ্জিষ্ঠাসলিলোপমং। বিস্রমুষ্ণং সলবণং, রক্তাভং রক্তমেহতঃ। ৮। অথ বাতজ চতুর্মেহানাং লক্ষণমাহ। বসামেহী বসামিশ্রং, বসাভং মুত্রয়েন্মুহুঃ। মজ্জাভং মজ্জমিশ্রং বা, মজ্জমেহী মুহুর্মুহুঃ। কষায়ং মধুরং রুক্ষং ক্ষৌদ্রমেহং বদেদ্বুধঃ। হস্তীমত্ত ইবাজস্রং, মূত্রং বেগ-

---

চরকোক্ত শীতমেহলালামেহযোঃ স্থানে ফেণমেহলবণমেহৌ কালমেহে চাম্লমেহং পঠিতবান্। সমস্যা চাত্র নাস্ত্যেব পরস্পরলক্ষণসম্বাদাভাবাৎ স্মৃতিদ্বৈধবৎ সর্ব্বং প্রমাণং পিত্তাত্ত্ যড্ভিঃ পিত্তগুণৈঃ ক্ষারনীলকালপীতলোহিতমিশ্রৈ যথাক্রমং ক্ষারমেহাদয়ঃ ষট্ তান্ গন্ধবর্ণরসস্পর্শৈরিত্যাদিনা দর্শয়তি নীলাভমিতি চাসপক্ষপ্রভং চাসঃ স্বর্ণচূড় ইতি লোকে খ্যাতঃ ক্বচিৎ টাকসনা চাস ইতি গদাধরঃ, তৎপক্ষশ্চ স্নিগ্ধনীলো ভবতি দহদিতি মূত্রবিশেষণং দহন্নিতি পাঠান্তরে দাহমনুভবন্ পুরুষঃ। ৮ বাতেন যথাক্রমং বসামজ্জৌজোলসীকাভি র্বসামেহাদয়ঃ। তানাহ বসামেহী বসামিশ্রমিত্যাদি অথং বসামেহঃ সুশ্রুতে সর্পির্মেহনাম্না ক্ষৌদ্রমেহ-

---

পিত্তজনিত মেহ ছয় পকার যথা—

১ ক্ষারমেহ

ক্ষারমেহে ক্ষার ধৌত জলের ন্যায় মূত্র গন্ধ বর্ণ ও রসযুক্ত হয় এবং ক্ষারের জল স্পর্শ করিলে যেরূপ পিচ্ছিল বোধ হয় মূত্রও সেইরূপ পিচ্ছিল হইয়া থাকে

২ নীলমেহ।

নীলমেহে মেহগ্রস্থ ব্যক্তি নীলবর্ণ মূত্র ত্যাগ করিয়া থাকে।

৩ কৃষ্ণমেহ।

কৃষ্ণমেহে রোগী কালীর ন্যায় মূত্র ত্যাগ করে।

৪ হারিদ্রমেহ।

হরিদ্রামেহে মূত্র হরিদ্রাবর্ণ ও কটুরসযুক্ত হয় এবং প্রস্রাব করিবার সময় লিঙ্গনালে জ্বালা হইয়া থাকে।

৫। মঞ্জিষ্ঠামেহ।

মঞ্জিষ্ঠামেহে মঞ্জিষ্ঠা ধৌত জলের ন্যায় প্রস্রাব হইয়া থাকে।

৬ রক্তমেহ

রক্তমেহে রোগী দুর্গন্ধ ও লবণযুক্ত এবং উষ্ণ ও রক্তবর্ণ প্রস্রাব করিয়া থাকে ৮।

বাতজনিত প্রমেহ চারি প্রকার, যথা—

১ বসামেহ।

বসামেহে বসামিশ্রিত ও বসার বর্ণযুক্ত প্রস্রাব পুনঃ পুনঃ হইয়া থাকে

২ মজ্জমেহ

মজ্জামেহে মজ্জারবর্ণ এবং মজ্জামিশ্রিত প্রস্রাব হইয়া থাকে।

বিবর্জ্জিতং । সলসীকং বিবদ্ধঞ্চ, হস্তিমেহী প্রমেহতি । ৯ ।
অথ কফজ মেহানামুপদ্রবমাহ । অবিপাকোঽরুচি শ্ছর্দ্দি
র্নিদ্রা কাসঃ সপীনসঃ । উপদ্রবাঃ প্রজায়ন্তে, মেহানাং
কফজন্মনাং । ১০ ॥ অথ পিত্তজমেহানা মুপদ্রবমাহ ।
বস্তিমেহনয়োস্তোদো, মুষ্কাবদরণং জ্বরঃ । দাহস্তৃষ্ণা-
ম্লিকা মূর্চ্ছা, বিড়্‌ভেদঃ পিত্তজন্মনাং । ১১ ॥ অথ বাতজ-
মেহানামুপদ্রব মাহ । বাতজানামুদাবর্ত্তঃ, কম্পহৃদগ্রহলো-
লতাঃ । শূলমুন্নিদ্রতা শোষঃ, কাসঃ শ্বাসশ্চ জায়তে ॥১২ ।
অথাসাধ্যতামাহ । যথোক্তোপদ্রবারিষ্টমতিপ্রস্রুতমেব

শ্চরকে মধুমেহনাম্না পঠিতঃ ॥ ৯ ॥ ইদানীং কফজাদিমেহানাং কৃচ্ছ্রসাধ্যত্বমসাধ্যত্বঞ্চ জ্ঞাপয়িতুং ভেদেনোপদ্রবানাহ অবিপাকে ইত্যাদি কফজে কাস আদ্যঃ বাতজে শুষ্কঃ তোদঃ সংসর্গিবাতজন্যঃ মেহানাং ত্রিদোষজন্যত্বাৎ ॥ ১০ ॥ মুষ্কাবদরণং পাকেন । অম্লিকা অম্লোদ্গারঃ । ১১ ॥ লোলতা সর্ব্বরসভক্ষণেচ্ছা, ইয়ঞ্চ প্রভাবাদ্বা ভবতি যথা বাতগ্রহণ্যাং গৃদ্ধিঃ সর্ব্বরসানামিত্যুক্তং ॥ ১২ ॥ অসাধ্যতামাহ যথোক্তোপদ্রবারিষ্টমিত্যাদি উক্তৈ-রবিপাকাদিভিরন্যৈশ্চ সুশ্রুতাদ্যুক্তৈ রুপদ্রবৈঃ । তদ্‌যথা কফজে আলস্যাদ্যোপদেহ-শৈথিল্য কফপ্রসেক মক্ষিকোপসর্পণাদিকং । পিত্তজে পাণ্ডুরোগাদিকং অতিপ্রস্রুতমিতি অতি-শয়ং ধাতুস্রাবযুক্তং পীড়কাপীড়িতমিতি শরাবিকাদি পীড়কাপীড়িতং গাঢ়ং কালপ্রকর্ষাৎ যদ্যপি পীড়কা অপ্যুপদ্রবত্বেনাভিমতাঃ । যদুক্তঞ্চরকে উপদ্রবাস্তু খলু প্রমেহিণাং তৃষ্ণা-জ্বরাতিসারমারভ্য যাবৎ পূতিমাংসপীড়কা অলজীবিদ্রধ্যাদয় ইতি তথাপি পীড়কানাং

৩ ক্ষৌদ্রমেহ ।

ক্ষৌদ্রমেহে কষায় ও মধুররসযুক্ত এবং স্নেহশূন্য প্রস্রাব হইয়া থাকে।

৪ হস্তিমেহ ।

হস্তিমেহে রোগী মত্তহস্তীর ন্যায় সর্ব্বদা অধিক পরিমাণে লসীকাযুক্ত প্রস্রাব করে ॥ ৯॥

কফজনিত প্রমেহের উপদ্রব

অগ্নিমান্দ্য অরুচি, বমি, অতিনিদ্রা, কাস, নাসাস্রাব, এই সকল কফজনিত মেহের উপদ্রব॥ ১০

পিত্তজনিত প্রমেহের উপদ্রব

পিত্তজনিত প্রমেহে লিঙ্গ ও মূত্রাশয়ে সূচীবেধনবৎ বেদনা, অণ্ডকোষের বিদীর্ণতা (অণ্ডকোষ ফাটিয়া যায়), জ্বর, জ্বালা, পিপাসা, অম্লোদ্গার, মূর্চ্ছা ও জলবৎ বাহ্যে। এই সকল উপদ্রব ঘটিয়া থাকে। ১১

বাতজনিত প্রমেহের উপদ্রব ।

বাতজনিত প্রমেহে উদাবর্ত্ত রোগ, কম্প, হৃদয়ে বেদনা কটু তিক্ত, ও কষায় প্রভৃতি রসযুক্ত দ্রব্য ভক্ষণে ইচ্ছা, অনিদ্রা, শোষ (ক্ষয়) কাস ও শ্বাস এই সকল উপদ্রব হইয়া থাকে ।।১২।।

প্রমেহের অসাধ্য লক্ষণ

প্রমেহরোগী পূর্ব্বোক্ত উপদ্রব দ্বারা আক্রান্ত হইলে এবং অতিশয় ধাতুক্ষয়জনিত দুর্ব্বল ও পীড়কাগ্রস্ত হইলে, তাহাকে মৃত্যুগ্রাসে পতিত হইতে হয় ১৩

চ। পীড়কাপীড়িতং গাঢ়ং, প্রমেহো হন্তি মানবম্। ১৩॥

অথ প্রমেহাসাধ্যতায়াঃ প্রকারান্তরমাহ। জাতঃ প্রমেহী
মধুমেহিনো বা, ন সাধ্যউক্তঃ স হি বীজদোষাৎ। যে

পৃথগুৎপাদসূচনার্থং পৃথক্ করণং উক্তং চরকে বিনা প্রমেহমপ্যেতা জায়ন্তে দুষ্টমেদসঃ ইতি অন্যদপি অসাধ্যং লক্ষণং বোদ্ধব্যং, যদাহ চরকঃ। 'সপূর্ব্বরূপাঃ কফপিত্তমেহাঃ ক্রমেণ যে বাতকৃতাশ্চ মেহাঃ সাধ্যা ন তে পিত্তকৃতাস্তু যাপ্যাঃ সাধ্যাস্তু মেদো যদি ন প্রদুষ্ট'মিতি অস্যার্থঃ যে কফজাঃ সাধ্যাস্তে সপূর্ব্বরূপাঃ সন্তোঽসাধ্যাঃ পিত্তকৃতাস্তু যাপ্যা যে তে সপূর্ব্বরূপা এব অসাধ্যাঃ প্রত্যাখ্যেয়াঃ সর্ব্বরোগাণামেব যদ্যপি পূর্ব্বরূপান্বয়ত্বে অসাধ্যত্ব-মুক্তং তথাপ্যত্রাসকলপূর্ব্বরূপান্বয়ে অসাধ্যত্বং, অন্যত্র তু সকলপূর্ব্বরূপান্বয়ে সতীতি শেষঃ ক্রমেণেতি স্বনিদানক্রমেণ। তেন নিজহেত্বাদিকৃতা যে বাতজা শ্চত্বারো মেহাঃ পূর্ব্বরূপবহিতা স্তে ন হি সাধ্যাঃ,যে তু পশ্চাৎ ধাত্বপকর্ষণাদ্যাতায়ুবন্ধেন বাতজা স্তে সাধ্যাঃ যাপ্যা বা অতএ-বোক্তং যা বাতমেহান্ প্রতি পূর্ব্বমুক্তা বাতোল্বণানাং বিহিতা ক্রিয়া সা ইত্যাদি। ১৩। অসাধ্যতায়াঃ প্রকারান্তরমাহ জাত ইত্যাদি। শ্লেষ্মমেদসোরতিদুষ্ট্যা মূত্রস্বেদশ্লেষ্মাণামতি-মাধুর্য্যাৎ মধুমেহিনো জাতো যঃ প্রমেহী স চাপি সাধ্যো ভবতীতি বীজদোষাদিতি প্রমেহারম্ভকদোষদুষ্টবীজজাতপ্রমেহিত্বাৎ মধুমেহশব্দেন চাত্র মেহমাত্রমুচ্যতে যদি তু বাতিক উপেক্ষিতো বা মেহো মধুমেহ উচ্যতে, তদা চেতরপ্রমেহযুক্তমাতৃপিতৃজনিত-প্রমেহিনো নাসাধ্যত্বমুক্তং স্যাৎ, কিঞ্চ মধুমেহিনা জনিতস্য মধুমেহিত্বমেব কারণানুরূপতয়া যুক্তং ততশ্চ মধুমেহী মধুমেহিনা বা জাতো ন সাধ্য ইতি বক্তুমুচিতং তস্যাসাধ্যত্বমপি ন বক্তব্যং মধুমেহস্যাসাধ্যত্বাদেব অন্যত্রাপি মধুমেহশব্দেন মেহমাত্রমুক্তং যথা গুল্মী চ মধুমেহী চ রাজযক্ষ্মী চ যো নরঃ। অচিকিৎস্যা ভবন্ত্যেতে বহুমাংসপরীক্ষয়াদিতি যদি হ্যত্র মধুমেহোঽভীষ্টঃ স্যাত্তদা বহুমাংসপরীক্ষয়াদিতি ন কৃতং স্যাৎ তস্য স্বরূপত এবাসাধ্যত্বাৎ। তথা কিয়ন্তঃ শিরসীয়াধ্যায়ে উপেক্ষয়াঽস্য জায়ন্তে পীডকা মধুমেহিকা ইত্যাদিনা যা মধুমেহ-সম্বন্ধিত্বেনোক্তাস্তা এব প্রমেহিনাং যাঃ পীডকা ময়োক্তা ইত্যন্তেনচ চিকিৎসাস্থানে প্রমেহ-মাত্রসম্বন্ধিতয়া অনূদ্য চিকিৎসায়াং সংযোজিতা। তস্মাত্তাবিনীং মধুমেহতামাশ্রিত্য সর্ব্ব এব মেহা মধুমেহশব্দবাচ্যাঃ। উক্তং হি সুশ্রুতে "মধুরং যচ্চ মেহেষু প্রায়ো মধ্বিব মেহতি সর্ব্বেঽপি মধুমেহাখ্যা মাধুর্য্যাচ্চ তনোরত" ইতি গদাধরেণ তু পীডকাসম্বন্ধেনৈব মধুমেহত্ব-মুক্তং যতশ্চরকে কিয়ন্তঃ শিরসীয়াধ্যায়ে মধুমেহমভিধায় পীডকা উক্তা ইতি তন্ন মনোহরং তত্র মধুমেহশব্দেন প্রমেহমাত্রাভিধানাৎ যদি তু মধুমেহ এবাভীষ্টঃ স্যাৎ তদা উপেক্ষয়াস্য জায়ন্ত ইতি উপেক্ষাভিধানমনুপপন্নং স্যাৎ পীডকানাঞ্চ মধুমেহভবানাং চিকিৎসো-পদেশো ব্যর্থঃ স্যাদিতি কুলজমেহস্যাসাধ্যতাপ্রসঙ্গেনাপরেষামপি কুলজানাম-সাধ্যত্বমাহ যে চাপীত্যাদি কেচিদিতি কুষ্ঠাদয়ঃ কুলজা ইতি পিতৃপিতামহমাতামহাদিসং-ভূতাঃ। এতেন প্রমেহেঽপি পিতৃপিতামহমাতামহস্যাপি প্রমেহমসাধ্যত্বং দর্শয়তি নন্বু যস্য পি-তামহঃ প্রমেহী তস্য পিতাপি প্রমেহী প্রমেহিজাতত্বাৎ তথাচ সতি জাতঃ প্রমেহী মধুমেহিনা বা ন সাধ্যউক্ত স হি বীজদোষাদিত্যনেনৈব গতার্থং নৈবং, নহি প্রমেহিনা জাত ইত্যেতাবতা উৎপন্নমাত্র এব প্রমেহী ভবতি। কিন্তু হি কালবশেন দুষ্টেরভিব্যক্ত্যা, যথা কুষ্ঠিজাতস্য কুষ্ঠং এতেন যদা অনতিদুষ্টবীজেন প্রমেহিজাতেন পিত্রা জন্যতে পুরুষঃ প্রমেহী সোঽপ্যসাধ্য

অপর অসাধ্য লক্ষণ।

বীজদোষে যে প্রমেহ রোগ জন্মে অর্থাৎ পিতা পিতামহ হইতে উৎপন্ন যে প্রমেহ

চাপি কেচিৎ কুলজা বিকারা, ভবন্তি তাং স্তান্ প্রবদন্ত্য-
সাধ্যান্ ॥ ১৪ ॥ অথোপেক্ষয়া সর্ব্বমেহানাং মধুমেহত্বং
দর্শয়ন্নাহ। সর্ব্ব এব প্রমেহাস্ত, কালেনাপ্রতিকারিণঃ।
মধুমেহত্বমায়ান্তি, তদসাধ্যা ভবন্তি হি। মধুমেহে
মধুসমং, জায়তে স কিল দ্বিধা। ক্রুদ্ধে ধাতুক্ষয়াদ্বায়ৌ
দোষাবৃতপথেঽথবা আবৃতো দোষলিঙ্গানি, সোঽনিমিত্তং
প্রদর্শয়ন্। ক্ষণাৎ ক্ষীণঃ ক্ষণাৎ পূর্ণো, ভজতে কৃচ্ছ্রসা-
ধ্যতাং। মধুরং যচ্চ মেহেষু, প্রায়ো মধ্বিব মেহতি
সর্ব্বেঽপি মধুমেহাখ্যা, মাধুর্য্যাচ্চ তনোরতঃ। ১৫। অথ
প্রমেহোপেক্ষয়া দশপীড়কা স্তানাহ। শরাবিকা কচ্ছপিকা,
জালিনী বিনতালজী। মসূরিকা সর্ষপিকা, পুত্রিণী সবি-

ইতি কুলজা ইত্যনেনৈব মেহস্যাপ্যসাধ্যতায়াং লব্ধায়াং পুনস্তৎকথনং প্রমেহিণাং প্রায়েণ সন্তানাদ্ববিচ্ছিন্নপ্রদর্শনার্থং। উক্তঞ্চ প্রমেহোহনুসজ্জিনামিতি। ১৪। উপেক্ষয়া হি পিত্ত কফজানামপি মধুমেহিত্বং প্রদর্শয়িতুমাহ সর্ব্ব এবেত্যাদি। ধাতুক্ষয়াবরণাভ্যাং কুপিতবাতো মধুমেহসম্ভবমাহ মধুমেহ ইত্যাদি। মধুসমমিতি মূত্রমিতি শেষঃ। স ইতি মধুমেহঃ সাধারণ লিঙ্গমাহ আবৃত ইত্যাদি আবৃত ইতি আবৃতবাতকৃতঃ দোষলিঙ্গানীতি যেন পিত্তাদিনা আবৃতো বাতস্তস্য চ লিঙ্গানি দর্শয়ন্ অনিমিত্তং অকস্মাৎ ক্ষীণঃ ক্ষণাৎ আবরণেন পুনঃ পূর্ণো ভবন্ কৃচ্ছ্রসাধ্যো ভবতি তথা চ চরকঃ সমাকৃতয়া পিত্তস্য কফস্য চ মুহুর্মুহুঃ দর্শয়ত্যা কৃতিং জ্ঞাত্বা ক্ষণমপ্যর্জ্জতে পুনরিতি ধাতুক্ষয়কুপিত বাতজন্য তু কেবলং তজ্জমেব লিঙ্গং সদা ধরস্যাস্য মধুমেহঃ সাবরণবায়ুনৈব ক্রিয়তে যদাহ চরকঃ তৈরাবৃতগতি র্বায়ুরোজ আদায় গচ্ছতি যদা বস্তিং তদা কৃচ্ছ্রো মধুমেহঃ প্রবর্ত্তত ইতি কেবলবাতজেষু কষায়াদি বমনাদ্যতি যোগাদিকৃতেষু ধাতুক্ষয়জেষু বায়োরাবরণং নাস্তীতি ভেদঃ মধুমেহশব্দপ্রবৃত্তৌ নিমিত্তমাহ মধুরং যচ্চ মেহেষ্বিত্যাদি ১৫। প্রমেহাপেক্ষয়া পীড়কাসম্ভবং দর্শয়িতুমাহ শরাবিকেত্যাদি ইহ দশপীড়কাসু বিনতায়াঃ পাঠো ভোজবিরুদ্ধঃ স্তুশ্রুতে ভোজে হি নব পীড়কাঃ তদ্যথা

রোগ, সেই প্রমেহ অসাধ্য অপর, বংশ পরম্পরাগত যে কোন রোগই হউক তাহা অসাধ্য ১৪।

মধুমেহের লক্ষণ ও উৎপত্তি।

ধাতুক্ষয়ে বায়ু কুপিত হইয়া মধুমেহ জন্মায় অথবা পিত্ত ও কফ বায়ুর পথ বন্ধ করিলে বায়ু রুদ্ধগতি হইয়া মধুমেহ উৎপাদন করিয়া থাকে এই মেহে মধুর ন্যায় প্রস্রাব হয়। বিশেষতঃ, পিত্ত ও কফ দ্বারা বায়ু স্রোত বন্ধ হইলে, বায়ু যে মধুমেহ উৎপাদন করে, সেই মেহে বায়ুর লক্ষণ প্রকাশ পায় এবং বিনা কারণে রোগ হ্রাস ও বৃদ্ধি পাইয়, কষ্টসাধ্যে পরিণত হইয়া থাকে

সমস্ত প্রমেহই যথা সময়ে চিকিৎসিত না হইলে, মধুর ন্যায় মিষ্ট প্রস্রাব হয় বলিয়া, সমস্ত মেহকেই মধুমেহ বলা যাইতে পারে ১৫।

পীড়কা।

প্রমেহ রোগে শরাবিকা, কচ্ছপিকা, জালিনী, বিনতা, অলজী, মসূরিকা, সর্ষপিকা,

দারিকা ॥ বিদ্রধিশ্চেতি পীড়কাঃ, প্রমেহোপেক্ষয়া দশ ॥ সন্ধিমর্ম্মসুজায়ন্তে, মাংসলেষু চ ধামসু অন্তোন্নতা তু তদ্রূপা, নিম্নমধ্যা শরাবিকা গৌরসর্ষপসংস্থানা, তৎপ্রমাণা চ সর্ষপী ॥ সদাহ কূর্ম্মসংস্থানা, জ্ঞেয়া কচ্ছপিকা বুধৈঃ। জালিনী তীব্রদাহা তু, মাংসজালসমাবৃতা, অবগাঢ়রুজাক্লেদ, পৃষ্ঠে বাপ্যুদরেঽপি ব মহতী. পীড়কা নীলা, বিনতা নাম সা স্মৃতা। মহত্যল্পচিতা জ্ঞেয়া, পীড়কা চাপি পুত্রিণী মসূরাকৃতিসংস্থানা, বিজ্ঞেয়া তু মসূরিকা। রক্তাসিতাস্ফোটচিতা, দারুণা ত্বলজী ভ-

শরাবিকা সর্ষপিকা কূর্ম্মিকা জালিনী তথা কুলখিকালজীপুত্রিবিদারীবিদ্রধী তথা নবৈতা পীড়কা জ্ঞেয়া ইত্যাদি কুলথিকা ভোজে মসূরিকা জ্ঞেয়া কিন্তু ভেদ এব স্যাদত্তেতি বক্তুং সুকরং সুশ্রুতে সর্ব্বত্র চরকে চ বিনতায়া দর্শনাৎ চরকে তু সপ্ত পীড়কাঃ তদ্‌যথা শরাবিকা কচ্ছপিকা জালিনী সর্ষপী তথা অলজী বিনতাখ্যা চ বিদ্রধী চেতি সপ্তমী তত্র প্রায়োভাবাৎ সপ্তানামভিধানং যতঃ স্তেনৈব কিয়ন্তঃ শিবসায়াধ্যায়ে তথান্যাঃ পীড়কাঃ সন্তীত্যাদিনা অধিকপীড়কাসম্ভবঃ সূচিতঃ প্রমেহোপেক্ষবেত্যভিধানং মধুমেহে প্রমেহমাত্রে চ পীড়কাসম্ভবং দর্শয়তি অতএব বিনা প্রমেহমপ্যেতা ইত্যত্র প্রমেহমাত্রগ্রহণং কৃতং ধামস্বিতি স্থানেষ তত্র

পুত্রিণী, বিদারিকা ও বিদ্রধি এই দশ প্রকার পীড়কা (ব্রণ বিশেষ) জন্মে এবং ইহারা সন্ধি মর্ম্ম (মস্তক, অণ্ডকোষ প্রভৃতি) ও মাংসযুক্ত স্থানেই হইয়া থাকে। পীড়কার লক্ষণ ক্রমে বর্ণন করা যাইতেছে

১ শরাবিকা যাহার বেষ্টন শরাবের ন্যায় উন্নত ও মধ্যস্থান নিম্ন তাহাকে শরাবিকা কহে।

২ কচ্ছপিকা—যে পীড়কা কচ্ছপের পৃষ্ঠদেশের ন্যায় উন্নত এবং জ্বালাযুক্ত হয়, তাহাকে কচ্ছপিকা বলে

৩ জালিনী যে পীড়কা মাংস দ্বারা আবৃত হইয়া উঠে এবং যাহাতে জ্বালা থাকে তাহাকে জালিনী কহে

৪ বিনতা—যে নীলবর্ণ ও বড় পীড়কা পৃষ্ঠ ও উদরে জন্মে এবং ক্লেদস্রাব ও অত্যন্ত বেদনা হয়, তাহার নাম বিনতা।

৫ অলজী—যে পীড়কা রক্তবর্ণ অথবা শ্বেতবর্ণ হয় এবং স্ফোটকের ন্যায় বড় হয়, তাহাকে অলজী বলে

৬ মসূরিকা—যে পীড়কার বর্ণ ও আকৃতি মসূরের (মসূরকলায়ের) ন্যায়, তাহাকে মসূরিকা বলে।

৭ সর্ষপিকা—যে পীড়কার বর্ণ ও আকৃতি শ্বেতসর্ষপের তুল্য, তাহাকে সর্ষপিকা বলে

৮ পুত্রিণী—যে পীড়কা অধিক স্থান ব্যাপ্ত হইয়া উঠে এবং অধিক উন্নত হয় না, তাহাকে পুত্রিণী কহে।

৯ বিদারিকা—যে পীড়কা ভূমিকুষ্মাণ্ডের ন্যায় গোলাকার ও কঠিন হয় তাহাকে বিদারিকা কহে

বেৎ ॥ বিদারীকন্দবদ্বৃত্তা কঠিনা চ বিদারিকা। বি-
দ্রধেঃ লক্ষণৈর্যুক্তা, জ্ঞেয়া বিদ্রধিকা তু সা ॥ ১৬ ॥
অথ পীড়কানামারম্ভককারণমাহ। যে যন্ময়াঃ স্মৃতা মে-
হাস্তেষামেতাস্তু তন্ময়াঃ। বিনা প্রমেহমপ্যেতা, জায়ন্তে
দুষ্টমেদসঃ তাবচ্চৈতা ন লক্ষ্যন্তে, যাবদ্বাস্তুপরি-
গ্রহাঃ ॥ ১৭ ॥ অথাসাধ্যপীড়কালক্ষণমাহ। গুদে
হৃদি শিরস্যংসে, পৃষ্ঠে মর্ম্মসু চোত্থিতাঃ সোপ-

পেতি শরাবরূপা অল্পচিতা অল্পপীড়কান্তরচিতা। বিদ্রধের্লক্ষণৈর্যুক্তেত্যভিধানেন বিদ্রধে-
রস্যা অভেদোবোধ্যঃ ॥ ১৬ ॥ পীড়কানামারম্ভককারণমাহ যে যন্ময়া ইতি। তন্ময়া ইতি
নির্দ্দেশঃ। ক্বচিদপবাদবিষয়েঽপ্যুৎসর্গোঽপি ভিনিবিশতে ইতি জ্ঞাপকং বাধিত্বা টাপা সাধনীয়ঃ
এতদেবং মত্বা কৈশ্চিত্তৎকৃতা ইতি পাঠান্তরং কৃতং। তৎস্বমত্র পিণ্ডার্থঃ যো যদ্দোষোল্বণো
মেহস্তদ্দোষোল্বণৈব পীড়কা ভবতি। ননু জালিন্যাং তীব্রদাহঃ পঠিতঃ সচ পিত্তকৃতঃ। ভোজে
ঽপি জালিনী পিত্তকৃতৈব পঠিতা, যথা পরস্পরাভিসম্বদ্ধা পীড়কা হৈকদেশজা। পিত্তোৎকটা
দাহবতী সূক্ষ্মরুক্ জালিনী মতেতি তৎকথং জালিন্যাং পিত্তজত্বনিয়মাৎ যে যন্ময়া ইত্যাদি
গ্রন্থার্থসংগতিঃ। নৈবং প্রচুরপীড়কানাং তন্ময়ত্বেন বাহুল্যেনাভিধানং যথা ছত্রিণো গচ্ছন্তী-
গদাধরঃ কিম্বা স্বমহিম্না জালিনী পিত্তপ্রধানা ভবতি শ্লেষ্মবাতজত্বে হেতুবত্বেন শ্লেষ্মবাতপ্র-
ধানা চ তেন দোষত্রয়প্রধানত্বাৎ সর্ব্বদা সা ভবতি। অন্যস্ত্বাহ তীব্রদাহপিত্তোৎকটত্বঞ্চ
পৈত্তিকমেহজায়াং জালিন্যামবগন্তব্যং অন্যমেহজাতে অন্যদোষোৎকটা নির্দাহা চ।
অতএব চরকে জালিনী কফোল্বণা নির্দাহা এব পঠিতা তদ্যথা শরাবিকা কচ্ছপিকা জালিনী
চেতি দুঃসহা জায়ন্তে তা হ্যতিবলাঃ প্রভূতশ্লেষ্মমেদসাৎ। স্তব্ধা শিরাজালবতী স্নিগ্ধস্রাবা
মহাশয়া রুজানিস্তোদবহুলা সূক্ষ্মচ্ছিদ্রা চ জালিনী নচাতিপ্রাসঙ্গিকমুক্তং হি সমর্থ্যতে।
অস্মিংশ্চ সমাধানে যে যন্ময়া ইত্যাদিনা ব্যাহন্যতে চরকভোজবচনয়োশ্চাবিরোধার্থং যত্নান্তরং
ন মৃগ্যং। কার্ত্তিকস্ত্বাহ পাককালে পিত্তোৎকটত্বং তস্মাৎ সর্ব্বে ■ বিপাককালে পিত্ত-
শোথাস্ত্রিভিরেব দোষৈরিতি বচনাৎ এতত্তু সর্ব্বত্রাবিশেষাদাদ্রিয়ন্তে ॥ ১৭ ॥ অসাধ্যপীড়কা-
লক্ষণমাহ গুদে হৃদীত্যাদি। সোপদ্রবা ইতি উপদ্রবাশ্চ তৃট্কাসাদয়ঃ যথাহ চরকঃ
তৃট্কাসমাংসসঙ্কোচমোহহিক্কামদজ্বরাঃ। বীসর্পমর্ম্মসংরোধাঃ পীড়কানামুপদ্রবা ইতি। পীড়-

১০ বিদ্রধি যে পীড়কা বিদ্রধি রোগের সমস্ত লক্ষণযুক্ত, অর্থাৎ বিদ্রধির সদৃশ হয়, তা-
হার নাম বিদ্রধি ॥ ১৬ ॥

পীড়কার কারণ

বায়ু, পিত্ত ও কফ কর্ত্তৃক পীড়কা জন্মে। অতএব কফজনিত প্রমেহে কফজনিত পীড়কা, পিত্তজনিত প্রমেহে পিত্তজনিত পীড়কা, এবং বায়ুজনিত প্রমেহে বায়ুজনিত পীড়কা হইয়া থাকে। অপর, প্রমেহ রোগ ব্যতীতও মেদ দূষিত হইয়া পীড়কা জন্মে। পরন্তু পীড়কা উৎপন্ন মাত্রে উহার সমস্ত লক্ষণ প্রকাশ পায় না বলিয়া, সেই সময়ে পীড়কা বলিয়া নিশ্চয়-রূপে জানা যায় না, সুতরাং পীড়কার সমস্ত লক্ষণ প্রকাশ পাইলে চিকিৎসা করা কর্ত্তব্য ॥ ১৭ ॥

পীড়কার অসাধ্য লক্ষণ

মন্দাগ্নি ব্যক্তির মলদ্বার, হৃদয়, স্কন্ধ ও মর্ম্মস্থানে পীড়কা জন্মিলে এবং উপদ্রব

তৃষ্ণা দুর্ব্বলাগ্নেঃ, পীড়কাঃ পরিবর্জ্জয়েৎ ॥ ১৮ ॥

ইতি প্রমেহমধুমেহপীড়কানিদানং।

কাস্তু প্রায়েণাধঃকায় এব দোষদুষ্যাণামধঃপ্রসরণাৎ রসাদীনাঞ্চ দৌর্ব্বল্যাৎ নোর্দ্ধমুত্তিষ্ঠন্তি দোষা ইতি বচনাচ্চ। কেচিদাহুঃ স্ত্রীণাং প্রমেহো ন ভবতীতি তথাচ তন্ত্রান্তরং রজঃ-প্রসেকান্নারীণাং মাসি মাসি বিশুধ্যতি সর্ব্বং শরীরং দোষাশ্চ ন প্রমেহস্ত্যতঃ স্ত্রিয়ঃ, কিন্তু স্ত্রীষু প্রমেহদর্শনাৎ এতদ্ধেতুবলাৎ অন্যরোগসম্ভবত্বাচ্চ এতৎপায়ে বাতমাশ্রিত্য উক্তং মেহনিবৃত্তিলক্ষণঞ্চ সুশ্রুতে পঠিতং তদ্‌যথা প্রমেহনো যদা মূত্রমনাবিলমপিচ্ছিলং। বিষদং তিক্তকটুকং তদারোগ্যং প্রচক্ষতে ১৮ ॥

ইতি ব্যাখ্যামধুকোষে প্রমেহমধুমেহপীড়কানিদানং।

(পিপাসা কাস প্রভৃতি) উপস্থিত হইলে, চিকিৎসকগণ সেই রোগীকে পরিত্যাগ করিবেন। ১৮ ॥

প্রমেহরোগ সমাপ্ত

অথ মেদোনিদানং।

অথ মেদোরোগস্য নিদানপূর্ব্বিকাং সংপ্রাপ্তিমাহ। অব্যায়াম দিবাস্বপ্ন-শ্লেষ্মলাহাররসেবিনঃ। মধুরোঽন্নরসঃ প্রায়ঃ, স্নেহান্মেদঃ প্রবর্দ্ধয়েৎ॥ মেদসাবৃতমার্গত্বাৎ, পুষ্যন্ত্যন্যে ন ধাতবঃ। মেদস্তু চীয়তে তস্মা, দশক্তঃ সর্ব্বকর্ম্মসু। ১॥ অথ তস্য রূপমাহ। ক্ষুদ্রশ্বাসতৃষা-মোহ, স্বপ্নক্রথনসাদনৈঃ॥ যুক্তঃক্ষুৎস্বেদদুর্গন্ধৈ, রল্প-প্রাণোঽল্পমৈথুনঃ। ২। উদরে মেদোবৃদ্ধেঃকারণ-মাহ। মেদস্তু সর্ব্বভূতানা, মুদরেঽস্থিষু সংস্থিতং অত

বিন' প্রমেহঃ প্যেক্তা জায়ন্তে দুষ্টমেদস ইত্যত্র মেদঃ সঙ্কীর্ত্তনাৎ মেদো দুষ্টেরভিধানাৎ মেদো দুষ্টা চ স্থৌল্যং। মধুরোঽন্নরস ইতি মধুরঃ অন্নরসঃ প্রায় আহারঃ সম্ভবতি, স্নেহাৎ মেদো জনয়তি সুশ্রুতেঽপুক্তং আম ইবান্নরসো মধুরতরশ্চ ভবতীত্যাদি। নহু মেদস্বিন-স্তীক্ষ্ণাগ্নিত্বাৎ কথমাম ইবান্নরসো ভবতি, যদুক্তং চরকেণ সন্ধুক্ষতাগ্নিমিতি অগ্নৌ চ মন্দে আমোৎপাদঃ যদাহ আমাশয়স্থঃ কায়াগ্নে দৌর্ব্বল্যাদবিপাচিতং। আদ্য আহার ধাতু র্যঃ স আম ইতি কীর্ত্তিতঃ উচ্যতে, শ্লেষ্মলাহারাধ্যশনশীলত্বেন কদাচিৎ কালব্যতিক্রম ভোজনেনচ বহুবিকারকরণাগ্নিব্যাপত্তেরন্নরসস্যামতুল্যত অথবা মধুরতরান্নরসোপাল ত্তেঽন্নবহস্রোতসি সর্ব্ব এবান্নরসো মধুরতরো নিষ্পদ্যতে। যথা পিত্তযুক্তেঽন্নবহস্রোতসি মধুররসস্যাপি বিদাহঃ। যদুক্তং স্রোতস্যন্নবহে পিত্তং পক্তৌ বা যস্য তিষ্ঠতি বিদাহি ভুক্তমন্যদ্বা তস্যাপ্যন্নং বিদহ্যত ইতি। স চামতুল্যত্বাদাম ইত্যুচ্যতে অশক্তঃ সর্ব্বকর্ম্ম-স্বিতি মেদসঃ সৌকুমার্য্যাৎ॥ ১॥ ক্ষুদ্রশ্বাসঃ কষ্টায়াসোদ্ভব ইত্যাদিনাভিহিত। ক্রথনমকস্মা-দুচ্ছ্বাসাবরোধঃ॥ ২॥ চরন্ সন্ধুক্ষয়ত্যগ্নিমিতি মেদোরুদ্ধমার্গত্বাৎ কুম্ভকারপবনন্যায়েনাত্তব-লবান্ অতিবৃদ্ধো বায়ুরগ্নিং দীপয়তি অতিবৃদ্ধস্তু বায়ুরগ্নির্বৈষম্যজনকঃ।বকারাংশ্চাপ্নুতে

মেদরোগেরের কারণ ও উৎপত্তি।

পরিশ্রমবিহীন ও দিবানিদ্রা-প্রিয় ব্যক্তি কফজনক দ্রব্য সেবন করিলে, তাহার ভুক্ত দ্রব্য হইতে আমরস (অপক্করস) উৎপন্ন হয় ঐ অপক্করসস্থিত স্নেহ দ্বারা বৃদ্ধি প্রাপ্ত মেদ-রস ও রক্তাদিবাহী স্রোত সকল বন্ধ করে বলিয়া, শরীরের অন্যান্য ধাতু বৃদ্ধি না হইয়া, কেবল মেদই বৃদ্ধি হইয় থাকে। এইরূপে মেদবৃদ্ধি পাইয়া মেদরোগ উৎপাদন করিয়া মনুষ্য-দিগকে অকর্ম্মণ্য করে॥ ১॥

মেদরোগের লক্ষণ

মেদরোগে ক্ষুদ্রশ্বাস পিপাসা, মোহ, নিদ্রা অকস্মাৎ শ্বাসরোধ, অবসন্নতা, হাঁচি, ঘর্ম্ম, শরীরের দুর্গন্ধতা, দুর্ব্বলতা ও স্ত্রীসঙ্গমশক্তির অল্পতা হইয়া থাকে॥ ২॥

পেটে মেদবৃদ্ধির কারণ

মেদ উদরস্থিত সূক্ষ্মাস্থি আশ্রয় করে বলিয়া, মেদযুক্ত ব্যক্তিদিগের অন্যান্য

এবোদরে বৃদ্ধিঃ, প্রায়ো মেদস্বিনো ভবেৎ ॥ ৩ ॥

অথ মেদস্বিনস্তীক্ষ্ণাগ্নেঃ কারণমাহ। মেদসাবৃতমার্গত্বাৎ, বায়ুঃ কোষ্ঠে বিশেষতঃ। চরন্ সন্ধুক্ষয়ত্যগ্নি, মাহারং শোষয়ত্যপি ॥ তস্মাৎ স শীঘ্রং জরয়, ত্যাহারমভিকাঙ্ক্ষতি। বিকারাংশ্চাপ্নুতে ঘোরান্, কাংশ্চিৎ কালব্যতিক্রমাৎ ৪। অথাসাধ্যলক্ষণমাহ। এতাবুপদ্রবকরৌ, বিশেষাদগ্নিমারুতৌ। এতৌ তু দহতঃ স্থূলং, বনদাবো বনং যথা ॥ মেদস্যতীবসংবৃদ্ধে, সহসৈবানিলাদয়ঃ বিকারান্ দারুণান্ কৃত্বা, নাশয়ন্ত্যাশু জীবিতং। ৫। অথাতিস্থূলস্য লক্ষণমাহ। মেদোমাংসাতিবৃদ্ধত্বা, চ্চলস্ফিগুদরস্তনঃ। অযথোপচয়োৎসাহো নরোঽতিস্থূল উচ্যতে ৬

ইতি মেদোনিদানং

ঘোরানিতি বাতবিকারাংমন্যন্তমান্ ভোজনকালব্যতিক্রমাৎ বিকারান্ দারুণানিতি প্রমেহ-পীডকাজ্বরভগন্দরবিদ্রধিবাতরোগা মন্যন্তমান্ অযথোপচয়োৎস হ ইতি অযথা মাংসোপচয় উৎসাহশ্চ যস্য স তথা। ৩ ৪ ৫ ৬

ইতি ব্যাখ্যামধুকোষে মেদোনিদানং

অবয়বাপেক্ষা পেটে অধিক পরিমাণে মেদ সঞ্চয় হয়

মেদস্বী ব্যক্তির তীক্ষ্ণাগ্নির কারণ

মেদ দ্বারা স্রোত সকল রুদ্ধ হয় বলিয়া, বায়ু স্বকীয় আশয়ে যাইয়া জমা হয় এবং ঐ স্থানে থাকিয়া অগ্নিবল বৃদ্ধি ও ভুক্তবস্তুর রস শোষণ করে সুতরাং রোগী পুনঃ পুনঃ ভক্ষণ করিতে অভিলাষী হয়, এবং যথা সময়ে আহার না করিলে, অত্যন্ত ক্লেশদায়ক রোগগ্রস্ত হইয়া থাকে এই স্থলে জিজ্ঞাসা হইতে পারে যে, অগ্নিবল বৃদ্ধি হইলে, আমরস (অপক্করস) কি প্রকারে উৎপন্ন হয়? পূর্ব্বে বলা হইয়াছে যে, পরিশ্রমবিহীন ও দিবানিদ্রা প্রিয় ব্যক্তি কর্ত্তৃক ভুক্ত কফজনক দ্রব্য হইতে আমরস উৎপন্ন হয় ইহা দ্বারা প্রমাণ হইতেছে যে, প্রথমতঃ অধিক অগ্নিবল থাকে না, পরে রুদ্ধগতি বায়ু দ্বারা অগ্নিবল বৃদ্ধি পায় অতএব পূর্ব্বোৎপন্ন আমরস ও মেদ আমাশয়ে থাকাতে আবরক স্বরূপ হইয়া নিম্নস্থ পক্বাশয়ের উত্তাপ উপরে উঠিতে দেয় না, কেবল পক্বাশয়স্থিত অগ্নি বায়ুর সাহায্যে তেজস্বী হইয়া আমরস উৎপাদন ও শোষণ করিতেই সমর্থ হয়, সুন্দররূপে পরিপাক করিতে সক্ষম হয় না। ৪।

মেদরোগের অসাধ্য লক্ষণ

মেদরোগগ্রস্ত ব্যক্তির বায়ু ও অগ্নি ভয়ানক উপদ্রব উৎপাদন করিয়া, বনদগ্ধকারী দাবানলের ন্যায় শরীর ক্ষয় করে বিশেষতঃ, মেদ অত্যন্ত বৃদ্ধি হইলে কষ্টদায়ক রোগ (প্রমেহ, পীড়কা, জ্বর প্রভৃতি) উপস্থিত হইয়া রোগীকে শীঘ্র বিনাশ করিয়া থাকে ৫

অতি স্থূলের লক্ষণ

যাহার মেদ ও মাংস অতিশয় বৃদ্ধি পাইয়া শরীর অতিশয় স্থূল হয় এবং চলিয়া যাইবার সময় স্ফিক্, উদর ও স্তন সঞ্চালিত হয়, তাহাকে অতিস্থূল বলে ৬।

মেদরোগ সমাপ্ত

অথ উদরনিদানং।

অথোদরাণাং কারণমাহ। রোগাঃ সর্ব্বেঽপি মন্দেঽগ্নৌ সুতরামুদরাণি চ। অজীর্ণান্মলিনৈশ্চান্নৈ, র্জায়ন্তে মলসঞ্চয়াৎ॥ ১ অথ সংপ্রাপ্তিমাহ রুদ্ধ্বা স্বেদাম্বুবাহীনি, দোষঃ স্রোতাংসি সঞ্চিতাঃ। প্রাণাগ্ন্যপানান্ সংদূষ্য, জনয়ন্ত্যুদরং নৃণাং ২। অথ তেষাং সামান্যলক্ষণং সংখ্যাঞ্চাহ। আধ্মানং গমনেঽশক্তি, দৌর্ব্বল্যং দুর্ব্ব-

উদরোৎসেধসাধর্ম্ম্যাদুদরনিদানং উদরস্য বিশেষেণ বহ্নিদুষ্টিজন্যত্বমাহ রোগাঃ সর্ব্বেঽপি মন্দেঽগ্নাবিত্যাদি অগ্নিমান্দ্যঞ্চ দোষত্রয়জনকং যদুক্তং তেষামগ্নিবলে হীনে কুপ্যন্তি পিবনাদয় ইতি মলিনৈরিতি গুত্মান্তদোষজনকৈর্ব্বিরুদ্ধাধাশনাদিভিঃ মলিনত্বমাদিতি মলাঃ দোষাঃ পুরীষাদয় স্তেষামতিবৃদ্ধত্বাৎ তন্ত্রান্তরে চ অতিসঞ্চিত দোষাণাং পাপং কর্ম্ম চ কুর্ব্বতাং উদরাণ্যুপজায়ন্তে মন্দাগ্নীনাং বিশেষত ইতি যদ্যপি মন্দাগ্নিত্বমলিনান্নত্বয়োঃ প্রত্যেকমপি দোষত্রয়জনকত্বমস্তি তথাপ্যত্রো ভবহেতুত্বেন দোষদুষ্টিপ্রকর্ষঃ খ্যাপ্যতে অতএব দুষ্টিপ্রকর্ষখ্যাপনার্থং মলসঞ্চয়াদিত্যত্র সংপূর্ব্বং কৃতবান্। ১ রুদ্ধেত্যাদৌ স্বেদাম্বুবাহীনীতি স্বেদবহানি অম্বুবহানি চ অনয়োশ্চ ভেদঃ উদকবহানাং স্রোতসাং তালুমূলং ক্লোম চ, স্বেদবহানাং মেদোমূলং লোমকূপশ্চেত্যনেনোক্তো জ্ঞেয়ঃ স্রোতোরোধশ্চাত্র বহিরেব ন পুনরন্তঃ যদুক্তং চরকে স্বেদস্তু বাহ্যেষু স্রোতঃসু প্রতিহতগতিস্তির্য্যগবতিষ্ঠমানস্তদেবোদকমাপ্যায়তীতি অতএবোদরপূর্ণতা অন্নরসেন প্রাণাগ্নীতি পুনরগ্নিদূষণাভিধানেন মন্দস্যাপ্যগ্নেঃ পুনর্দোষকৃতং সুতরামগ্নিমান্দ্যং বোধয়তি দোষসঞ্চয়গতেনাপি বায়না প্রাণাপানয়োর্দূষণং ন বিরুদ্ধঃ যতো বায়ুং বায়ুপুরস্কৃতিঃ ক্রিয়ত এব সুশ্রুতে তু পূর্ব্বরূপমস্যোক্তং তদ্যথা তৎপূর্ব্বরূপং বলবর্ণাকাঙ্ক্ষাবলীবিনাশো জঠরেষু রাজ্যং জীর্ণাপবিজ্ঞানবিদাহবত্তে। বস্তৌ রুজঃ, পাদগতশ্চ শোথ ইতি। ২ উদরাণাং সামান্যরূপমাহ আধ্মানমিত্যাদি দুর্ব্বলাগ্নিতেতি দোষোঽগ্নির্যদ্যপ্যত্র হেতু স্তথাপ্যগ্নেরতিশয়দৌর্ব্বল্যং লিঙ্গত্বেন জ্ঞেয়ং উদরাণ্যষ্টাবিতি যদু

উদররোগের কারণ

অত্যন্ত দোষজনক বিরুদ্ধদ্রব্য (সংযোগ, দেশ, কাল, মাত্রাপ্রভৃতি দ্বারা বিপরীত দ্রব্য) ভোজনে ও অগ্নিমান্দ্যে বায়ু পিত্ত ও কফ দূষিত হইয়া উদররোগ জন্মায়। সমস্ত রোগই মন্দাগ্নি হইতে উৎপন্ন হইয়া থাকে অতএব উদররোগ যে মন্দাগ্নি হইতে উৎপন্ন হইবে, তাহার আর কথা কি ১

উদররোগের উৎপত্তি

বৃদ্ধিপ্রাপ্ত বিকৃত বায়ু, পিত্ত ও কফ, ঘর্ম্মবহ ও জলবহ প্রণালীসমূহ রোধ করিয়া এবং প্রাণ ও অপান বায়ু এবং অগ্নি দূষিত করিয়া উদররোগ জন্মায় ২

উদররোগের সাধারণ লক্ষণ।

আধ্মান (পেটফাঁপা), চলিতে অক্ষমতা, দুর্ব্বলতা, অগ্নিমান্দ্য, শোথ, অঙ্গের অব-

লগ্নিত। শোথঃ সদনমঙ্গানাং, সঙ্গো বাতপুরীষয়োঃ।
দাহস্তন্দ্রা চ সর্ব্বেষু, জঠরেষু ভবন্তি হি॥ ৩। অথ প্রকারভেদমাহ। পৃথগ্দোষৈঃ সমস্তৈশ্চ, প্লীহবদ্ধক্ষতোদকৈঃ।
সম্ভবন্ত্যুদরাণ্যষ্টৌ, তেষাং লিঙ্গং পৃথক্ শৃণু॥ ৪॥
অথ বাতোদরলক্ষণমাহ। তত্র বাতোদরে শোথঃ, পাণিপান্নাভিকুক্ষিষু। কুক্ষিপার্শ্বোদরকটী, পৃষ্ঠরুক্ পর্ব্বভেদনং।
শুষ্ককাসোঽঙ্গমর্দ্দোঽধো, গুরুতা মলসংগ্রহঃ। শ্যাবারুণত্বগাদিত্বমকস্মাদ্বৃদ্ধিহ্রাসবৎ। সতোদভেদমুদরং, তনুকৃষ্ণশিরাততং। আধ্মাতদৃতিবচ্ছব্দমাহতং প্রকরোতি চ। বায়ুশ্চাত্র সরুক্শব্দো, বিচরেৎ সর্ব্বতোগতিঃ॥ ৫॥
অথ পিত্তোদরলক্ষণমাহ। পিত্তোদরে জ্বরো মূর্চ্ছা, দাহস্তৃট্ কটুকাস্যতা। ভ্রমোঽতীসারঃ পীতত্বং, ত্বগাদাবুদরং হরিৎ। পীততাম্রশিরানদ্ধং, সস্বেদং সোষ্ম দহ্যতে। ধূমায়তে মৃদুস্পর্শং, ক্ষিপ্রপাকং প্রদূয়তে॥ ৬॥ অথ

দকোদরস্য প্লীহোদরেণ সার্দ্ধং সমানচিকিৎস্যতয়া তথোৎপত্তিবিশিষ্টোদকোদর দিক্রমেণ সকোদরস্যাসমানলিঙ্গস্যাপি চিকিৎসিতত্বেনাভিধানাৎ অষ্টাবেবোদরাণি ভবন্তি প্লীহোদরাদীনি চ যদ্যপি চত্বারি দোষজানি তথাপি হেতুলিঙ্গচিকিৎসাভেদাৎ পৃথগুক্তানি। ৩ বাতোদরলক্ষণে অকস্মাদ্বৃদ্ধিহ্রাসবদিতি অনিয়তবৃদ্ধিহ্রাসযুক্তমুদরং আধ্মাতদৃতিবদিতি বাতপূর্ণচর্ম্মপুটবদিতি ৪ পৈত্তিকে দহ্যত ইতি উদরমাত্রং দহ্যতে দাহস্তু সকলদেহস্যৈব বোদ্ধব্যঃ। ধূমায়তে ধূমমিবোদ্বমতি ক্ষিপ্রপাকমিতি ক্ষিপ্রপাকাশ্রয়াদনন্তরং যাতীত্যর্থঃ। প্রদূয়তে ৫ ৬

গমতা, বায়ু ও মূত্ররোধ জ্বালা ও তন্দ্রা এই সমস্ত লক্ষণ সকল প্রকার উদররোগে ঘটিয়া থাকে। ৩।

উদররোগের প্রকার ভেদ

উদররোগ আট প্রকার, যথা—১ বাতজনিত, ২ পিত্তজনিত ৩ কফজনিত, ৪ ত্রিদোষজনিত, ৫ প্লীহোদরক ৬ বদ্ধোদর, ৭ ক্ষতোদর, ৮ উদকোদর। ৪

বায়ুজনিত উদররোগের লক্ষণ

বাতোদরে হস্ত পাদ নাভি ও পেটে শোথ, কুক্ষি, পার্শ্ব, উদর, কটী ও পৃষ্ঠদেশে বেদনা, সন্ধিস্থানে ভঙ্গবৎ বেদনা, শুষ্ককাসি, হস্তপদাদিবেদনা শরীরের নিম্নপ্রদেশে গুরু (ভার), মলের কঠিনতা চর্ম্ম নখ প্রভৃতি শ্যাববর্ণ (কৃষ্ণ পীত মিশ্রবর্ণ) ও রক্তবর্ণ নি কারণে উদরের বৃদ্ধি ও হ্রাস, উদরে সূচীবেধনবৎ বেদনা ও উদর সূক্ষ্ম কৃষ্ণবর্ণ শিরা ব্যাপ্ত হয়, এবং পেটে আঘাত করিলে আহৃত বায়ুপূর্ণ চর্ম্মপুটকের (ভিস্তির) ন্যায় শব্দ থাকে, এতদ্ভিন্ন, বায়ু বেদনা জন্মাইয়া শব্দ পূর্ব্বক সমস্ত উদরে চলিয়া বেড়ায় ৫।

পিত্তজনিত উদররোগের লক্ষণ

পিত্তজনিত উদররোগে জ্বর মূর্চ্ছা জ্বাল, পিপাসা, মুখের তিক্ততা, ভ্রম অতীসার, চর্ম্ম নখ প্রভৃতি পীতবর্ণ, উদর হরিদ্রাবর্ণ এবং পীত ও তাম্রবর্ণ শিরাসমূহে ব্যাপ্ত হয়, এ রোগী ঘর্ম্মযুক্ত হইয়া জ্বালাতে কাতর হইয়া থাকে, এতদ্ভিন্ন উদ্গারে ধূম নির্গমন, পেট শী পাকিয়া উঠে ও স্পর্শে কোমল বোধ হয় এবং উহাতে বেদনা হইয়া থাকে। ৬।

শ্লেষ্মোদরলক্ষণমাহ। শ্লেষ্মোদরেঽঙ্গসদনং, স্বাপশ্বয়থু গৌরবং নিদ্রোৎক্লেশোঽরুচিঃ শ্বাসঃ,কাসঃ শুক্লত্বগাদিতা ॥ উদরং স্তিমিতং স্নিগ্ধং, শুক্লরাজীততং মহৎ চিরাভিবৃদ্ধং কঠিনং, শীতস্পর্শং গুরুস্থিরং ॥ ৭ অথ ত্রিদোষজোদরলক্ষণমাহ। স্ত্রিয়োঽন্নপানং নখলোম মূত্র, বিড়ার্ত্তবৈ র্যুক্তমসাধুবৃত্তাঃ। যস্মৈ প্রযচ্ছন্ত্যরয়োগরাংশ্চ, দুষ্টাম্বুদূষীবিষসেবনাদ্বা ॥ তেনাশু রক্তং কুপিতাশ্চ দোষাঃ, কুর্য্যুঃ সুঘোরং জঠরং ত্রিলিঙ্গং। তৎ শীতবাতে ভৃশদুর্দ্দিনে চ, বিশেষতঃ কুপ্যতি দহ্যতে চ স চাতুরো মুহ্যতি হি প্রসক্তং, পাণ্ডুঃ কৃশঃ শুষ্যতি তৃষ্ণয়া চ। দূষ্যোদরং কীর্ত্তিতমেতদেব, প্লীহোদরং কীর্ত্তয়তো নিবোধ ॥ ৮ ॥ অথ প্লীহোদরমাহ। বিদাহ্য-

---

সন্নিপাতোদরমাহ স্ত্রিয় ইত্যাদি স্ত্রীগ্রহণমবিবেকিসন্নিহিতজনোপলক্ষণং গরং সংযোজং বিষং দুষ্টমধু সারমৎস্যতৃণপর্ণাদিক্বাথযুতং বিষমেবাগ্ন্যাদ্যুপহতং মন্দপ্রভাবং দূষীবিষমুচ্যতে যদুক্তং জীর্ণং বিষঘ্নৌষধিভির্হতং বা, দাবাগ্নিবাতাতপশোষিতং বা স্বভাবতো বা গুণবিপ্রহীনং, বিষং হি দূষীবিষতামুপৈতি তেনাশু রক্তমিতি বিষস্যাগ্নেয়ত্বেন রক্তদুষ্টিঃ কুপিতাশ্চ দোষা ইতি স্বভাবাৎ দোষত্রয়প্রকোপকং বিষং ভবতি তৎ শীতবাতাদিষু কুপ্যতীতি দূষীবিষস্য তত্রৈব কোপাৎ মূর্চ্ছাতি বিষযোগাৎ প্রসক্তং নিরন্তরং দূষ্যোদরং কীর্ত্তিতমেতদেবেতি এতদেব সন্নিপাতোদরং দূষ্যোদরং কীর্ত্তিতং ন পুনরধিকমিত্যর্থঃ রক্তং দূষ্যং দূষয়ন্ত্বা ভবতীতি দূষ্যোদরং কেচিৎ পরস্পরং দূষয়ন্তীতি স্ত্রিয় এব দূষ্যা তৈঃ কৃতমুদরং দূষ্যোদরং ॥ ৮ ॥ প্লীহোদরে অসৃক্ কফশ্চেত্যসৃক্ দুষ্টৈব

কফজনিত উদররোগের লক্ষণ।

কফজনিত উদররোগে শরীরের দুর্ব্বলতা ও গুরুতা, শোথ, স্পর্শজ্ঞানহীনতা, নিদ্রা, বমিষা, অরুচি, শ্বাস, কাস, চর্ম্ম ও নখ প্রভৃতি শ্বেতবর্ণ উদর স্তম্ভিত ও অত্যন্ত স্ফীত স্নিগ্ধ শ্বেতবর্ণ শিরা সমূহে ব্যাপ্ত, কঠিন স্পর্শে শীতল, গুরু (ভার) ও স্থিত হয়, এবং উদর অধিক বিলম্বে বৃদ্ধি পাইয়া থাকে ৭

ত্রিদোষজনিত উদর রোগের কারণ ও লক্ষণ

অসাধ্বী স্ত্রী প্রদত্ত নখ লোম, মল, মূত্র ও আর্ত্তব যুক্ত অন্ন ও পানীয় দ্রব্য এবং প্রদত্ত বিষ ভোজনে দূষিত জল ও দূষীবিষ সেবনে রক্ত, বায়ু পিত্ত ও কফ দূষিত হইয়া রোগ জন্মায় এই রোগ শীতল বায়ু ও মেঘাচ্ছন্ন দিনে অত্যন্ত বৃদ্ধি পায় এবং জ্বালা, জ্বর পাণ্ডুবর্ণতা কৃশতা ও পিপাসা জন্মে অপর, রোগী পুনঃ পুনঃ মূর্চ্ছিত হইয়া থাকে এই ত্রিদোষজনিত উদর রোগকে কেহ কেহ দূষ্যোদর বলিয়া থাকেন ৮

অভিষ্যন্দিরতশ্চ জন্তোঃ, প্রদুষ্টমত্যর্থমসৃক্ কফশ্চ।
প্লীহাভিবৃদ্ধিং কুরুতঃ প্রবৃদ্ধৌ, প্লীহোত্থমেতজ্জঠরং
বদন্তি। তদ্বামপার্শ্বে পরিবৃদ্ধিমেতি, বিশেষতঃ সী-
দতি চাতুরোঽত্র মন্দজ্বরাগ্নিঃ কফপিত্তলিঙ্গৈ, রুপ
দ্রুতঃ ক্ষীনবলোঽতিপাণ্ডুঃ সব্যান্যপার্শ্বে যকৃতি
প্রবৃদ্ধে, জ্ঞেয়ং যকৃদ্দাল্যুদরং তদেব ৯॥ অথ প্লীহোদ-
রে বাতাদিসম্বন্ধমাহ। উদাবর্ত্তরুজানাহৈঃ, মোহতৃড্দহন-
জ্বরৈঃ। গৌরবারুচিকাঠিন্যৈ,র্বিদ্যাত্তত্র মলান্ ক্রমাৎ ১০
অথ বদ্ধোদর মাহ যস্যান্ত্রমন্নৈরুপলেপিভির, বালাশ্মভি
র্বা পিহিতং যথাবৎ সঞ্চীয়তে তস্য মলঃ সদোষঃ,
শনৈঃ শনৈঃ শঙ্করবচ্চ নাড্যাং নিরুধ্যতে তস্য গুদে পু

তত্তুল্যকারণত্বয়া পিত্তদুষ্টিরপ্যুচ্যতে বিদাহিনা রক্তং পিত্তঞ্চ দুষ্যতে অতএব পশ্চাৎ বক্ষ্যতি
কফপিত্তলিঙ্গৈরুপদ্রুত ইতি অত্র পিত্তস্য লিঙ্গং মন্দ জ্বরঃ, কফস্য লিঙ্গং মন্দাগ্নিত্বমিতি
গদাধরঃ। প্লীহোদর এব যকৃদ্দাল্যুদরত্বাববোধং দর্শয়মাহ সব্যান্যপার্শ্বেত্যাদি।
সব্যান্যপার্শ্বে দক্ষিণপার্শ্বে তদেবেতি তাদৃশমেব তেন প্লীহোদরসমমেব ন বিলক্ষণমি-
ত্যর্থঃ যকৃদ্দালয়তি দোষৈর্ভেদয়তীতি যকৃদ্দাল্যুদরং ৯ তত্র দোষসম্বন্ধমাহ উদা-
বর্ত্ত ইত্যাদি উদাবর্ত্তরুজানাহৈর্বাতং, মোহতৃড়্দহনজ্বরৈঃ পিত্তং গৌরবারুচিকাঠিন্যৈঃ
কফং জানীয়াৎ ১০ বদ্ধগুদমাহ যস্যান্ত্রমিত্যাদি উপলেপিভিঃ পিচ্ছিলৈ-
শাকশালুকাদিভিঃ। পিহিতং বিবদ্ধং যথাবদিতি যথার্হং। মলঃ পুরীষং সদোষ
দোষত্রয়সহিতঃ। নাড্যামিত্যান্ত্রনাড্যাং শঙ্করবদিতি সম্মার্জ্জনীক্ষিপ্তসমস্তৃণাদ্যপকরো
চীয়তে ক্রমেণ তথেত্যর্থঃ বদ্ধগুদমিতি গুদোপরি তাবৎ্যস্য বন্ধনাৎ এতদ্গুদং যদুক্তং

প্লীহোদরের কারণ ও লক্ষণ

বিদাহিপাকী ও ক্লেদজনক দ্রব্য ভক্ষণে অত্যন্ত দূষিত রক্ত ও কফ প্লীহা বৃদ্ধি করিয়া যে উ
রোগ জন্মায় তাহাকে প্লীহোদর বলে এই উদররোগ বামপার্শ্বে বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং রো
দুর্ব্বল ও পাণ্ডুবর্ণ হয় এবং পিত্তজনিত মন্দাগ্নি ও কফজনিত মন্দ জ্বরাক্রান্ত হইয়া কাতর
অপর, দক্ষিণ পার্শ্বে যকৃৎ বৃদ্ধি পাইয়া উদররোগ জন্মিলে, তাহাকে যকৃদ্দাল্যুদর বলে।

প্লীহোদরে বায়ু পিত্ত ও কফের লক্ষণ নির্ণয়

বায়ুজনিত প্লীহোদরে উদাবর্ত্ত, বেদনা ও মলের কঠিনতা জন্মে পিত্তজনিত
মোহ পিপাসা ও দাহজ্বর উপস্থিত হয় এবং কফজনিত প্লীহোদরে গুরুতা, অ
কঠিনতা হইয়া থাকে ১০

বদ্ধোদরের কারণ ও লক্ষণ

ভক্ষ দ্রব্য বা পিচ্ছিলদ্রব্য (শাক, শালূক প্রভৃতি) অথবা ক্ষুদ্র পা
রুদ্ধ হইলে সম্মার্জ্জনীর আঘাতে প্রক্ষিপ্ত তৃণসমূহ যেমন ক্রমে ক্রমে জমা হয়
যোগ্য দোষের সহিত মল অন্ত্রে জমা হইয়া যে উদররোগ জন্মায় এবং যাহ [illegible]

রীষং, নিরেতি কৃচ্ছ্রাদপি চাল্পমল্পং। হৃন্নাভিমধ্যে পরিবৃদ্ধিমেতি, তদোদরং বদ্ধগুদং বদন্তি। ১১। অথ ক্ষতোদরমাহ শল্যং তথান্নোপহিতং যদন্ত্রং, ভুক্তং ভিনত্ত্যাগতমন্যথা বা। তস্মাৎ স্রুতোঽন্ত্রাৎ সলিলপ্রকাশঃ, স্রাবঃ স্রবেদ্বৈ গুদতস্তু ভূয়ঃ। নাভেরধশ্চোদরমেতি বৃদ্ধিং, নিস্তুদ্যতে দাল্যতি চাতিমাত্রং। এতৎপরিস্রাব্যুদরং প্রদিষ্টং, দকোদরং কীর্ত্তয়তো নিবোধ। ১২॥ অথ জলোদরমাহ। যঃ স্নেহপীতোঽপ্যনুবাসিতো বা, বান্তো বিরিক্তোঽপ্যথবা নিরূঢ়ঃ। পিবেজ্জলং শীতলমাশু

পক্ষবালৈঃ সহান্নেন ভুক্তৈর্বদ্ধারনে গুদ ইতি পুরীষাগমনস্য বদ্ধত্বাৎ হৃন্নাভিমধ্যেঽল্পাকস্থানে বৃদ্ধিঃ গুদমাত্রনিরোধে তু সকলে বৈগুদাদূর্দ্ধমেবোদরবৃদ্ধিঃ স্যাৎ ১১ ক্ষতোদরমাহ শল্যং তথান্নোপহিত মিত্যাদি শল্যং কন্টকশর্করাদি অন্নোপহিতমন্নযুক্তং। ভুক্তং আগতমিতি অর্থতঃ পাকাশয়াৎ বিলোমেনাগতমন্ত্রং ভিনত্তি আত্মাগতং হি শল্যমপি নাস্ত্রচ্ছেদকং অন্যথা বেতি জৃম্ভাত্যশনাভ্যাং অন্ত্রং ভিদ্যতে যদুক্তং চরকে শর্করাতৃণলোষ্ঠাস্থিকন্টকৈরন্নসংযুক্তৈঃ ভিদ্যেতান্ত্রং যদা ভুক্তৈর্জৃম্ভয়াত্যশনেন বেতি স্রুত ইতি গলিতঃ স্রাবঃ স্রবেদ্বৈ গুদতস্তু ভূয় ইতি ভূয়ো বহু যথা ভবতি তথান্ত্রাৎ স্রুতঃ দোষজেষু পুনরুপস্নেহন্যায়েনাল্প এব স্রাবো ভূয় পুনঃ পুনর্গুদতঃ স্রবেৎ তু শব্দশ্চার্থে ভূয়ঃ শব্দো হস্রানুবর্ত্তনীয়ঃ তেনোক্তাব্যাখ্যাসাধীভবতি। ননু ভিন্নান্ত্রাৎ তির্য্যগএ স্রাবনির্গমঃ চরকেপুক্তং তৎকথং স্রাবঃস্রবেদ্বৈ গুদতস্তু ভূয়ঃ ইতি প্রপদ্যতে, নৈবং সচ্ছিদ্রান্ত্রমার্গেণ বহির্গতস্রাতি সূক্ষ্মস্য পুনরাগমনাৎ উপস্নেহন্যায়াদ্বা গুদতঃ স্রাব উপপন্ন এব চরকেঽপ্যুক্তং পূরয়ন্ গুদমস্রুক্ত জনয়ত্যুদরংনৃণামিতি তেন স্রাবেণ স্রবস্য নিম্নগত্বাদাভেরধো জঠরং বৃদ্ধিমেতি তচ্ছিদ্রোদরং নাম জলোদরমপি ভ০ তে ইতি মাধবঃ যতশ্চরকেণোক্তং তদধো নাভেঃ প্রায়োঽভিনিবর্ত্তমানং জলোদরং স্যাদিতি তদনে নানুমন্যন্তে যতশ্চিদ্রোদরীং শীঘ্রং দলোদরতাং যাতীত্যভিপ্রায়েণ চরকেনোক্তং অন্যথা দকোদরং পৃথক্ ন স্যাৎ ১২। হৃৎপতিবিশিষ্টং দকোদরমাহ যঃ স্নেহপীত ইত্যাদি স্নেহপীত ইতি কর্ত্তরি ক্তঃ, তেন স্নেহং পীতবানিত্যর্থঃ দূষয়ন্তীতি স্বকর্ম্মসু দুষ্টানি ভবন্তীতি। তদ্বহানি উদকবহানি। তে-

---

ধ্যস্থান উন্নত, কোষ্ঠবদ্ধ, অথবা অতি কষ্টে অল্প২ মল নির্গত হয়, তাহাকে বদ্ধোদর অথবা বদ্ধগুদোদর বলে ১১

ক্ষতোদরের কারণ ও লক্ষণ

চ পীড়িতে। ভক্তাকাঙ্ক্ষা ভবেচ্চৈতৎ,শোথানাং পক্কলক্ষণং ॥ ৩ ॥ অথ সর্ব্বশোথেঽপি পাককারণ সর্ব্বদোষপ্রকোপমাহ। নর্ত্তেঽনিলাদ্রুগ্ বিনা চ পিত্তং, পাকঃ কফঞ্চাপি বিনা ন পূয়ঃ তস্মাদ্ধি সর্ব্বে পরিপাককালে,পচন্তি শোথাস্ত্রিভিরেব দোষৈঃ ॥ অথ পূয়াবিনিঃসরণেন দোষমাহ কক্ষং সমাশ্রিত্য যথৈব বহ্নিঃ, বায়ূরিতঃ সংদহতি প্রসহ্য। তথৈব পূয়ো হ্যবিনিঃসৃতো হি, মাংসং শিরাঃ স্নায়ু চ খাদতীহ ॥ ৫ অথ বৈদ্যস্য

পীড়য়ত্যেকমস্তমন্তেচ পীড়িত ইতি একং অন্যং এক দেশং অন্তে অবয়বে পীড়িতে পীড়য়তি অবগাহতে পূয ইতি শেষঃ ৩ একদোষারব্ধেঽপি শোথে পাককালে সর্ব্বদোষসম্বন্ধমাহ নর্ত্তেঽনিলাদ্রুগিত্যাদি রুগ্রুজা তোদাদিরূপা সুশ্রুতে ত্রিভি-র্বৈতঃ শোণিতং চতুর্থৈশ্চ শরীরমিদং ধার্য্যতে ইতি দ্বিতীয়ং দর্শনং শোণিতপ্রাধান্যা-খ্যাপকমাশ্রিত্যোক্তং কালান্তরেণাভ্যুদিতং তু পিত্তং কৃত্বা বশে বাতকফৌ প্রসহ্য পচত্যতঃ শোণিতমেব পাকো মতঃ পরেষাং বিদুষাং দ্বিতীয় ইতি অত্র দর্শনে পিত্তং বিদাহকুপিতং শোণিতং ভূয়াং কর্ম্মভূতং পচতি বাতকফৌ বশে কৃত্বা ক্রোড়ীকৃত্য হীনাংশো বা বশে শব্দঃ বাতকফৌ হীনৌ কৃত্বেত্যর্থঃ,শোণিতং কর্ম্মভূতং বা পাকং পক্কাম্বুকূলত্বাবিনক্ষিতং পূর্ব্ব-দর্শনে কফাৎ পূয়ঃ অত্র দর্শনে শোণিতাৎ পূয় ইতি বিশেষঃ গম্ভীরপাকে শোথে সকলা মপচ্যমানলক্ষণাচ্ছিদ্যমানজায়মানে লক্ষণাস্তরমুক্তং সুশ্রুতেন তদ্‌যথা কফজেষু খলু রোগেষু গম্ভীরগতিত্বাদভিঘাতজেষু কেষুচিদসমস্তং পক্কলক্ষণং দৃষ্ট্বা পক্কমপক্কমিতি ভিষঙ্মোহ-মুপৈতি যদা রাগদাহাদিবেদনাশব্দোবাস্তনং ত্বকসবর্ণতাদীনি ভবন্তি তদা ন মোহম-জ্ঞানতামুপেয়াৎ পক্কমেবেতি নির্দ্দিশেৎ গদাধরেণ ত্বক্সবর্ণতাদিনি সংশয়হেতুভাক্তানি, যতস্তেন গম্ভীরপাকিত্বাদন্তরপাকো বহিঃ পুনঃ ত্বক্সাবর্ণং গম্ভীরপাকিত্বাদেব বহিঃ শীততা কফাবন্ধত্বাস্মন্দরুজতাঽশ্মবদ্ঘনতা ইত্যভিপ্রায়, শেষং পক্কলক্ষণৈর্জ্ঞানীয়াদি-ত্যুক্তং ॥ । কক্ষং সমাসাদ্যেতি কক্ষং তৃণাদিগ্রহণং ॥ ৫ ॥

শোথের একদিকে চাপ দিলে অন্য পার্শ্বে বেদনা ও পূঁযের গমন বোধ হয়। অপর, রোগীর আহারে রুচি হইয়া থাকে ৩

ব্রণের পাককালে সমস্ত-দোষের সঞ্চার

বায়ু ব্যতীত বেদনা, পিত্ত ভিন্ন পাক ও কফ ব্যতিরেকে পূঁয উৎপন্ন হইতে পারে না সুতরাং সকল প্রকার শোথেরই পরিপাক সময়ে সকল প্রকার দোষের (বায়ু পিত্ত ও কফের) আ-ধিক্য লক্ষিত হইয়া থাকে ৪।

পূঁয নিঃসরণ না করার দোষ

বায়ু দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত অগ্নি যেমন তৃণ কাষ্ঠ রচিত গৃহকে দগ্ধ করিয়া থাকে, সেই প্রকার পূঁয নিঃস্রাব না করিলে ঐ পূঁয শরীরস্থ মাংস, শিরা ও স্নায়ু সকলকে নষ্ট করিয়া ফেলে ॥৫॥

দোষ গুণানাহ। যশ্ছিনত্ত্যামমজ্ঞানাৎ, যো বা পক্বমুপেক্ষতে। শ্বপচাবিব মন্তব্যৌ, তাবনিশ্চিতকারিণৌ। আমং বিদহ্যমানঞ্চ, সম্যকপক্কঞ্চ যো ভিষক্। জানীয়াৎ স ভবে দ্বৈদ্যঃ, শেষাস্তস্করবৃত্তয়ঃ । ৬ ।

ইতি ব্রণশোথনিদানং।

শেষাস্তস্করবৃত্তয় ইতি লোভমাত্রপ্রবৃত্তত্বাত্তস্করা ইব শেয়াঃ ৬
ইতি ব্যাখ্যামধুকোষে ব্রণশোথনিদানং

চিকিৎসকের দোষ ও গুণ

যে চিকিৎসক অজ্ঞতা বশতঃ অপক্ব ব্রণ ছেদন করে এবং যে চিকিৎসক পক্বব্রণ ছেদন না করে, এই উভয় ব্যক্তিকেই চিকিৎসক না বলিয়া, হিংসাকারী ব্যাধ বলা যাইতে পারে অপর, যে যে ব্যক্তি ব্রণের অপক্কাবস্থা পচ্যমানাবস্থা এবং পক্কাবস্থা সম্যক প্রকারে বুঝিতে পারে, তাহাকে প্রকৃত চিকিৎসক বলা যায়, এবং যাহাদের চিকিৎসা বিষয়ে জ্ঞান নাই অথচ অর্থলোভে চিকিৎসা করিয়া থাকে, তাহাদিগকে চিকিৎসক না বলিয়া তস্কর (চোর) বলা কর্ত্তব্য ৬ ॥

ব্রণ শোথরোগ সমাপ্ত

অথ শারীরব্রণনিদানং।

অথ শারীরব্রণসংপ্রাপ্তিং বাতাদিভেদেন লক্ষণঞ্চাহ। দ্বিধা ব্রণঃ স বিজ্ঞেয়ঃ, শারীরাগন্তুভেদতঃ দোষৈরাদ্যস্তয়োরন্যঃ, শস্ত্রাদিক্ষতসম্ভবঃ। স্তব্ধঃ কঠিনসংস্পর্শে,

শোথানামল্পপক্রান্তানাং ব্রণভাবাপত্তে ব্রণনিদানমাহ। ব্রণ গাত্রবিচূর্ণনে ইত্যস্মাদ্ধাতো ব্রণস্য সাধুত্ব জ্ঞেং ব্রণ নিরুক্তিশ্চস্ শ্রুতেনরুক্তা যথা ব্রণোতি যস্মাৎ রূঢ়েঽপি ব্রণবাস্তু ন নশ্য

শারীর ব্রণের কারণ ও লক্ষণ

ব্রণ রোগ দুই প্রকার যথা শারীর ব্রণ ও আগন্তুক ব্রণ ইহাদের মধ্যে শারীর ব্রণ পিত্তাদি দোষ জনিত ও আগন্তুক ব্রণ অস্ত্র শাস্ত্রাদির আঘাত জন্য হইয়া থাকে।

১ বাতজনিত ব্রণে, ব্রণ শ্যাববর্ণ (কৃষ্ণ ও পীত মিশ্র বর্ণ) ভার,কঠিন ও অল্প স্রাবযুক্ত হয় এবং উহাতে বেদনা হইয়া থাকে

২। পিত্তজনিত ব্রণে,—পিপাসা, মোহ, ঘর্ম্ম জ্বর, দাহ ও চর্ম্ম বিদীর্ণ হয়, এবং দুর্গন্ধ পূঁয নির্গত হইয়া থাকে

মন্দস্রাবো মহারুজঃ। তুদ্যতে স্ফুরতি শ্যাবো, ব্রণো মারুতসম্ভবঃ। তৃষ্ণামোহজ্বরক্লেদ,দাহদুষ্ট্যবদরণৈঃ। ব্রণং পিত্তকৃতং বিদ্যাৎ, গন্ধৈঃ স্রাবৈশ্চ পূতিকৈঃ। বহুপিচ্ছো গুরুঃ স্নিগ্ধঃ, স্তিমিতো মন্দবেদনঃ। পাণ্ডুবর্ণো-ঽল্পসংক্লেদশ্চিরপাকী কফব্রণঃ। ১ অথ রক্তজব্রণান্ সুখসাধ্যাদিকঞ্চাহ রক্তো রক্তস্রুতীরক্তাৎ, দ্বিত্রিজঃ স্যাত্তদন্বয়ৈঃ। ত্বঙ্মাংসজঃ সুখে দেশে,তরুণস্যানুপদ্রবঃ। ধীমতোঽভিনবঃ কালে, সুখে সাধ্যঃ সুখং ব্রণঃ গুণৈরন্যতমৈর্হীন,স্ততঃ কৃচ্ছ্রো ব্রণঃ স্মৃতঃ। সর্ব্বৈর্ব্বিহীনো বিজ্ঞেয়,স্ত্বসাধ্যো ভূর্য্যুপদ্রবঃ ২॥ অথ দুষ্টব্রণলিঙ্গমাহ।

আদেহধারণাত্তস্মাৎ ব্রণ ইত্যুচ্যতে বুধৈ রিতি অন্য ইত্যাগন্তুঃ, আগন্তুব্রণে যদ্যপি দোষস্তৎকালস্তদাত্মেন সঞ্চয়ঃ কোপোপপ্রসরণশালী বিকারকারণসমর্থঃ কল্পয়িতুং শক্যতে তথাপি সপ্তরাত্রং ক্ষতোষ্মনির্ব্বাপনায় মধুসর্পিরুপযোগাৎ শীতক্রিয়াবিধানাচ্চ নিজব্রণবিলক্ষণচিকিৎসার্থং ব্যপদিশ্যতে পৃথগিতি। ১ রক্তৈস্তৈকস্মিন্ দোষে দ্বন্দ্বে চ প্রসরমাহ দ্বিত্রিজঃ তদন্বয়ৈরিত্যাদি রক্তান্বয়ৈঃ একৈকদোষৈ র্দ্বন্দ্বৈশ্চ রক্তান্বিতে রেকৈকদোষে দ্বিজঃ ব্রণঃ, দ্বন্দ্বৈশ্চ ত্রয়ৈস্ত্রিজঃ এবং এবং দোষত্রয়েঽপি রক্তসম্বন্ধ উহনীয়ঃ এবং পঞ্চদশ দোষাণামুপগৃহীতো ভবতি, অথবায়মর্থঃ তদন্বয়ৈ র্দোষদ্বন্দ্বত্রয়ান্বয়ৈ, স্তেন দোষদ্বজো দ্বন্দ্বজো ব্রণঃ, দোষত্রয়ান্বয়েন ত্রিজঃ সন্নিপাতজঃ সুখে দেশ ইতি মর্ম্মাদেহাবয়বে অনুপদ্রব ইতি জ্বরতৃষ্ণাদ্যুপদ্রবরহিতঃ ধীমত ইতি হিতাহিতজ্ঞস্য, কালে সুখে ইতি হেমন্তে শিশিরে চ, অন্যতমৈরিতি উক্তানাং গুণানাং মধ্যে একতমৈ র্গুণৈঃ॥ ২

---

৩ কফ জনিত ব্রণে,—ব্রণ পিচ্ছিল, গুরু, স্নিগ্ধ, স্তিমিত (ভিজা), অল্প বেদনাযুক্ত, পাণ্ডুবর্ণ ও অল্প ক্লেদযুক্ত হয়, এবং উহা বহুকালে পাকিয়া থাকে। ১

রক্তজনিত ব্রণের লক্ষণ

৪ রক্তজনিত ব্রণে ব্রণ রক্তবর্ণ ও রক্তস্রাব হইয়া থাকে।

■ দ্বিদোষজনিত ব্রণে রক্ত ও পিত্ত মিশ্রিত হইয়া দ্বিদোষজ ব্রণ জন্মায়

■ ত্রিদোষ জনিত ব্রণে, রক্ত পিত্ত ও কফ একত্র হইয়া ত্রিদোষজনিত ব্রণ জন্মায়, এবং রক্ত, বায়ু, পিত্ত ও কফ একত্রিত হইলেও ব্রণ জন্মিয়া থাকে

সুখসাধ্য লক্ষণ

তরুণ বয়স্ক বুদ্ধিমান ব্যক্তির মর্ম্ম রহিত স্থানে ও প্রশস্তকালে (হেমন্ত ও শিশির কালে) ত্বক্ ও মাংসজনিত ব্রণ সুখসাধ্য অর্থাৎ অল্প চেষ্টাতেই রোগী ব্রণরোগ হইতে মুক্ত হয়

কৃচ্ছ্রসাধ্য লক্ষণ।

পূর্ব্বোক্ত তরুণ বয়স্ক বুদ্ধিমান ব্যক্তির মর্ম্ম রহিত স্থান প্রভৃতি লক্ষণের কোন একটী লক্ষণ থাকিলে এই কৃচ্ছ্রসাধ্য, অর্থাৎ বহুযত্নে প্রশমিত হইয়া থাকে

অসাধ্য লক্ষণ

পূর্ব্বোক্ত সমস্ত লক্ষণগুলি না থাকিলে এবং উপদ্রব (জ্বর পিপাসা প্রভৃতি) থাকিলে ব্রণ অসাধ্য অর্থাৎ কোন উপায়েই উক্ত রোগ প্রশমিত হয় না। ২॥

পূতিঃ পূয়াতিদুষ্টাসৃক্, স্রাব্যুৎসঙ্গী চিরস্থিতিঃ। দুষ্টো ব্রণোঽতিগন্ধাদিঃ, শুদ্ধলিঙ্গবিপর্য্যয়ঃ ৩॥ অথ শুদ্ধব্রণলক্ষণমাহ। জিহ্বাতলাভো মৃদুঃ শ্লক্ষ্ণঃ, স্নিগ্ধো বিগতবেদনঃ। সুব্যবস্থো নিরাস্রাবঃ, শুদ্ধো ব্রণ ইতি স্মৃতঃ ৪। অথ রূঢ়াবস্থস্য সম্যগ্রূঢ়স্য চ লক্ষণমাহ। কপোতবর্ণপ্রতিমা, যস্যান্তাঃ ক্লেদবর্জ্জিতাঃ। স্থিরাশ্চ পীড়কাবন্তে, রোহন্তীতি তমাদিশেৎ॥ রূঢ়বর্ত্মানমগ্রন্থিং, অশূনমরুজং ব্রণং। ত্বক্‌সবর্ণং সমতলং সম্যগ্রূঢ়ং বিনির্দ্দিশেৎ॥ ৫। অথ

দুষ্টব্রণলিঙ্গমাহ পূতিরিত্যাদি পূয়াতিদুষ্টাসৃক্ স্রাবীতি পূয়যুক্তমতিদুষ্টং রক্তং সততং স্রবতীত্যর্থঃ উৎসঙ্গী কোটরবান্ চিরস্থিতিরিত্যনেন বহুলদোষসম্বন্ধং দর্শয়তি তথাচোক্তমনাত্মবতামজ্ঞৈশ্চোপক্রান্তা প্রদুষ্যন্তি বৃদ্ধত্বাদ্দোষাণামিতি দুষ্টব্রণ ইত্যর্থঃ পরিভাষিত ইতি শেষঃ অতিগন্ধাদিরিতি আদিশব্দেন বর্ণস্রাববেদনাকৃতয়ো গৃহীতাঃ, অতিশব্দেন ▪ বিশিষ্যন্তে। শুদ্ধলিঙ্গবিপর্য্যয় ইতি বক্ষ্যমাণ শুদ্ধলিঙ্গবিপরীতং পূতিত্বাদিযোগাদেব পূতিপূয়াতিদুষ্টাসৃক্ স্রাবীতি ক্বচিৎ পাঠে পূতিশব্দঃ পূয়দুষ্টাসৃগ্বিশেষণং ।৩। জিহ্বাতলাভ ইতি জিহ্বাতলবদাভা প্রভা যস্য স তথা, তলশব্দঃ স্বরূপবচনঃ জিহ্বাতলাভশব্দশ্চাত্র মৃদুশ্লক্ষ্ণস্নিগ্ধশব্দৈঃ প্রত্যেকমভিসম্বধ্যতে, তেন জিহ্বাতলাভো মৃদুঃ শ্লক্ষ্ণঃ স্নিগ্ধশ্চাত্র সুব্যবস্থ ইতি উৎসঙ্গোৎসঙ্গিত্বরহিতঃ নিরাস্রাব ইতি দোষকৃতস্রাবরহিতঃ চরকে তু পঠ্যতে নাতিরক্তো নাতিপাণ্ডু র্নাতিস্রাবে নচাতিরুক্ নচোৎসঙ্গো নচোৎসঙ্গী শুদ্ধো রোপ্যঃ পরং ব্রণ ইতি, তদ্দর্শনাদত্র নিরাস্রাবত্বং দোষকৃত স্রাবহীনত্বং। বিগতবেদনত্বঞ্চ বাতাদ্যুক্তবেদনারহিতত্বং ব্রণপ্রভাবকৃত-বেদনাস্রাবযুক্তত্বং পুনস্ত্যেব অতএব রূঢ়লিঙ্গে অরুজমিত্যুক্তং ▪ কপোতবর্ণপ্রতিমা ইতি পাংশুধূসরাঃ. স্থিরাঃ অদরুণাঃ, চিপিটিকা বর্ণ ইতি পাঠান্তরে, চিপিটিকা মাংসচেলী তদ্বর্ণঃ রূঢ়বর্ত্মানমিতি বর্ত্ম ব্রণমার্গো ব্রণনাম্ন রূঢ়ো যস্য তং অন্তঃপূয়াভাবাদশূনং সম্যক্ ত্বক্‌সবর্ণং ত্বচা সমানবর্ণং সমতলমিতি সমং তলেন জিহ্বাতলেন করতলেন বা, অগ্রন্থিমিত্যনে উপরি উচ্ছূনতায়া নিষেধঃ, সমতলেন ত্বধো নিম্নতায়া নিষেধঃ ▪ ব্যাধিবিশেষে

দূষিত ব্রণের লক্ষণ

দূষিত ব্রণ অতি দুর্গন্ধ শুদ্ধ ব্রণের লক্ষণ বিহীন ও অধিক দিন স্থায়ী হয়, এবং ব্রণ হইতে পূঁযযুক্ত দূষিত রক্ত স্রাব ও ব্রণের মধ্যে গর্ত্ত হইয়া থাকে। ৩॥

শুদ্ধ ব্রণের লক্ষণ

শুদ্ধ ব্রণ (অদূষিত ব্রণ) অল্প বেদনাযুক্ত, জিহ্বার ন্যায় কোমল ও শ্লক্ষ্ণ, স্নিগ্ধ, জিহ্বাতলের বর্ণ বিশিষ্ট ও দূষিত রক্তাদি স্রাব রহিত হয় এবং ব্রণে গর্ত্তাদি কিছুই হয় না

রোহতি ব্রণের লক্ষণ

যে ব্রণের মধ্যভাগ পায়রার বর্ণ সদৃশ (পাণ্ডু ও ধূসর মিশ্র বর্ণ) এবং যে ব্রণ স্থির ক্লেদশূন্য ও পীড়কাযুক্ত, তাহাকে রোহতি (শুষ্কভাবাপন্ন) ব্রণ বলে

রূঢ় (শুষ্ক) ব্রণের লক্ষণ

ব্রণস্থান শুষ্ক, অগ্রন্থি (ব্রণস্থান কোমল) বেদনাশূন্য, চর্ম্মের সমান বর্ণ ▪ সমতল (করতলের ন্যায় উচ্চতা ও নিম্নতা রহিত) এই সকল রূঢ় বা শুষ্ক ব্রণের লক্ষণ। ৫॥

তেষাংকৃচ্ছ্রসাধ্যাদীনাহ কুষ্ঠিনাং বিষযুক্তানাং, শোষিণাং মধুমেহিনাং। ব্রণাঃ কৃচ্ছ্রেণ সিধ্যন্তি, যেষাঞ্চাপি ব্রণে ব্রণাঃ। বসাং মেদোঽথ মজ্জানং, মস্তুলুঙ্গঞ্চ যঃ স্রবেৎ। আগন্তুজো ব্রণঃ সিদ্ধেৎ,ন সিদ্ধেদ্দোষসম্ভবঃ॥ ৬ অথ তস্যারিষ্টরূপাং গন্ধবিকৃতিমাহ মদ্যাগুর্ব্বাজ্যসুমনঃ,পদ্ম-চন্দনচম্পকৈঃ সগন্ধা দিব্যগন্ধাশ্চ,মুমূর্ষূণাং ব্রণাঃ স্মৃতাঃ ৭। অথ তস্যাসাধ্যলক্ষণমাহ। যে চ মর্ম্মসু সংভূতা, ভবন্ত্য-ত্যর্থবেদনাঃ দহ্যন্তে চান্তরত্যর্থং,বহিঃ শীতাশ্চ যে ব্রণাঃ। দহ্যন্তে বহিরত্যর্থং, ভবন্ত্যন্তশ্চ শীতলাঃ। প্রাণমাংসক্ষয়-শ্বাস,কাসারোচকপীড়িতাঃ প্রবৃদ্ধপূয়রুধিরা, ব্রণা যেষাঞ্চ মর্ম্মসু। ক্রিয়াভিঃ সম্যগারব্ধা,ন সিদ্ধ্যন্তি চ যে ব্রণাঃ। বর্জ্জয়েদপি তান্ বৈদ্যঃ, সংরক্ষন্নাত্মনো যশঃ॥ ৮॥

ইতি শারীরব্রণনিদানং।

ব্রণস্য কৃচ্ছ্রসাধ্যত্বমাহ কুষ্ঠিনামিত্যাদি। কুষ্ঠবিশেষেণমত্ত স্বদোষদূষিতরক্তাদিদূষ্যত্বেন সর্ব্বদা দুষ্টিরধিকেতি কৃচ্ছ্রসাধ্যত্বং বিষযুক্তানামিতি দূষীবিষার্ত্তানাং, শোষে মেহে চ ধাতুক্ষয়াৎ, ব্রণে চ রক্তস্রাবাচ্চাহারসংগমনাদধিকা দুষ্টিঃ বসাং মেদোঽথ মজ্জানং মস্তুলুঙ্গঞ্চ যঃ স্রবেদিতি মজ্জা অস্থিস্নেহঃ, মস্তুলুঙ্গং ঘৃতিকা, ন সিধ্যেদ্দোষসম্ভব ইতি দোষৈরতি-দূষিতানাং বসাদীনাং অবশ্য বহুব্যাপত্তিকরত্বাৎ। ৬ নিষ্টরূপাং গন্ধবিকৃতিমাহ মদ্যাগুর্ব্বাদ্যেত্যাদি সুমনা জাতী, সগন্ধাঃ সমানগন্ধাঃ, দিব্যগন্ধাঃ অপরিকল্পিতাদ্ভুত-গন্ধাঃ পারিজাতাদিগন্ধাঃ ৭ যে চ মর্ম্মসু সংভূতা ইতি মর্ম্মসু জাতা অপি ভৃশবেদনাঃ মর্ম্মজাতত্বেন হি ভৃশবেদনবত্ত্বং যুক্তং, প্রাণমাংসক্ষয় ইতি প্রাণক্ষয়েণ শক্তিক্ষয়ঃ, মাংসক্ষয়েণ চোপচয়ক্ষয়ঃ। অনুক্তমপ্যশেষং রিষ্টং সংগৃহ্নন্নাহ ক্রিয়াভিরিত্যাদি ৮।

ইতি ব্যাখ্যামধুকোষে শারীরব্রণ নিদানং

কৃচ্ছ্র সাধ্য লক্ষণ

কুষ্ঠী, বিষাক্রান্ত, শোষী (যক্ষ্মারোগী) ও মধুমেহীর ব্রণ এবং যে ব্রণের উপরে পুনরায় ব্রণ জন্মে, সেই ব্রণ অতিকষ্টে প্রশমিত হইয়া থাকে

সাধ্য ও অসাধ্য লক্ষণ

আগন্তুক ব্রণ হইতে বসা, মেদ, মজ্জা ও মস্তুলুঙ্গ (মস্তিষ্ক) স্রাব হইলে সাধ্য এবং দোষ-জনিত ব্রণ হইতে বসা মেদ প্রভৃতি স্রাব হইলে তাহা অসাধ্য ৬॥

মুমূর্ষু ব্যক্তির ব্রণের লক্ষণ

মুমূর্ষু ব্যক্তির ব্রণে মদ্য, অগুরু,ঘৃত চন্দন প্রভৃতি দ্রব্যের এবং জাতী, পদ্ম চাঁপা ও পারি-জাত প্রভৃতি পুষ্পের গন্ধের ন্যায় গন্ধ হইয়া থাকে. ৭।

ব্রণের অসাধ্য লক্ষণ

দেহের মর্ম্ম স্থানে ব্রণ জন্মিলে ও সেই ব্রণ হইতে অত্যন্ত পূঁয ও রক্তস্রাব শরীরের অভ্যন্তরে জ্বালা,বাহিরে শীতল অথবা বাহিরে অত্যন্ত জ্বালা ও অভ্যন্তরে শীতল বোধ হইলে এবং রোগীর শ্বাস, কাশ, অরুচি ও ব্রণে অত্যন্ত বেদনা থাকিলে এবং নানা প্রকার ঔষধাদি ব্যবহারে উপ-কার না হইলে, যশাভিলাষী চিকিৎসকগণ তাহাকে পরিত্যাগ করিবেন॥ ৮।

শারীরব্রণরোগ সমাপ্ত।

অথ সদ্যোব্রণ-নিদানং।

অথ সদ্যোব্রণং তস্য সংখ্যাঞ্চাহ 'নানাধারামুখৈঃ শস্ত্রৈঃ, নানাস্থাননিপাতিতৈঃ। ভবন্তি নানাকৃতয়ো, ব্রণাস্তাংস্তান্নিবোধ মে। ছিন্নং ভিন্নং তথা বিদ্ধং, ক্ষতং পিচ্চিতমেব বা ঘৃষ্টমাহুস্তথা ষষ্ঠং, তেষাং বক্ষ্যামি লক্ষণং॥ ১। অথ ছিন্নলক্ষণমাহ। তির্য্যক্ ছিন্ন ঋজুর্বাপি, যো ব্রণস্বায়তো ভবেৎ। গাত্রস্য পাতনং তদ্ধি, ছিন্নমিত্যভিধীয়তে। ২। অথ ভিন্নলক্ষণমাহ শক্তিদন্তেষুখড়্গাগ্র,বিষাণৈরাশয়ো হতঃ। যৎ কিঞ্চিৎ প্রস্রবেত্তদ্ধি, ভিন্নলক্ষণমুচ্যতে। ৩। অথ কোষ্ঠং তদ্ভিন্নস্য লক্ষণঞ্চাহ। স্থানা-

শারীরব্রণমভিধায়াগন্তব্রণমাহ নানাধারামুখৈরিত্যাদি নানা ধারামুখানি যেষাং তানি তথা, স্থানবিশেষেণাপি শস্ত্রনিপাতস্য ব্রণাকৃতিবিশেষে হেতুরিত্যত উক্তঃ নানাস্থাননিপাতিতৈরিতি ১ তির্য্যগিতি তির্য্যগ্ব্যবস্থিতঃ ছিন্নঃ ছেদসম্পন্নঃ ঋজুরবক্রঃ গাত্রস্য পাতনমিতি গাত্রাবয়বস্য তদেকদেশকণস্য বা গাত্রস্য পাতনং। ২॥ শক্তীত্যাদি। বিষাণং শৃঙ্গঞ্চ এতদ্ভিন্নলক্ষণং পারিভাষিকং তেন হৃত এবাশয়দেশে ভেদ উচ্যতে অন্যত্র শায়দেশরহিতে তু ব্যধঃ যৎকিঞ্চিদিত্যাদি। যদ মূত্ররুধিরাদের্য আশয়ো ভিন্নঃ স তৎ প্রস্রবেৎ, তেন বস্তিভিন্নে মূত্রং, রুধিরাশয়ো রুধির[illegible] ৩ যত্র [illegible] [illegible] ভেদ

সদ্য ব্রণের লক্ষণ।

শরীরের নানাস্থানে নানাপ্রকার অস্ত্র-শস্ত্রাদি পতিত হইলে, নানাপ্রকার আকৃতিবিশিষ্ট ক্ষত জন্মে। তাহাকে সদ্য ব্রণ কহে

সদ্য ব্রণের প্রকারভেদ

সদ্য ব্রণ ছয় প্রকার যথা ১ ছিন্ন, ২ ভিন্ন, ৩ বিদ্ধ, ৪ ক্ষত, ৫ পিচ্চিত, ৬ ঘৃষ্ট। ইহাদের লক্ষণ ক্রমে বর্ণন করা যাইতেছে। ১।

ছিন্ন ব্রণের লক্ষণ।

শস্ত্র সরলভাবে অথবা বক্রভাবে শরীরে পতিত হইয়া, শরীরের কোন অংশকে পাতিত করিলে, যে প্রশস্ত ক্ষত উৎপন্ন হয়, তাহাকে ছিন্নব্রণ বলে। ২॥

ভিন্ন ব্রণের লক্ষণ

শক্তি (অস্ত্রবিশেষ), দন্ত, ইষু (অস্ত্রবিশেষ), খড়্গ ও শৃঙ্গের অগ্রভাগ দ্বারা মূত্রাশয় ও রুধিরাশয় (যকৃৎ ও প্লীহ) প্রভৃতি বিদীর্ণ হইয়া, রক্ত ও মূত্রাদি অল্প পরিমাণে স্রাব হইলে তাহাকে ভিন্ন ব্রণ বলে ৩

ন্যামাগ্নিপক্কানাং, মূত্রস্য রুধিরস্য চ। হৃদুণ্ডুকফুপ্‌ফুসশ্চ, কোষ্ঠ ইত্যভিধীয়তে। তস্মিন্ ভিন্নে রক্তপূর্ণে, জ্বরো দাহশ্চ জায়তে। মূত্রমার্গগুদাস্যেভ্যো, রক্তং ঘ্রাণাচ্চ গচ্ছতি। মূর্চ্ছাশ্বাসতৃড়াধ্মানমভক্তচ্ছন্দ এব চ। বিণ্মূত্রবাতসঙ্গশ্চ, স্বেদাস্রাবোঽক্ষিরক্ততা। লোহগন্ধিত্বমাস্যস্য, গাত্রদৌর্গন্ধ্যমেব চ। হৃচ্ছূলং পার্শ্বয়োশ্চাপি, বিশেষঞ্চাত্র মে শৃণু। আমাশয়স্থে রুধিরে, রুধিরং ছর্দ্দয়ত্যপি। আধ্মানমতিমাত্রঞ্চ, শূলঞ্চ ভৃশদারুণং। পক্কাশয়গতে চাপি, রুজা গৌরবমেব চ। অধঃকায়ে বিশেষেণ, শীততা চ ভবেদিহ ॥৪॥

অথ বিদ্ধলক্ষণমাহ। সূক্ষ্মাস্যশল্যাভিহতং যদঙ্গং ত্বাশয়ং বিনা। উত্তুণ্ডিতং নির্গতং বা তদ্বিদ্ধমিতি নির্দ্দিশেৎ ॥৫॥

ব্যপদেশন্তমাহ স্থানানীত্যাদি। আমস্য স্থানমামাশয়ঃ, অগ্নেঃ পচ্যমানাশয়ঃ, পক্কস্য পক্কাশয়ঃ, মূত্রস্য বস্তিঃ, রুধিরস্য যকৃৎপ্লীহানৌ, হৃৎ হৃদয়ং, উণ্ডুক ইক্ষুরসপাকমলবদ্ধঃ শোণিতমলস্তজ্জ উণ্ডুকঃ স চান্ত্রদেশে ব্যবস্থিতঃ পুরীষাধানমিতি ফুপ্‌ফুস ইতি হৃদয়স্য বামপার্শ্বে রক্তাধারঃ ফুস্‌ফুস্ ইতি খ্যাতঃ। মূত্রমার্গগুদাস্যেভ্যো রক্তং ঘ্রাণাচ্চ গচ্ছতীতি বস্ত্যাদৌ ভিন্নে মেহনগুদাভ্যাং রক্তং নিঃসরতি আমাশয়াদিভেদে তু মুখঘ্রাণাভ্যাং রক্তনির্গমঃ। স্বেদাস্রাব ইতি স্বেদস্যাত্যন্তস্রুতিঃ পার্শ্বয়োশ্চাপীতি শূলমিতি সম্বন্ধঃ মে ইত্যব্যয়ং মম ইত্যর্থঃ আমাশয়স্থ ইতি আধ্মানং রক্তাবস্তব্ধবায়োঃ, রুজা শূলং, গৌরবং রক্তবহুত্বাৎ, অধঃকায়ে বিশেষং শীততেতি ব্যাধিপ্রভাবাৎ ৪ বিদ্ধলক্ষণমাহ সূক্ষ্মাস্যশল্যেত্যাদি আশয়ং বিনেতি উক্তমামাদ্যাশয়ং বিনা উত্তুণ্ডিতং নির্গতশল্যোপলক্ষণং, তেনাত্তুণ্ডিতঞ্চ বিদ্ধং বিগৃহ্যতে নির্গতেন চ নির্গতমুখং বিদ্ধং সর্ব্বথা ন নির্গতঞ্চ গৃহ্যতে, তেন তন্ত্রান্তরে বিদ্ধমুত্তুণ্ডিতং ভিন্নং নির্ভিন্নমিতি যচ্চতুঃপ্রকারমভিহিতং তৎসংগৃহীতং ॥ ক্ষতমাহ নাতিচ্ছিন্নমিত্যাদি নাতিচ্ছিন্নমিতি নাবগাঢচ্ছেদং নাতিভি

কোষ্ঠের লক্ষণ

আয়ুর্ব্বেদবিদ পণ্ডিতগণ, আমাশয়, অগ্ন্যাশয় পক্কাশয়, বস্তি (মূত্রাশয়), যকৃৎ, প্লীহা, হৃদয় ও ফুসফুস, এই নয়টীকে কোষ্ঠ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন অপর, কোষ্ঠ কোন প্রকারে বিদীর্ণ হইয়া রক্তপূর্ণ হইলে জ্বর ও জ্বালা হয়

আমাশয়াদি বিদীর্ণের লক্ষণ

মূত্রাশয় ও যকৃৎ প্রভৃতি বিদীর্ণ হইলে লিঙ্গ ও মলদ্বার দিয়া রক্ত নির্গত হয়, আমাশয় ও অগ্ন্যাশয় প্রভৃতি বিদীর্ণ হইলে, মুখ ও নাসিকা দিয়া রক্তস্রাব হইয়া থাকে এবং মূর্চ্ছা, শ্বাস, পিপাসা, আধ্মান (আমাশয়াদির স্ফীতত্ব), অরুচি, মল মূত্র ও বায়ুরোধ, অতিশয় ঘর্ম্মস্রাব, চক্ষু রক্তবর্ণ, মুখে লোহের গন্ধ, শরীরে দুর্গন্ধ এবং হৃদয় ও পার্শ্বদেশে বেদনা হয়। আমাশয় রক্ত পূর্ণ হইলে রক্তবমন, আমাশয় অতিশয় স্ফীত ও বেদনাযুক্ত হইয়া থাকে পক্কাশয় রক্তপূর্ণ হইলে পক্কাশয়ে বেদনা ও গুরুতা এবং শরীরের নিম্নপ্রদেশ শীতল হয় ॥ ৪ ॥

বিদ্ধ ব্রণের লক্ষণ

সূক্ষ্মাগ্র কণ্টকাদি দ্বারা আমাশয় ও অগ্ন্যাশয় প্রভৃতি ব্যতীত অন্য কোন স্থান বিদ্ধ হইলে, কণ্টকাদির মুখ নির্গত হউক আর নাই হউক, ঐ বিদ্ধ স্থানকে বিদ্ধ ব্রণ বলে ॥ ৫ ॥

অথ ক্ষতলক্ষণমাহ। নাতিছিন্নং নাতিভিন্নমুভয়োর্লক্ষণান্বিতং। বিষমং ব্রণমঙ্গে যৎ, তৎ ক্ষতমভিধীয়তে ॥ ৬ ।

অথপিচ্ছিতলক্ষণমাহ। প্রহারপীড়নাভ্যান্তু যদঙ্গং পৃথুতাং গতং। সাস্থি তৎ পিচ্ছিতং বিদ্যাৎ, মজ্জরক্তপরিপ্লুতং। ৭।

অথ ঘৃষ্টং সশল্যব্রণ-লক্ষণঞ্চাহ ঘর্ষণাদভিঘাতাদ্বা, যদঙ্গং বিগতত্বচং। উষাস্রাবান্বিতং তচ্চ, ঘৃষ্টমিত্যভিধীয়তে।

শ্যাবং সশোথং পিড়কাচিতঞ্চ, মুহুর্মুহুঃ শোণিতবাহিনঞ্চ। মৃদূন্নতং বুদ্বুদতুল্যমাংসং, ব্রণং সশল্যং সরুজং বদন্তি ৮।

অথ কোষ্ঠভেদমাহ ত্বচোঽতীত্য শিরাদীনি, ভিত্ত্বা বা পরিহৃত্য বা। কোষ্ঠে প্রতিষ্ঠিতং শল্যং, কুর্য্যাদুক্তানুপদ্রবান্ ৯॥

নাতিছিন্নমিতি নাতিবিদীর্ণাশয়ং, উভয়োর্লক্ষণান্বিতমিতি স্তোকাবদারণযোগাচ্ছিন্নলক্ষণযুক্তং, বিষমং ব্রণমঙ্গে যদিতি অঙ্গবৈষম্যকরং ব্রণং যত্তৎ ক্ষতং ৬ প্রহারেত্যাদিনা পিচ্ছিত-লক্ষণমাহ। প্রহারো মুদ্গরাদিনা পীড়নং কপাটাদিনা। পৃথুতামিতি চিপিটতাং মজ্জরক্তপরিপ্লুতমিত্যনেন ব্রণভাবাৎ মজ্জরক্তাগমং দর্শয়তি, তেন যৎ ব্রণং পিচ্ছিতং তদ্ব্যথস্তু তথা সদ্যোব্রণস্য চ চিকিৎসাবিধিঃ। ৭ ঘর্ষণাদিত্যাদি ঘৃষ্টলক্ষণং ঘর্ষণাৎ কর্কশবস্ত্রাদিনা, বিগতত্বচমিতি পাঠং ত্যক্ত্বা বিগতত্বচেতি পাঠঃ সাধুঃ বিগতত্বচা লক্ষিতমঙ্গং উষা উষ্মনির্গমবদ্ব্যথা ৮ কোষ্ঠভেদমাহ ত্বচ ইত্যাদি ত্বচ ইতি সপ্ত ত্বচঃ, শিরামাংসস্নায়্বস্থিসন্ধীনি পরিহৃত্য বেতি পরিহারপক্ষেঽপি কোষ্ঠভেদস্য সংগতত্বাৎ শিরাবাধলিঙ্গ ক্ষীণত্বেন সুরেন্দ্রগোপপ্রতিমমিত্যাদিনা ব্যক্তীভবিষ্যতি উক্তানিতি প্রনষ্টশল্যবিজ্ঞানীয়েন তত্রহৃত্যুক্তং কোষ্ঠগতে আটোপানাহৌ মূত্রপুরীষাহারদর্শনঞ্চ ব্রণমুখাদ্ভবতীতি। ৯

ক্ষতব্রণের লক্ষণ।

অতিশয় ছিন্ন এবং অতিশয় ভিন্ন নয় এরূপ উভয় লক্ষণাক্রান্ত অঙ্গের বৈষম্যজনক (উচ্চতা ও নিম্নতাজনক) ব্রণকে ক্ষত কহে ৬

পিচ্ছিত ব্রণের লক্ষণ।

মুদ্গরাদি দ্বারা প্রহার অথবা কপাট ও প্রস্তর প্রভৃতির পীড়নে (পেষণে) যে অং অস্থির সহিত চিপিটকের ন্যায় (চিড়ার ন্যায়) চেপ্টা এবং মজ্জা ও রক্ত দ্বারা আর্দ্র হয় তাহাকে পিচ্ছিত ব্রণ বলে ৭।

ঘৃষ্ট ও সশল্য ব্রণের লক্ষণ

কোন প্রকার আঘাতে অথবা কর্কশ বস্ত্রের ঘর্ষণে কোন অঙ্গের চর্ম্ম উঠিয়া গেলে ঐ ক্ষত স্থানে উষ্মা নির্গমের ন্যায় যে যাতনা হয় এবং ঐ স্থান হইতে জল অথবা রক্তস্রাব হই থাকে, তাহাকে ঘৃষ্ট ব্রণ কহে

কোন অঙ্গে কণ্টকাদি বিদ্ধ হইয়া থাকিলে; শোথযুক্ত, পীড়কাবৃত (ফুসকুড়ি ব্যাং অল্পোন্নত বুদ্বুদ তুল্য মাংসযুক্ত, শ্যাববর্ণ (কৃষ্ণ ও পীত মিশ্রবর্ণ), ও বেদনাযুক্ত ক্ষত যে অং এবং ঐ ক্ষত হইতে পুনঃ২ যে রক্তস্রাব হয়, তাহাকেই সশল্য ব্রণ বলে ৮

কোষ্ঠভেদের নিয়ম

শল্য ত্বক্ (সপ্তত্বক্) অতিক্রমপূর্ব্বক শিরা মাংস স্নায়ু, অস্থি ও সন্ধিদিগকে ভেদ বা পরিত্যাগ করিয় আমাশয় ও অগ্ন্যাশয় প্রভৃতিতে প্রবেশ করিয়া পশ্চাল্লিখিত উপদ্র [illegible]

অথাসাধ্যকোষ্ঠভেদলিঙ্গমাহ। তত্রান্তর্লোহিতং পাণ্ডু, শীতপাদকরাননং। শীতোচ্ছ্বাসং রক্তনেত্রমানদ্ধঞ্চ বিবর্জ্জয়েৎ ॥ ১০ ॥ অথ মাংসশিরাস্নায়ুস্থিসন্ধিমর্ম্মসু ক্ষতেষু সামান্যলিঙ্গমাহ। ভ্রমঃ প্রলাপঃ পতনং প্রমোহো, বিচেষ্টনং গ্লানিরথোষ্ণতা চ। স্রস্তাঙ্গতা মূর্চ্ছনমূর্দ্ধবাত,স্তীব্র রুজো বাতকৃতাশ্চ তাস্তাঃ। মাংসোদকাভং রুধিরঞ্চ গচ্ছেৎ, সর্ব্বেন্দ্রিয়ার্থোপরমস্তথৈব। দশার্দ্ধসংখ্যেষথ বিক্ষতেষু, সামান্যতো মর্ম্মসু লিঙ্গমুক্তং ॥ ১১ ॥ অথ পূর্ব্বং মর্ম্মরহিতানাং শিরাদীনাং বিদ্ধলক্ষণমাহ। সুরেন্দ্রগোপপ্রতিমং প্রভূতং, রক্তং স্রবেত্তৎক্ষতজশ্চ বায়ুঃ। করোতি রোগান্ বিবিধান্ যথোক্তান্, শিরাসু ছিন্নাস্বথ বা ক্ষতাসু। কৌজ্যং শরীরাবয়বাবসাদঃ, ক্রিয়াস্বশক্তিস্তুমুলা রুজশ্চ। চিরাদ্ব্রণো রোহতি যস্য চাপি,তং স্নায়ুবিদ্ধং পুরুষং ব্যবস্যেৎ শোথাভিবৃদ্ধিস্তুমুলা রুজশ্চ, বলক্ষয়ঃ সর্ব্বত এব শোথঃ। ক্ষতেষু সন্ধিষচলাচলেষু, স্যাৎ সর্ব্ব-

---

অসাধ্যকোষ্ঠভেদলিঙ্গমাহ তত্রেত্যাদি তত্র কোষ্ঠে অন্তর্লোহিতমিতি অভ্যন্তরস্থিতং রক্তং অনিঃসৃতরক্তমিতি যাবৎ। আনদ্ধমিত্যানাহবন্তং ॥ ১০ ॥ মাংসশিরাস্নায়্বস্থিসন্ধিমর্ম্মসু পঞ্চসু ক্ষতেষু সামান্যলিঙ্গমাহ ভ্রম ইত্যাদি বিচেষ্টনং বিরুদ্ধচেষ্টনং করচরণাদি ক্ষেপণং, গ্লানির্বলক্ষয়ঃ,স্রস্তাঙ্গতা অঙ্গসন্ধি বিস্রংসনব্যথা, মূর্চ্ছনমিন্দ্রিয়মোহঃ, ইন্দ্রিয়ার্থোপরম ইন্দ্রিয়াণাং স্ববিষয়েষু রূপাদিষু উপরমো গ্রহণাশক্তিঃ দশার্দ্ধসংখ্যেষু পঞ্চসু শিরাদয়ো মর্ম্মরূপা অমর্ম্মরূপাশ্চ সন্তি ॥ ১১ ॥ তত্র পূর্ব্বং মর্ম্মরহিতানাং শিরাদীনাং বিদ্ধলিঙ্গমাহ সুরেন্দ্রগোপেত্যাদি। যথোক্তানিতি শোণিতবর্ণনীয়োক্তান্ তত্র চোক্তং তদতিপ্রবৃত্তং শিরোঽভিতাপমান্ধ্যমাক্ষেপকাদীন্ করোতি, বিদ্ধাসু বাণাদিনা, ক্ষতাসু খড়্গা

অসাধ্য কোষ্ঠভেদ লক্ষণ

পূর্ব্বোক্ত প্রকারে শল্য কোষ্ঠে প্রবেশ করিলে, কোষ্ঠের অভ্যন্তরস্থিত অনিঃসৃত রক্ত পাণ্ডুবর্ণ এবং হস্ত পদ মুখ ও নিশ্বাস শীতল ও চক্ষু রক্তবর্ণ হয় এই সমস্ত লক্ষণাক্রান্ত রোগী পরিত্রাণ পাইবে না বলিয়া চিকিৎসকগণ উহাদিগকে পরিত্যাগ করিবেন ॥ ১০

মাংস, শিরা ও স্নায়ু প্রভৃতি ক্ষতের সামান্য লক্ষণ

মাংস, শিরা, স্নায়ু, অস্থি ও সন্ধিমর্ম্মে ক্ষত হইলে, ক্ষতগ্রস্ত ব্যক্তির ভ্রম, প্রলাপ, পতন (ঘুরিয়া পড়া), মোহ হস্ত পদাদি বিক্ষেপণ, দুর্ব্বলতা, শরীরের উষ্ণতা, শরীর-শিথিল, ইন্দ্রিয়মোহ, ঊর্দ্ধবাত (হিক্কা শ্বাস প্রভৃতি) ক্ষতস্থানে বায়ুজনিত তীব্র বেদনা এবং বায়ু প্রধান রোগ সমূহ জন্মে ও চক্ষু কর্ণাদির কার্য্য (দর্শন শ্রবণাদি) লোপ হয়, এবং মাংসধৌত জলসদৃশ শরীরের রক্ত হইয়া থাকে ॥ ১১।

শিরাবিদ্ধের লক্ষণ

শিরা, বাণাদি দ্বারা বিদ্ধ অথবা খড়্গাদি দ্বারা ক্ষত হইলে, ক্ষতজাত বায়ু সুরেন্দ্র-

কর্ম্মোপরমশ্চ লিঙ্গং। ঘোরা রুজো যস্য নিশাদিনেষু,
সর্ব্বাস্ববস্থাসু চ নৈতি শান্তিং। ভিষগ্বিপশ্চিদ্বিদিতার্থ-
সূত্রঃ, তমস্থিবিদ্ধং পুরুষং ব্যবস্যেৎ। ১২ অথ শিরাদি-
বিদ্ধলিঙ্গমতিদেশেনাহ। যথাস্বমেতানি বিভাবয়েচ্চ,
লিঙ্গানি মর্ম্মস্বভিতাড়িতেষু। পাণ্ডুর্বিবর্ণঃ স্পর্শনং ন
বেত্তি, যো মাংসমর্ম্মণ্যভিপীড়িতঃ স্যাৎ। ১৩। সর্ব্বব্র-
ণানামুপদ্রবমাহ। বিসর্পঃ পক্ষঘাতশ্চ, শিরাস্তম্ভোঽপতা-
নকঃ। মোহোন্মাদব্রণরুজো, জ্বরস্তৃষ্ণা হনুগ্রহঃ। কাস-
শ্ছর্দ্দিরতীসারো, হিক্কা শ্বাসঃ সবেপথুঃ। ষোড়শোপ-
দ্রবাঃ প্রোক্তা, ব্রণানাং ব্রণচিন্তকৈঃ॥ ১৪॥

ইতি সদ্যোব্রণ নিদানং।

দিনা কৌব্জ্যং কুব্জতা তুমুলা গহনাঃ সান্ধিম্বিতি অচলেষু নিশ্চেষ্টেষু আচলেষু চেষ্টাবৎসু অঙ্কেরপি চলাচলভেদেন দ্বৈবিধ্যাৎ তথাচ সুশ্রুতঃ 'শাখাসু হন্বোঃ কট্যাঞ্চ চেষ্টাবন্তশ্চ সন্ধয়ঃ। শেষাস্তু সন্ধয়ঃ সর্ব্বে বিজ্ঞাতব্যাঃ স্থিরা বুধৈরিতি। ১২। মর্ম্মরূপ-তানাং শিরাদীনাং বিদ্ধলক্ষণমভিধায় শিরাদিমবিদ্ধলিঙ্গমতিদেশবমাহ যথাস্বমেতা-নীত্যাদি বিভাবয়েচ্চেতি চকারো ভিন্নক্রমে, তেন এতানি লিঙ্গানি তথা সামান্যল-ক্ষানি ■ জানীয়াদিত্যর্থঃ অসুক্তমাংসমর্ম্মণো বিদ্ধস্য লিঙ্গমাহ পাণ্ডুর্বিবর্ণ ইত্যাদি। নহু শিরাদিবিদ্ধলিঙ্গবৎ মাংসবিদ্ধলিঙ্গমপি পূর্ব্বং কুতো নোপদিষ্টং উচ্যতে কেবল মাংস-বিদ্ধস্যাবহুব্যাপকত্বাৎ পুর্ব্বমনুপাদানং ১৩ সর্ব্বব্রণানামুপদ্রবানাহ বিসর্প ইত্যাদি॥ ১৪

ইতি ব্যাখ্যামধুকোষে সদ্যোব্রণনিদানং।

গোপকীট সদৃশ রক্তবর্ণ অধিক পরিমাণে শোণিতস্রাব করে, এবং স্নায়ুক্ষতে রোগীর কুব্জতা দুর্ব্বলতা ও কার্য্যে অপারগতা জন্মে এবং ক্ষত স্থানে অত্যন্ত বেদনা ও ক্ষতস্থান বিলম্বে শুষ্ক হইয়া থাকে। অপর, সচল ও অচল সন্ধি স্থানে ক্ষত হইলে, রোগী অত্যন্ত দুর্ব্বল শারীরিক ও মানসিক কার্য্য করিতে অক্ষম হয়, এবং সর্ব্বাঙ্গে শোথ ও অত্যন্ত বেদনা হয় ব লিয়া রোগী দিবারাত্রি মধ্যে কোন প্রকারে শান্তি লাভ করিতে পারে না এই সমস্ত লক্ষণ-যুক্ত ব্যক্তি সুবিজ্ঞ চিকিৎসক কর্ত্তৃক চিকিৎসিত হইলে রোগ হইতে মুক্ত হইতে পারে। ১২

শিরামর্ম্ম বিদ্ধের লক্ষণ।

মর্ম্মরূপ শিরা বিদ্ধ হইলে, পূর্ব্বোক্ত শিরাবিদ্ধের লক্ষণ এবং ভ্রম প্রলাপ, প্রভৃতি নানা প্রকার সামান্য লক্ষণও হইয়া থাকে।

মাংস মর্ম্মবিদ্ধের লক্ষণ

মাংসমর্ম্মস্থানে ক্ষত হইলে, ক্ষতগ্রস্ত ব্যক্তি পাণ্ডুবর্ণ অথবা বিবর্ণ হয় এবং ক্ষতস্থান স্পর্শ করিলে জানিতে পারে না ১৩।

উপদ্রব

বিসর্প, পক্ষাঘাত, শিরাস্তম্ভ, অপতানক, মূর্চ্ছা, উন্মাদ ব্রণে বেদনা, জ্বর, পিপাসা, হনুগ্রহ (বাতরোগবিশেষ), কাস, বমন, অতীসার, হিক্কা, শ্বাস, কম্প, এই ষোড়শটী সর্ব্বপ্রকার ব্রণরোগের উপদ্রব ১৪

সদ্যোব্রণরোগ সমাপ্ত।

অথ ভগ্ননিদানং।

ভগ্নং সমাসাদ্বিবিধং হুতাশ! কাণ্ডে চ সন্ধৌ চ হি তত্র সন্ধৌ। উৎপিষ্ট-বিশ্লিষ্ট-বিবর্ত্তিতঞ্চ, তির্য্যগ্‌গতং ক্ষিপ্ত-মধশ্চ ষট্‌ চ ১। অথ সন্ধিগতভগ্নস্য সামান্যলক্ষণ-মাহ। প্রসারণাকুঞ্চনবর্ত্তনোগ্র, রুক্‌স্পর্শবিদ্বেষণমেতদুক্তং। সামান্যতঃ সন্ধিগতস্য লিঙ্গং ২। অথোৎপিষ্টাদীনাং ক্রমেণ লক্ষণমাহ। উৎপিষ্টসন্ধেঃ শ্বয়থুঃ সমন্তাৎ, বিশেষতো রাত্রিভবা রুজা চ। বিশ্লিষ্টজে

আগন্তুসামান্যাৎ ভগ্ননিদানং দ্বিবিধং হি ভগ্নং সব্রণমব্রণঞ্চ তত্র সব্রণমভিধায়াব্রণমাহ ভগ্নং সমাসাদিত্যাদি হুতাশ ইত্যগ্নিবেশ সম্বোধনং, চরকে হুতাশশব্দেনাগ্নিবেশোঽভিধীয়তে, পদৈকদেশে পদপ্রবৃত্তেঃ কাণ্ডে চ সন্ধৌ চেতি সন্ধিবিচ্ছিন্নমেকখণ্ডমস্থি কাণ্ডং, কাণ্ডেন চ নলক কপাল বলয় তরুণ রুচকানাং গ্রহণং তত্র ভগ্নং কাণ্ডভগ্নং দ্বয়োরস্থ্নোঃ সন্ধানং সন্ধিঃ তদ্বিশ্লেষঃ সন্ধিমুক্তং। তত্র সন্ধাবিতি সন্ধৌ মুক্তে লিঙ্গমভিধীয়তে ইতি শেষঃ ননু কথং সন্ধিমুক্তং ভগ্নমুচ্যতে? অস্থ্নাং হি ভগ্নো মুক্তঃ উচ্যতে অস্থিবিশ্লেষোঽপি ভঙ্গোঽভিহিতঃ, স ■ কাণ্ডভগ্নে সন্ধিমুক্তে চাস্তীতি ন দোষঃ ১॥ প্রসারণাকুঞ্চনবর্ত্তনোগ্রা রুক্‌ ইতি প্রসারণাদিষু উগ্রা প্রসারণাদ্যুগ্রা, বর্ত্তনং নিরুদ্ধতয়াবস্থানং ॥ ২। উৎপিষ্টলিঙ্গমাহ। উৎপিষ্টসন্ধেরিত্যাদি। উৎপিষ্টং দ্বাভ্যামস্থিভ্যাং সন্ধৌ ঘর্ষণং। শ্বয়থুঃ সমন্তাদিতি উভয়ভাগে শোথ, উভয়তঃ সন্ধ্যস্থ্নোর্ঘর্ষিতত্বাৎ। বিশেষতো রাত্রিভবা রুজা চেতি অভিঘাত কুপিত এব রাত্রৌ শৈত্যোনাত্যন্তং বৃদ্ধো বায়ুঃ রুজাং করোতি অত্র চূর্ণিতত্বেন মার্গাবরণাৎ বাতকোপ ইত্যর্থঃ বিশ্লিষ্টজে ইতি বিশ্লিষ্টজাতে সন্ধিমুক্তে, বিশ্লিষ্টং মনাক্‌ সন্ধিবিশ্লেষঃ, শিথিলতামাত্রত্বং বিশ্লিষ্টমিতি ভাবে ক্তঃ তৌ চেতি বিশ্লিষ্টে রাত্রিরুজা সমন্তাচ্ছোথৌ,

---

ভগ্নের প্রকারভেদ

ভগ্ন সংক্ষেপতঃ দুই প্রকার, যথা—কাণ্ডভগ্ন ও সন্ধিভগ্ন। সন্ধিভগ্ন ছয় প্রকার, যথা—১ উৎপিষ্ট, ২ বিশ্লিষ্ট, ■ বিবর্ত্তিত, ■ তির্য্যগ্‌গত, ■ ঊর্দ্ধ ক্ষিপ্ত, ৬ অধ ক্ষিপ্ত ১

সন্ধিভগ্নের সামান্য লক্ষণ।

সন্ধিস্থান ভগ্ন হইলে, ভগ্ন সন্ধিস্থান আকুঞ্চন ও প্রসারণ করিতে এবং উহা স্পর্শ করিলে অত্যন্ত বেদনা হইয়া থাকে ২।

১ উৎপিষ্ট ভগ্নের লক্ষণ।

কোন ভারযুক্ত বস্তু দ্বারা সন্ধিস্থান পেষিত হইলে, সন্ধিস্থিত অস্থিদ্বয়ের ঘর্ষণে সন্ধির উভয় ভাগে শোথ হয় এবং রাত্রিতে শীতলতায় বৃদ্ধি প্রাপ্ত বায়ু, বেদনা জন্মায়

২ বিশ্লিষ্টের লক্ষণ

সন্ধিস্থান শিথিল হইলে অর্থাৎ সন্ধিস্থিত অস্থি স্বস্থান হইতে সরল ভাবে সরিয়া গেলে সন্ধিস্থানে সর্ব্বদা অত্যন্ত বেদনা ও অল্প শোথ জন্মে এবং রাত্রিতে বেদনা বৃদ্ধি পায়

তৌ চ রুজা চ নিত্যং। বিবর্ত্তিতে পার্শ্বরুজশ্চ তীব্রাঃ ॥ তির্য্যগ্‌গতে তীব্ররুজো ভবন্তি, ক্ষিপ্তেঽতিশূলং বিষম-ত্বমস্থ্নোঃ ক্ষিপ্তে ত্বধো রুক্‌ বিঘটশ্চ সন্ধেঃ ॥ ৩ অথ কাণ্ডভগ্নমাহ। কাণ্ডেত্বতঃ কর্কটকাশ্বকর্ণ,বিচূর্ণিতং পিচ্চি-তমস্থিছল্লিকা। কাণ্ডে চ ভগ্নং হ্যতিপাতিতঞ্চ, মজ্জাগতঞ্চ

সমস্তাচ্ছোথোঽপায়াল্পো বৈধ্যাঃ সন্ধেরনভিঘাতাৎ সন্ধিক্রিয়ায়াং অস্থ্নোরপস্হতত্বাৎ মধ্য-নিম্নত্বং উৎপিষ্টবিশ্লিষ্টং সন্ধিং বিঘটয়েদি'তি বচনাৎ সনাগ্নিক্রিয়য়া বা রুজা চ নিত্যমিতি সর্ব্বদা রুজা বলবতী ভবতীতি ইত্যুৎপিষ্টাদ্বিশেষঃ বিবর্ত্তিত ইতি সন্ধাবিতি শেষঃ, বিব-র্ত্তিতে বিপরীতং বর্ত্তিতে বিবর্ত্তনং সন্ধৌ দ্বয়োরস্থ্নো বিশ্রমাদাজনেন পার্শ্বরুজশ্চ তীব্রা ইতি অত্যাক্রসন্ধিস্থানযোঃ সন্ধ্যস্থ্নোঃ পার্শ্বগতাস্তীব্রাঃ পার্শ্বরুজাঃ। তির্য্যগ্‌গত ইতি তির্য্যক্‌ক্ষিপ্তে অত্র হ্যেকং সন্ধ্যস্থি স'ন্ধস্থানং ত্যক্ত্বা তির্য্যগ্‌ যাতি ক্ষিপ্তেঽতিশূল'মিতি ক্ষিপ্তেঽতিক্ষিপ্তে ঊর্দ্ধমিতি শেষঃ অত্র হ্যেকাস্থি'ক্রিয়য়া বা দ্বয়োরপ্যস্থ্নোঃ পরস্পরাত্তিক্রমণং দূরগমনং বা বিশ্লিষ্টে তু মনাক্‌ শিথিলতামাত্রং। অধঃ ক্ষিপ্তেতু কিঞ্চিদধোগমনমিতি শেষঃ বিষমাশ্চ সন্ধ্যোরি'তি পাঠে তু রুজ ইতি শেষঃ ক্ষিপ্তেত্বধোরু'গ্বিঘটশ্চ সন্ধেরিতি অধঃক্ষিপ্তে রুক রুজা সন্ধে র্বিঘটশ্চ বিঘটনং বিরুদ্ধচেষ্টা বিঘটশ্চেতি পাঠান্তরে বিঘটিতশ্চ সন্ধেরিত্যর্থঃ অত্র অধোঽস্থিগমনং অধঃক্ষিপ্তবৎ ঊর্দ্ধ ক্ষিপ্তস্যাপ্যভিধানে প্রাপ্তে, অস্থ্যতি-রতিক্ষিপ্তেঽবরোধাৎ ৩ অতঃপরং কাণ্ডে ভগ্নমভিধীয়তে কাণ্ডে ত্বত ইত্যাদি। কাণ্ডে ইত্যত্র ভগ্নমিতি শেষঃ অত ইতি অতঃপরং। কর্কটকেতি উভয়োঃ পার্শ্বয়ো র্নিপীডনে কৃতাবনতং অতএব মধ্যে গ্রন্থি'রিবোন্নতং কর্কটতুল্যত্বাৎ কর্কটকং অশ্বকর্ণেতি অশ্বকর্ণবৎ বিপুলাস্থিনির্গমাদশ্বকর্ণঃ বিচূর্ণিতমিতি ক্ষুণ্ণমস্থি, তচ্চ শব্দস্পর্শাভ্যামবগন্তব্যং পিচ্চিতমিতি যন্ত্রিতং বহুশোথং অস্থিছল্লিকেতি ছল্লং বল্কলং তদস্যাস্তীতি অস্থিছল্লিকা অত্র মত্বর্থীয়ষ্ঠি-

৩ বিবর্ত্তিতের লক্ষণ

সন্ধিস্থিত অস্থিদ্বয়ের দুই মুখ বিপরীত ভাবে ঘুরিয়া গেলে, অস্থিদ্বয়ের দুই মুখ, দুই পার্শ্বে সরিয়া যায় বলিয়া, সন্ধির দুই পার্শ্বে অত্যন্ত বেদনা হইয়া থাকে

৪ তির্য্যগ্‌গতের লক্ষণ

সন্ধ্যস্থিদ্বয়ের এক খানি অস্থি সন্ধিস্থান অতিক্রম করিয়া বক্রভাবে চলিয়া গেলে, সন্ধি-স্থানে অত্যন্ত বেদনা হয়

৫ ঊর্দ্ধ ক্ষিপ্তের লক্ষণ

সন্ধির এক খানি অথবা দুই খানি অস্থি ঊর্দ্ধদিকে সরিয়া গেলে ঊর্দ্ধক্ষিপ্ত বলে। অপর, যে অঙ্গের অস্থি ঊর্দ্ধে ক্ষিপ্ত হয় সেই অঙ্গে অত্যন্ত বেদনা হইয়া থাকে

অধঃক্ষিপ্তের লক্ষণ।

সন্ধ্যস্থি নিম্নদিকে সরিয়া গেলে, উহাকে অধঃক্ষিপ্ত বলে ইহাতে সন্ধিস্থানের (ও বিপরীত ভাবে সঞ্চালন ক্রিয়া হইয়া থাকে ৩ ॥

কাণ্ড ভগ্নের প্রকার ভেদ।

সন্ধিদ্বয়ের মধ্যস্থিত সরল অস্থি খণ্ডকে কাণ্ডাস্থি কহে এবং উহা ভগ্ন হইলে, উহাকে কাণ্ডভগ্ন বলে কাণ্ডভগ্ন দ্বাদশ প্রকার, যথা ১ কর্কটক, ২ অশ্বকর্ণ, ৩ বিচূর্ণিত, ৪ পিচ্চিত, ■ অস্থিছল্লিকা, ৬ কাণ্ডভগ্ন, ৭ অতিপাতিত, ৮ মজ্জাগত, ৯ স্ফুটিত, ১০ বক্র, ১১ ছিন্ন। ছিন্ন দুই প্রকার, সুতরাং দ্বাদশ প্রকার কাণ্ডভগ্ন নির্দ্দেশ করা হইল।

স্ফুটিতঞ্চ বক্রং । ছিন্নং দ্বিধা দ্বাদশধাপি কাণ্ডে, স্রস্তাঙ্গতা শোথরুজাতিবৃদ্ধিঃ । সংপীড্যমানে ভবতীহ শব্দঃ, স্পর্শাসহস্পন্দনতোদশূলাঃ । সর্ব্বাস্ববস্থাসু ন শর্ম্মলাভো, ভগ্নস্য কাণ্ডে খলু চিহ্নমেতৎ ॥ ৪ ॥ অথ কাণ্ডে দ্বাদশপ্রকারাদ-

---

কর্ণ অত্র তু তা ন ভবতি বৃদ্ধেবনিত্যত্বাৎ এবাং পার্শ্বগতস্তোকাস্থিবশ্লেষাস্তবতি অস্থিছল্লিতং ইতি বা পাঠঃ ছল্লমস্থ জাতং ছল্লতং কাণ্ডেষু ভগ্নমিত্যনেন কাণ্ডভগ্নমভিধীয়তে প্রসারণে কম্পমানং কাণ্ডভগ্নং । যদ্যপি কাণ্ডে ভগ্নং সর্ব্বমেব কর্কটাদিস্তথাপি বিশিষ্টে কাণ্ডভগ্নে সংজ্ঞেয়ং বোদ্ধব্যা যথা জাঙ্গলশব্দো জাঙ্গলাদ্যষ্টবিধমাংসবর্গে সামান্যেঽপি ষড়্বিধমাংসবর্গে জলেশয়াদৌ পুনরেণাদাবেব বিশেষে চ বর্ত্ততে অতিপাতিতমিতি অস্থি নিঃশেষিতচ্ছিন্নমতিপাতিতং মজ্জাগতমিতি অস্থ্যবয়বোঽস্থিমধ্যমনুপ্রবিশ্য মজ্জানং নিঃসারয়তীতি মজ্জাগতং স্ফুটিতং স্তোকং বহুধা বিদীর্ণং শূকপূর্ণ ইব বেদনাবৎ । বক্রমিতি অবিমুক্তাস্থি কুব্জীভূতং বক্রং বক্রতাপি ভগ্নত্বং জ্ঞেয়ং ছিন্নং দ্বিধেতি এক মন্থ বিদীর্ণং বহুবিদীর্ণমন্থৎ একতরপার্শ্বে ভগ্নং পরত্র বিদীর্ণং অন্যস্তু বিপুলৈকবিদরণমিত্যাহ । সুশ্রুতে এতৎ স্ফালিতসংজ্ঞং কাণ্ডে ভগ্নস্য দ্বাদশবিধত্বং নিয়ময়তি কাণ্ড ইত্যত্র ভগ্নমিতি শেষঃ অপি শব্দোঽত্র ভিন্নক্রমঃ, স চাবধারণার্থে, তেন ছিন্নমিত্যত্র সম্বধ্যতে ছিন্নমেব দ্বিধা, ন কর্কটাদি ■ । কাণ্ডে ভগ্নস্য দ্বাদশপ্রকারাদপ্যাধিকত্বমাহ ভগ্নন্তু কাণ্ডে বহুধেত্যাদি সমা-

---

দ্বাদশ প্রকার ভগ্নের বিশেষ বিবরণ

১ কর্কটক- ভগ্নস্থানের উভয় পার্শ্বপীড়নে মধ্যস্থান গ্রন্থির ন্যায় উন্নত হয় বলিয়া, উহার নাম কর্কটক

২ অশ্বকর্ণ—অশ্বকর্ণের ন্যায় বৃহৎ ভগ্নাস্থি নির্গত হয় বলিয়া উহার নাম অশ্বকর্ণ

৩ বিচূর্ণিত অস্থি চূর্ণ (গুড়া) হইয়া যায় এবং উহা শরীরের মধ্যেই থাকে। মাংসভেদ করিয়া নির্গত হয় না চূর্ণাস্থি, শব্দ ও স্পর্শ দ্বারা জানা যায়।

■ পিচ্চিত কাণ্ডাস্থিতে আঘাত লাগিলে অস্থি স্ফীত হয় বলিয়া উহার নাম পিচ্চিত

■ অস্থিছল্লিকা বৃক্ষের বল্কলের ন্যায় অস্থির যে ছাল উঠে তাহাকে অস্থিছল্লিকা বলে।

৬। কাণ্ডভগ্ন—ব্যায়ামাদি কার্য্যে কাণ্ডাস্থি বিশেষ প্রকার কম্পিত হইলে, উহাকে কাণ্ডভগ্ন বলে

৭। অতিপাতিত—কাণ্ডাস্থি ভগ্ন হইয়া দুই ভাগে বিভক্ত হইলে অতিপাতিত কহে

৮ মজ্জাগত—ভগ্নপ্রান্তাস্থি সকল অস্থির মধ্যে প্রবেশ করিয়া, অভ্যন্তরস্থ মজ্জা নিঃসারিত করে বলিয়া উহাকে মজ্জাগত কহে

৯। স্ফুটিত—কাণ্ডাস্থির অনেক স্থান অল্প ভগ্ন হয় ও তাহাতে আলকুশী বিদ্ধবৎ বেদনা জন্মে

১০। বক্র—কাণ্ডাস্থি ভগ্ন না হইয়া, বক্রভাবপ্রাপ্ত হইলে উহাকে বক্র কহে

১১ ছিন্ন—ছিন্নভগ্ন দুই প্রকার, প্রথম, অস্থি বিদীর্ণ হইয়াছে অথচ দুই ভাগে বিভক্ত হয় নাই। দ্বিতীয়, অস্থি বিদীর্ণ হইয়া দুইভাগে বিভক্ত হইয়াছে

কাণ্ডভগ্নের লক্ষণ।

যে অঙ্গ ভগ্ন হয়, সেই অঙ্গের শিথিলতা, স্ফীততা ও বেদনার আধিক্য হয় এবং উহা সঞ্চালন কিম্বা পীড়ন করিলে, শব্দ, স্পন্দন ও স্পর্শাসহ বেদনা জন্মে। অপর, রোগী শয়ন ■ উপবেশন প্রভৃতি কোন অবস্থাতেই শান্তিলাভ করিতে পারে না। ■ ।

ধিকং ভগ্নমাহ । ভগ্নন্তু কাণ্ডে বহুধা প্রয়াতি, সামান্যতো নামভিরেব তুল্যঃ ॥ ৫ ॥ অথ ভগ্নস্য কৃচ্ছ্রসাধ্যলক্ষণমাহ । অল্পাশিনো নাত্যদতো, জন্তোর্বাতাত্মকস্য চ । উপদ্রবৈর্বা জুষ্টস্য, ভগ্নং কৃচ্ছ্রেণ সিধ্যতি । ৬ ॥ অথ ভগ্নস্যাসাধ্যলক্ষণমাহ । ভিন্নং কপালং কট্যান্তু, সন্ধিমুক্তং তথা চ্যুতং । জঘনং প্রতিপিষ্টঞ্চ, বর্জ্জয়েদ্ধি বিচক্ষণঃ । অসংশ্লিষ্টকপালঞ্চ, ললাটে চূর্ণিতঞ্চ যৎ । ভগ্নং স্তনান্তরে পৃষ্ঠে, শঙ্খে মূর্দ্ধ্নি চ বর্জ্জয়েৎ ॥ ৭ ॥

সতো নামভিরেব তুল্যমিতি সংক্ষেপতো নামস্বরূপেণৈতদবগন্তব্যমিত্যর্থঃ ॥৫॥ বাতাত্মকস্যেতি বাতপ্রকৃতেঃ, উপদ্রবৈরিতি উপদ্রবা জ্বরাধ্মানমূত্রপুরীষসঙ্গাদয়ঃ ৬ অথ ধ্যত্যামাহ ভিন্নং কপালমিত্যাদি ভগ্নমিতি বাচ্যে ভিন্নমিতি যৎ কৃতং, তৎ কপালানাং প্রায়শো ভেদাৎ অতএবোক্তং কপালানি বিভজ্যন্তে ইতি । নন্ কট্যস্থ্নঃ কপালসংজ্ঞায়া অভাবাৎ কথমুচ্যতে ভিন্নং কপালং কট্যামিতি,যদুক্তং সুশ্রুতে জানুনিতম্বাংশগণ্ডতালুশঙ্খবঙ্ক্ষণশিরঃসু কপালানীতি উচ্যতে । নিতম্বগ্রহণেন অত্র কটীগ্রহণাদদোষঃ, অথবা সর্ব্বং কপালসঞ্জিতং অস্থিভিন্নং তথা কট্যাং চাস্থিভিন্নং বিবর্জ্জয়েৎ অসংশ্লিষ্টকপালঞ্চেতি । তু নিয়মার্থং, তেন ললাটে কপালস্যাসংশ্লিষ্টস্যাসাধ্যত্বং নান্যথাভিমতস্যেতি, ভিন্নং কপালমিতি কাণ্ডভগ্নমেতৎ সন্ধিমুক্তমিতি নানাবিধমপি সন্ধিমুক্তং কট্যাং ■ সিধ্যতীতি চ্যুতমিতি অধঃ ক্ষিপ্তঃ, অন্যান্তু বিশ্লিষ্টমাহ । অথবা কট্যাং সন্ধিমুক্তং চ্যুতলক্ষণং ন সর্ব্বং জঘনং প্রতিপিষ্টঞ্চেতি জঘনং প্রতীতি জঘনস্থানে পিষ্টত্বাৎ উৎপিষ্টমেতত্তথা চ্যুতমিতি চ সন্ধিমুক্তং পুনর্বিশেষার্থং মুক্তং, বিশেষাভিধানাৎ অন্যস্য কটীসন্ধিমুক্তস্য কদাচিৎ সাধ্যতা সূচ্যতে অতএব চিকিৎসিতে তৎ স্থানস্থিতে সন্ধাবিতি বক্ষ্যতি । অসংশ্লিষ্টকপালঞ্চ ললাটে চূর্ণিতঞ্চ যদিতি যথা তথা বিদ্যমানসংশ্লেষং যৎ কপালং, তথা ললাটে চূর্ণিতঞ্চ যৎ বিঘট্টিতসন্ধি তদসাধ্যং ভগ্নমিতি সামান্যেন সন্ধিমুক্তং কাণ্ডভগ্নঞ্চ গৃহ্যতে অন্যে তু ভগ্নমিত্যনেন কাণ্ডভগ্নবিশেষং প্রসারণে কম্পমানমিত্যনেনোক্তং বদন্তি উক্তঞ্চ ভালুকিনা শঙ্খে মূর্দ্ধ্নি স্তনান্তরে বা কাণ্ডে ভগ্নং মরণায়েতি স্তনান্তরে উরসি, মূর্দ্ধ্নি চূড়াস্থানে, ৭ সর্ব্বেষামনবধানতোঽসাধ্যত্বমাহ সম্যগিত্যাদি

ভগ্নরোগের সংক্ষেপ বিবরণ

ভগ্নরোগ অনেক প্রকার তন্মধ্যে দ্বাদশ প্রকার ভগ্নরোগের সংক্ষেপ বর্ণনা করা হইল ৫ ।

কৃচ্ছ্রসাধ্য লক্ষণ ।

অল্পপরিমাণ ও অস্থি ভঞ্জনক দ্রব্য ভোজনকারী ব্যক্তির এবং বাত প্রকৃতি (বায়ুপ্রধান অথবা উপদ্রব-(জ্বর, আধ্মানাদি) যুক্ত ব্যক্তির ভগ্নরোগ বহু যত্নে প্রশমিত হইয়া থাকে ■

অসাধ্য লক্ষণ

যে ব্যক্তির কটীর কপাল নামক অস্থিভেদ ও কটীদেশের সন্ধিমুক্ত বা অধঃক্ষিপ্ত হয়, এবং জঙ্ঘা দেশের অস্থি উৎপিষ্ট হয়, তাহাকে এবং যাহার মস্তকের খুলি বিচ্ছিন্ন ও কপালের অস্থি চূর্ণিত এবং স্তনদ্বয়ের মধ্যস্থিত, পৃষ্ঠের, ললাটের দেশের ও মস্তকের অস্থি ভগ্ন হয় তাহাকেও চিকিৎসকগণ ত্যাগ করিবেন ৭ ।

অথাপরমসাধ্যলক্ষণমাহ। সম্যক্ সন্ধিতমপ্যস্থি, দুর্নিক্ষেপনিবন্ধনাৎ। সংক্ষোভাদ্বাপি যদ্গচ্ছেৎ, বিক্রিয়াং তচ্চ বর্জ্জয়েৎ। ৮ অথাস্থিবিশেষেণ ভগ্নবিশেষমাহ। তরুণাস্থীনি নাম্যন্তে, ভিদ্যন্তে নলকানি চ। কপালানি বিভজ্যন্তে, স্ফুটন্তি রুচকানি চ ॥ ৯ ॥

ইতি ভগ্ননিদানং।

সন্ধিতং সংযমিতং দুর্নিক্ষেপনিবন্ধনাদিতি দুঃস্থাপনাত্তথা দুষ্টবন্ধনাৎ, সংক্ষোভাদ্বেতি অভিঘাতভয়াদিসংক্ষোভাৎ অয়মর্থঃ সম্যকসংযমিতমপি দুঃস্থাপনাৎ সুস্থমপি দুষ্টবন্ধনাৎ সুন্যস্তং সুবন্ধমপি সংক্ষোভাদ্বিকৃতমসাধ্যং। ৮। অস্থিবিশেষেণ ভগ্নবিশেষমাহ তরুণাস্থীনীত্যাদি নাম্যন্তে বক্রীভবন্তি তেনাত্র বক্রলক্ষণং ভগ্নং। ঘ্রাণকর্ণাক্ষিপুটেষু তরুণং কোমলমস্থি ভিদ্যন্তে নলকানি চেতি অস্থ্যন্তরানু প্রবেশাচ্ছিদ্যন্তে, অতিপাতিতলক্ষণেন ভগ্নেন নলকানি মুজ ন্তে। অন্যে তু দ্বাদশ বিধমপি ভগ্নং ব্রেণ্ডান্তে কপালানি বিভজ ন্ত ইতি কপালেষু বিদরণলক্ষণো ভগ্নঃ বিভিদ্যন্ত ইতি পাঠান্তরং অর্থস্তু স এব রুচকানি দন্তাদিষু স্ফুটিতলক্ষণো ভগ্নঃ অস্থীনি পঞ্চবিধানি তরুণনলককপালবলয়রুচকভেদাৎ রুচকানি চেতি চকারাৎ বলযান্যপি স্ফুটিতানি ভবন্তীতি, এতৎ সুশ্রুতে স্ফালিতং ভগ্নঃ ৯।

ইতি ব্যাখ্য মধুকোষে ভগ্ননিদানং।

অপর অসাধ্য লক্ষণ

ভগ্নাস্থি সম্যকরূপে সংযোজিত হইলে অভিঘাতাদি দ্বারা যদি সেই অস্থি পুনরায় ভগ্ন হয়, তাহা হইলে আর তাহা যোড়া লাগে না ॥ ৮ ॥

অস্থি বিশেষে ভগ্নের ভেদ

তরুণ নামকাস্থি (কোমল স্থি) বক্র, নলকাস্থি বিদীর্ণ, কপালনামকাস্থি বিভক্ত ও রুচকাস্থি, স্ফুটিত হইয়া থাকে ৯॥

ভগ্নরোগ সমাপ্ত।

অথ নাড়ীব্রণনিদানং।

অথ নাড়ীব্রণনিদানং সংপ্রাপ্তিঞ্চাহ যঃ শোথমামমতিপক্কমুপেক্ষতেঽজ্ঞো, যে বা ব্রণং প্রচুরপূয়মসাধুবৃত্তঃ।

ভগ্নস্যাপি ব্রণস্যোপেক্ষয় নাড়ী ভবতি, অতোঽনন্তরং নাড়ীমাহ যঃ শোথমিত্যাদি। উপেক্ষত ইতি পীড়নশোধনাদিকং ন করোতি প্রচুরপূয় ইত্যনেন গম্ভীর-

নাড়ীব্রণ রোগের কারণ ও উৎপত্তি।

যে অজ্ঞ লোক অপক্ক শোথকে সংশমনাদি ক্রিয়া দ্বারা শোধন অথবা পক্ক ব্রণকে ছেদন

অভ্যন্তরং প্রবিশতি প্রবিদার্য্যতস্য, স্থানানি পূর্ব্ববিহিতানি ততঃ সপূয়ঃ। তস্যাতিমাত্রগমনাদ্গতিরিষ্যতে তু, নাড়ীব যদ্বহতি তেন মতা তু নাড়ী ১। অথ তস্য সংখ্যাং বাতাদিভেদেন লক্ষণঞ্চাহ। দোষৈস্ত্রিভির্ভবতি সা পৃথগেকশশ্চ, সংমূর্চ্ছিতৈরপি চ শল্যনিমিত্ততোঽন্যা। তত্রানিলাৎ পরুষসূক্ষ্মমুখী সশূলা, ফেনানুবদ্ধমধিকং স্রবতি ক্ষপাসু। পিত্তাত্তৃষাজ্বরকরী পরিদাহযুক্তা, পীতং স্রবত্যধিকমুষ্ণমহঃসু চাপি জ্ঞেয়া কফাদ্বহুঘনার্জ্জুনপিচ্ছিলাস্রা, স্তব্ধা সকণ্ডুররুজ রজনীপ্রবৃদ্ধা ।২। অথ

পাকিত্বমুক্তং অসাধুবৃত্তঃ অহিতাহারাচারঃ স্থানানি পূর্ব্ববিহিতানীতি ব্রণাস্রাববিজ্ঞানীয়োক্তানি ত্বঙ্মাংসশিরাস্নায়ুসন্ধ্যস্থিকোষ্ঠমর্ম্মাণি তস্যেতি পূয়স্য নাড়ীবেতি অন্তঃশুষিরনলাদিনাড়ীবৎ ১ তাসাং কালান্তরসম্ভবত্বেন সংখ্যামাহ দোষৈস্ত্রিভিরিত্যাদি দোষৈঃ পৃথক্ তিস্রঃ একশশ্চ সংমূর্চ্ছিতৈরিতি প্রত্যেকং বৃদ্ধা মিশ্রীভূতৈস্ত্রিভিশ্চতুর্থী, কার্ত্তিকস্তু সন্নিপাতিতৈরিত্যাহ। এবং একশশ্চ সন্নিপাতিতৈরন্যা। সংমূর্চ্ছিতৈঃ সংশ্লিষ্টৈরপরাস্তিস্রঃ। অতএবোক্তং চিকিৎসিতে দোষত্রয়াভিহিতলক্ষণদর্শনেন তিস্রো গম্ভীরাস্তিকরপ্রভবাস্তু বিদ্যাৎ ব্যতিকরপভব দ্বন্দ্বপভবাঃ অপিচকারো ■ সার্থকাবিত্যাহঃ নচোক্তপঞ্চসংখ্যাহানিরস্মিন্ পক্ষেঽভিদেশেনোক্তযো দ্বন্দ্বসন্নিপাতযোঃ সর্ব্বগ্রাহণাৎ শল্যনিমিত্ততোঽন্যেতি আগন্তুরপবেত্যর্থঃ। ইতি পঞ্চ নাড্যঃ অধিকং স্রবতি ক্ষপাস্বিতি শৈত্যেন বাতবৃদ্ধে রাত্রাবধিকং স্রবতি অধিকমুষ্ণমহঃসু চেতি দিবা ঔষ্ণ্যেন পিত্তকোপাৎ। বহুঘনার্জ্জুনপিচ্ছিলাস্রা ইতি অত্রার্জ্জুনঃ শ্বেতঃ,ঘনঃ সান্দ্রঃ,আস্রশব্দ আস্রাবশব্দৈকদেশপাঠঃ,পদেঽপি পদৈকদেশপ্রয়োগাৎ যথা ভে প্রোষ্ঠপদানাঞ্চেত্যত্র ভে ইত্যনেনৈব জাত ইত্যুচ্যতে পিচ্ছিলাস্রুরিতি পাঠেঽপ্যয়মেবার্থঃ অস্রুশব্দঃসম্প্রদায়িপাঠাৎ ক্লিবস্তঃ আগমানিত্যত্বাৎ। ২ অভিহিতানীতি প্রত্যেকং বাতাদিজনাড়ীকথিতানি অসুক্ষ-

---

না করে, তাহার সেই ব্রণের পূঁয স্বস্থান বিদারণ করিয়া অভ্যন্তরে প্রবিষ্ট হয় পূঁযের অত্যন্ত গমন জন্য,অন্তঃছিদ্রযুক্ত শোষ লতার ন্যায় নানা দিকে যে গমন করিয়া থাকে, তাহাকেই নাড়ীব্রণ বা নালী অর্থাৎ শোষ বলে। ১।

প্রকার ভেদ।

নাড়ীব্রণ (শোষ) পাঁচ প্রকার যথা—১ বায়ুজনিত, ২ পিত্তজনিত,৩ কফজনিত, ৪ ত্রিদোষ জনিত (বায়ু, পিত্তও কফজনিত), ■ আগন্তুক

বাতজনিত নাড়ীব্রণে, নাড়ীশক্ত, সূক্ষ্মমুখযুক্ত, অত্যন্ত বেদনাবিশিষ্ট এবং অধিক পরিমাণে পূঁয নির্গত হয় ও রাত্রিতে উহা বৃদ্ধি হইয়া থাকে

পিত্তজনিত নাড়ীব্রণে—জ্বর, তৃষ্ণা ও ব্রণস্থানে জ্বালা হয়, এবং পীতবর্ণ ও উষ্ণ পূঁয নির্গত হইয়া থাকে, অপর দিবসে রোগ বৃদ্ধিপায়

কফজনিত নাড়ীব্রণে—ব্রণস্থানে কণ্ডু (চুলকান)ও বেদনা জন্মে এবং অতিশয় ঘন শ্বেতবর্ণ পিচ্ছিল ও রক্তবর্ণ পূঁযস্রাব হয়, এবং রাত্রিতে রোগের বৃদ্ধি হইয়া থাকে ।২।

ত্রিদোষজামাহ। দাহজ্বরশ্বসনমূর্চ্ছনবক্ত্রশোষা, যস্যাং ভবন্ত্যভিহিতানি চ লক্ষণানি। তামাদিশেৎ পবনপিত্তকফপ্রকোপাৎ,ঘোরামসুক্ষয়করীমিব কালরাত্রিং ॥৩॥

অথ শল্যজাং সাধ্যাসাধ্যঞ্চাহ। নষ্টং কথঞ্চিদনুমার্গমুদীরিতেষু, স্থানেষু শল্যমচিরেণ গতিং করোতি। সা ফেণিলং মথিতমুষ্ণমসৃগ্বিমিশ্রং, স্রাবং করোতি সহসা সরুজা চ নিত্যং। নাড়ী ত্রিদোষপ্রভবা ন সিধ্যেৎ, শেষাশ্চতস্রঃ খলু যত্নসাধ্যাঃ। ৪।

ইতি নাড়ীব্রণনিদানং।

করীমিতি মরণাত্মিকাং কালরাত্রিংপ্রলয়কারিণীং যমভগিনীমিব। অতিপ্রসুহরামিতি পাঠান্তরং। এ শল্যনিমিত্তমাহ নষ্টমিত্যাদি। নষ্টমদৃশ্যমানং কথঞ্চিদিতি বেগক্ষয়াদিকারণান্নামনি সমার্থযুক্তং। মার্গঃ অত মার্গং লক্ষীকৃত্য কেচিৎ অনুমার্গ মতি পঠিত্বা শল্যবিশেষণতয়া যোজয়ন্তি। কিন্ত্বস্মিন্ পক্ষেঽনুমার্গত্বেনৈব শল্যস্যাদর্শনে প্রযুক্তে কথঞ্চিদিতি নিরর্থকং স্যাৎ উদীরিতেষ্বিতি ত্বগাদিষু ফেণিলং ফেণবন্তং মথিতং উষ্ণ মতং উষ্ণস্পর্শম্, এতে চ ধর্ম্মাঃ প্রসারণাকুঞ্চনাদৌ চলতা শল্যেন মাংসাদিক্ষোভেন ভবন্তি নহ্ নাড়ী ত্রিদোষপ্রভবা ন সিধ্যেদিতি পুনরুক্তং অসৃক্ষয়করীমিত্যনেনৈবাসাধ্যত্বস্যোক্তত্বাৎ নৈবমযং গ্রন্থিঃ সুশ্রুতে নিদান স্থানোক্ত এব ত্রিদোষনাড্যা অসাধ্যত্বমনূদ্য তদন্যাসাং শেষত্বনিশ্চয়েন যত্নসাধ্যত্বপ্রতিপাদনায় চিকিৎসিতে পঠিতঃ স এবাত্র মাধবকরেণ লিখিত ইত্যদোষঃ ৪।

ইতি ব্যাখ্যামধুকোষে নাড়ীব্রণনিদানং

ত্রিদোষজনিত নাড়ীব্রণে—জ্বালা, জ্বর, শ্বাস, মূর্চ্ছা ও মুখশোষ প্রভৃতি লক্ষণ এবং র্বোক্ত বাতজনিত নাড়ীব্রণের সমস্ত লক্ষণ প্রকাশ পাইয়া থাকে ৩

শল্যজনিত নাড়ীব্রণের লক্ষণ

র্বোক্ত সশল্য ব্রণের শল্য (কন্টকাদি) অলক্ষিত ভাবে শরীরে থাকিলে, ঐ শল্য নাড়ী (নালী) উৎপাদন করে উক্ত নালীক্ষত হইতে ফেণাযুক্ত, মথিত ভীত), উষ্ণ ও রক্তমিশ্রিত পুঁয স্রাব হয়, এবং ক্ষতে বেদনা হইয়া থাকে

কৃচ্ছ্রসাধ্য লক্ষণ

ত্ত ও কফজনিত ও শল্যজনিত নাড়ীব্রণ কষ্টসাধ্য অপর, ত্রিদোষজনিত (বায়ু, জনিত) নাড়ীব্রণ অসাধ্য ॥

নাড়ী ব্রণরোগ সমাপ্ত

অথ ভগন্দরনিদানং।

অথ ভগন্দরস্যপূর্ব্বরূপং সংখ্যাঞ্চাহ। গুদস্য দ্ব্যঙ্গুলে ক্ষেত্রে পার্শ্বতঃ পীড়কার্ত্তিকৃৎ। ভিন্না ভগন্দরো জ্ঞেয়ঃ, স চ পঞ্চবিধো মতঃ ১। অথ শতপোনকমাহ কষায়রুক্ষৈ-রতিকোপিতোঽনিলঃ, ত্বপানদেশে পিড়কাং করোতি যাং। উপেক্ষণাৎ পাকমুপৈতি দারুণং, রুজা চ ভিন্নারুণ-ফেনবাহিনী। তত্রাগমো মূত্রপুরীষরেতসাং, ব্রণৈরনেকৈঃ শতপোনকং বদেৎ ২। অথোষ্ট্রগ্রীবলক্ষণমাহ।

নাড়ীবিশেষত্বাৎ সংখ্যাসাম্যাচ্চ ভগন্দর নিদানং ভগন্দর পূর্ব্বরূপপীড়কামাহ গুদ-স্যেত্যাদি ক্ষেত্রদেশে সৈব ভিন্না ভগন্দরঃ নিরুক্তিরস্য সুশ্রুতেন কৃতা তদ্‌যথা গুদ-ভগবস্তিপ্রদেশদারণাৎ ভগন্দর ইতি ভগশব্দো গুদাদ্যুপলক্ষণং ভোজেঽপ্যুক্তং "ভগং পরি-সমন্তাচ্চ গুদং বস্তিস্তথৈব ■ ভগবদ্দারয়েদ্‌যস্মাৎ তস্মাৎ জ্ঞেয়ো ভগন্দর" ইতি পূর্ব্বরূপস্ত্বস্য সুশ্রুতে পঠ্যতে যথা কটীকপালবেদনা গুদকণ্ডূর্দাহঃ শোথশ্চ গুদস্য ভবতি এতৎ সামান্যং পূর্ব্বরূপং কটীকপালমত্র কটীফলকং। পঞ্চবিধ ইতি সংখ্যাকথনং রক্তজদ্বন্দ্বজ-ভগন্দর-সম্ভাবনানিরাসার্থং। ১ অপানদেশ ইতি গুদদেশে উপেক্ষণাদিতি বিম্লাপনাদ্য-করণাৎ। রুজা ■ ভিন্নেতি রুজান্বিতা অর্শাদিত্বাদচ্ ভিন্না বিদীর্ণা ব্রণৈরনেকৈঃ শত-পোনকং বদেদিতি শতপোনকতুল্যত্বাৎ শতপোনকঃ, শতপোনকশ্চালনিকা সহস্রধারা ইত্যন্যে কিম্বা শতপোনকঃ শূকদোষে পঠিতো বিকারঃ ছিদ্রৈরণুমুখৈরিত্যাদিনা, কিন্তু যদ্যপি শূকদোষপঠিতপোনকতুল্যত্বমস্য তদা ছিদ্রৈরণুমুখৈরিত্যাদি নিমিত্তস্যোভয়ত্র পঠিতত্বাৎ কিং তৎসাদৃশ্যপ্রবৃত্তেয়ং সংজ্ঞা সা বা এতৎসাদৃশ্যপ্রবৃত্তেতি দুর্বিজ্ঞানাৎ, তত্রাপি চালনিকাকারা অপি তুল্যত্বপ্রবৃত্তিনিমিত্তমিতি মন্যমানেন জেজ্জটেন চালনিকাতুল্যত্বমব-র্ণিতং। শতপোনকবদনেকমুখত্বং বাতিকভগন্দরস্বভাবত্বেন হেতুঃ ২ উষ্ট্রগ্রীবলক্ষণে

ভগন্দরের আকার।

মলদ্বারের চতুষ্পার্শ্বে অঙ্গুলীদ্বয় পরিমিতস্থানে বেদনাযুক্ত যে পীড়কা (ফুষ্কুড়ি) জন্মে, এবং কালক্রমে ঐ পীড়কা পাকিলে উহাতে ছিদ্র হইয়া মলদ্বারের পথের সহিত যে মিলিত হয়; তাহাকে ভগন্দর কহে। ভগন্দর পাঁচ প্রকার, ক্রমে তাহা বর্ণন করা যাইতেছে। ১।

১ শতপোনকের লক্ষণ

কষায় ও রুক্ষদ্রব্য ভোজনে বৃদ্ধিপ্রাপ্ত বায়ু, মলদ্বারে পীড়কা (ফুষ্কুড়ি) উৎপাদন করে ঐ পীড়কাতে, অপক্কাবস্থার সংশমন-প্রলেপাদি প্রয়োগ না করিলে উহা পাকিয়া বিদীর্ণ হয় এবং উহাতে অত্যন্ত বেদনা হইয়া থাকে অপর, ঐ পীড়কা হইতে রক্তবর্ণ ফেনাস্রাব হয় এবং উহার মধ্য দিয়া মল, মূত্র ও শুক্র নির্গত হইয়া থাকে উক্ত পীড়কা বহুসংখ্যক ও ছিদ্রবি-শিষ্ট হয় বলিয়া, উহাকে শতপোনক (চালনী) বলে। ২।

প্রকোপনৈঃ পিত্তমতিপ্রকোপিতং, করোতি রক্তাং পিড়কাং গুদাশ্রিতাং তদাশুপাকাঽহিমপূতিবাহিনীং, ভগন্দরন্তূষ্ট্রশিরোধরং বদেৎ॥ ৩ ॥ অথ পরিস্রাবিলক্ষণমাহ। কণ্ডূয়নো ঘনস্রাবী, কঠিনো মন্দবেদনঃ। শ্বেতাবভাসঃ কফজঃ, পরিস্রাবী ভগন্দরঃ॥ ৪ ॥ অথ শম্বুকাবর্ত্তমাহ। বহুবর্ণরুজাস্রাবা, পীড়কা গোস্তনোপমা। শম্বুকাবর্ত্তবন্নাড়ী, শম্বুকাবর্ত্তকো মতঃ ৫। অথোন্মার্গিভগন্দরমাগন্তুমাহ ক্ষতাদ্গতিঃ পায়ুগতা বিবর্দ্ধতে, হ্যুপে-

তদাশুপাকাঽহিমপূতিবাহিনীমিতি তদেতি তৎকালে পিত্তজত্বেনাশুপাকা চ সা অহিমপূতিবাহিনী উষ্ণপূতিবাহিনী চ সা আশুপাকোঽহিমপূতিবাহিনী তামত্র পীডকাবস্থাগতগলবক্রত্বেন উষ্ট্রগ্রীবাকারত্বং তেনোষ্ট্রগ্রীবসংজ্ঞা ৩ পরিস্রাবী কফজঃ, স চ ঘনস্রাবযোগাৎ পরিস্রাবী ৪ শম্বুকাবর্ত্তমাহ বহুবর্ণরুজাস্রাবেতি প্রত্যেকদোষজভগন্দরপঠিতবর্ণবেদনাঃ স্রাবাশ্চ শম্বুকাবর্ত্তবৎ পুনঃ নদ্যাঃ শম্বুকাবর্ত্তবদ্বা আবর্ত্তেন বেদনা দোষগতিবিশেষাদ্ভবতীতি শম্বুকাবর্ত্তঃ তথাচ ভোজঃ নদীনাং পরিপূর্ণানাং শম্বুকাবর্ত্তকা যথা। অভ্যুত্তিষ্ঠন্তি বেগেন তোয়বেগসমীরিতা ইতি। ৫ উন্মার্গিভগন্দরমাগন্তুমাহ ক্ষতাদ্গতিরিত্যাদি ক্ষতাদিতি কণ্টকাদিঘাতাৎ বিদার্য্য তে ইতি তে ক্রিময়ো বিদার্য্য মার্গং কুর্ব্বত ইতি যোজনা। অনেকধামুখৈরনেকমুখৈঃ অতোন্মার্গেণ ক্রিমিকৃতবিমার্গেণ পুরীষাদিগমনত্বাদুন্মার্গিসংজ্ঞা জ্ঞেয়া। তন্ত্রান্তরে হ্যর্শোভগন্দরঃ পঠিতঃ তদ্যথা কফপিত্তে তু পূর্ব্বোত্থে দুর্নামাশ্রিত্য কুপ্যতঃ অর্শোমূলে ততঃ শোথঃ কাণ্ডুদাহার্ত্তিমান্ ভবেৎ স শীঘ্রং পক্বভিন্নোঽস্য ক্লেদয়ন্ মূলমর্শসঃ। স্রবত্যজস্রং

২ উষ্ট্রশিরোধরের লক্ষণ

পিত্ত স্বীয় কারণে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া মলদ্বারে রক্তবর্ণ পীডকা (ফুস্কুড়ি) উৎপাদন করে পীডকা অতি শীঘ্র পাকে এবং উহা হইতে উষ্ণ ও দুর্গন্ধ পূঁয স্রাব হয়, এবং উক্ত পীড়কা উষ্ট্রের গ্রীবার সদৃশ হয় বলিয়া, উহাকে উষ্ট্রগ্রীব অথবা উষ্ট্রশিরোধর কহে ৩

৩ কফজ'নত ভগন্দরের লক্ষণ

কফ কর্ত্তৃক মলদ্বারে যে পীডকা (ফুস্কুড়ি) উৎপন্ন হয়, তাহা কণ্ডু ও অল্পবেদনাযুক্ত ও শ্বেতবর্ণ হয়, এবং উহা হইতে গাঢ় পূঁয স্রাব হইয়া থাকে ৪।

৪ শম্বুকাবর্ত্তের লক্ষণ।

। পিত্ত ও কফ কর্ত্তৃক মলদ্বারে যে গোস্তন সদৃশ পীডকা (ফুস্কুড়ি) উৎপন্ন হয়, হা হইতে নানাবর্ণ পূঁয স্রাব হয় এবং পীডকাতে নানাপ্রকার বেদনা হইয়া থাকে র, পীডকাতে যে ছিদ্র হয় ঐ ছিদ্র শম্বুকের আবর্ত্তের ন্যায় (শামুকের পেঁচের ন্যায়) হয় বলিয়া, উহার নাম শম্বুকাবর্ত্ত ৫।

উন্মার্গিভগন্দরের লক্ষণ।

কণ্টক ও নখ প্রভৃতি দ্বারা মলদ্বারের নিকটবর্ত্তী কোন স্থানে ক্ষত হইলে, সেই ক্ষত নালী মলদ্বারে যাইয়া অত্যন্ত বৃদ্ধি পাইয়া থাকে এবং সেই ক্ষতে যদি অবহেলা করিয়া ঔষধাদি দেওয়া হয়, তাহা হইলে উহাতে ক্রিমি জন্মিয়া নানাপ্রকার ছিদ্র উৎপন্ন করিয়া

ক্ষণাৎ স্রুতঃ ক্রিময়ো বিদার্য্যতে। প্রকুর্ব্বতে মার্গমনেকধা মুখৈঃ, ব্রণৈ স্তদুন্মার্গি ভগন্দরং বদেৎ। ৬॥ অথ তেষু-সাধ্যাসাধ্যমাহ। ঘোরাঃ সাধয়িতুং দুঃখাঃ, সর্ব্ব এব ভগন্দরাঃ তেষস-ধ্যস্ত্রিদোষোত্থঃ, ক্ষতজশ্চ বিশেষতঃ। বাত-মূত্রপুরীষাণি, ক্রিময়ঃ শুক্রমেব চ। ভগন্দরাৎ প্রবন্তস্ত, নাশয়ন্তি তমাতুরং। ৭॥

ইতি ভগন্দরনিদানং।

গতিভিরযমর্শোভগন্দর ইতি অরমনন্তমস্মিন্ শতপোনকাদীনাং দোষলক্ষণাদর্শনাদন্ত-র্ভাব্যঃ। ৬ প্রতীকারপ্রযত্নোপায়মাহ ঘোরা ইত্যাদি দুঃখা ইতি দুঃখপদাঃ ক্ষত-জশ্চ বিশেষত ইতি ক্ষতজোঽপি বিশেষাদনেকব্রণযো ক্রিমিসম্ভবাদিকং বীক্ষ্যাসাধ্যঃ অতএব চিকিৎসিতে অসাধ্যতাং প্রতিজ্ঞায় ক্রিয়াং বক্ষ্যতি, বিশেষত ইতি ল্যব্লোপে পঞ্চমী, বিশেষতোঽতিশয়াদসাধ্য ইত্যর্থঃ যাপনার্থন্তু ক্রিয়াবিধিরিতি কুচিৎ ক্ষতজশ্চ ভগন্দর ইতি পাঠঃ ক্ষতজো বিশেষতঃ সাধয়িতুং ঘোরঃ সাধ্য এব আবাক্ষেপবিশেষস্য যুক্তত্বাদিতি গদাধরঃ। অবস্থাবশসাধ্যত্বমাহ বাতমূত্রপুরীষাণীত্যাদি ভগন্দরাৎ প্রবন্ত ইত্যগ্রিমী বিশেষ্য ইতি শেষঃ । ৭

ইতি ব্যাখ্যামধুকোষে ভগন্দরনিদানং

ক্ষতের অনেক গুলি মুখ হইয়া থাকে ঐ মুখ দিয়া মলমূত্রাদি নির্গত হয় বলিয়া উহাকে উন্মার্গিভগন্দর বলে ৬॥

কৃচ্ছ্রসাধ্য ও অসাধ্য লক্ষণ।

ত্রিদোষজনিত (বায়ু পিত্ত ও কফজনিত) ও ক্ষতজনিত ভগন্দর অসাধ্য, এভিন্ন সকল প্রকার ভগন্দরই বহু যত্নে প্রশমিত হইয়া থাকে

মৃত্যুলক্ষণ।

যে ভগন্দর হইতে বাত, মূত্র পুরীষ (মল), ক্রিমি ও শুক্র নির্গত হয়, সেই ভগন্দর, রোগীকে বিনাশ করিয়া থাকে ৭॥

ভগন্দররোগ সমাপ্ত

অথ উপদংশনিদানং।

অথোপদংশনিদানং সংখ্যাঞ্চাহ। হস্তাভিঘাতান্নখদন্ত-

স্থানপ্রত্যাসত্তেরুপদংশনিদানমাহ নখদন্তপাতাদিতি বলবদনুরাগোদয়াৎ নখদন্তচ্ছেদ-স্থানেষ্বেনানুক্তেঽপি মেহনে নখদন্তপাতঃ, যদুক্তং কামশাস্ত্রে শাস্ত্রস্য বিষয়স্তাবৎ যাবন্মন্দরসা

উপদংশ (গরমি) রোগের কারণ ও প্রকার ভেদ।

লিঙ্গনালে হস্তের আঘাত অথবা অনুরাগবশতঃ স্ত্রী কর্ত্তৃক নখ বিদ্ধ ও দংশিত হইলে কিম্বা

পাতাৎ, অধাবনাদত্যুপসেবনাদ্বা। যোনিপ্রদোষাচ্চ ভবন্তি শিশ্নে, পঞ্চোপদংশা বিবিধোপচারৈঃ॥ ১॥ অথ তেষাং বাতাদিভেদেন লক্ষণান্যাহ। সতোদভেদস্ফুরণৈঃ সকৃষ্ণৈঃ, স্ফোটৈর্ব্যবস্যেৎ পবনোপদংশং। পীতৈর্বহুক্লেদযুতৈঃ সদাহৈঃ, পিত্তেন রক্তাৎ পিশিতাবভাসৈঃ। স্ফোটৈঃ সকৃষ্ণৈরুধিরং স্রবন্তং, রক্তাত্মকং পিত্তসমানলিঙ্গং। সকণ্ডুরৈঃ শোফযুতৈর্মহদ্ভিঃ, শুক্লৈর্ঘনৈঃস্রাবযুতৈঃ কফেন॥ ২॥ অথ সন্নিপাতজমাহ। নানাবিধস্রাবরুজোপপন্নং, অসাধ্যমাহুস্ত্রিম-

---

নরাঃ প্রবৃত্তে রতিচক্রে তু ন শাস্ত্রং নাপি চ ক্রম ইতি, কলহাদিবশাদ্বা মেহনে নখদন্তপাতঃ অধাবনাদপ্রক্ষালনত্বাৎ অত্যুপসেবনাদিতি ব্যবায়স্যাত্যন্তং সেবনাৎ। যোনিপ্রদোষাদিতি দীর্ঘকর্কশরোমাদিযোগাৎ যোনিদুষ্টেঃ। শিশ্নে মেহনে বিবিধোপচারৈরিতি ক্ষারোষ্ণসলিলপ্রক্ষালনব্রহ্মচারিণীগমনাদিভিঃ উপদংশসংজ্ঞা চ দংশনোপাধিমন্তরেণাপি কৃতা বোদ্ধব্যা। যদ্যপ্যভিঘাতক্ষতে মেহনে উপদংশ আগন্তুঃ ষষ্ঠ সম্ভাবিতস্তথাপি তস্য দোষলিঙ্গযুক্ততয়া দোষজ এবান্তর্ভাবঃ। ১ পীতৈরিত্যাদৌ স্ফোটৈরিত্যনুবর্ত্তনীয়ং। এবমুত্তরত্রাপি। রক্তাৎ পিশিতাবভাসৈরিতি মাংসবর্ণাভৈঃ স্ফোটৈঃ রক্তাচ্ছোণিতাৎ উপদংশং ব্যবস্যেৎ রক্তৈরিতি পাঠান্তরে রক্তৈঃ শোণিতৈঃ ২। সন্নিপাতজমাহ নানাবিধেত্যাদি। নানাবিধস্রাবরুজোপপন্নমিতি প্রত্যেকদোষোক্তস্রাববেদনাযুক্তং। ত্রিমলোপদংশমিতি ত্রিদোষোপ-

---

লিঙ্গনাল অপরিষ্কার রাখিলে অথবা ঋতুস্নাতা স্ত্রীসংসর্গ করিলে বা যোনিদোষে অথবা ক্ষারজল ও উষ্ণ জলে লিঙ্গনাল প্রক্ষালন করিলে লিঙ্গনালে উপদংশ (গরমি) রোগ জন্মে। সেই উপদংশরোগ পাঁচপ্রকার তাহা ক্রমে বর্ণন করা যাইতেছে ১॥

১ বায়ুজনিত উপদংশের (গরমির) লক্ষণ

বায়ুজনিত উপদংশ (গরমি) রোগে লিঙ্গনালের অগ্রভাগে বেষ্টন চর্ম্মের নীচে উন্নত মাংস বেষ্টনের নিম্ন প্রদেশে অথবা উপরে নানাপ্রকার বেদনাযুক্ত স্ফোটক (ফুস্কুড়ি) জন্মে এবং লিঙ্গনাল কম্পিত হইয়া থাকে

২ পিত্তজনিত উপদংশের (গরমির) লক্ষণ

পিত্তজনিত উপদংশ (গরমি) রোগে লিঙ্গনালের অগ্রভাগের পূর্ব্বোক্ত স্থানে ক্লেদযুক্ত পীতবর্ণ স্ফোটক (ফুস্কুড়ি) উৎপন্ন হয়, এবং ঐ স্ফোটকে জ্বালা হইয়া থাকে।

৩ রক্তজনিত উপদংশের (গরমির) লক্ষণ

রক্তজনিত উপদংশ (গরমি) রোগে লিঙ্গনালের অগ্রভাগে বেষ্টনচর্ম্মের নীচে উন্নত মাংস বেষ্টনের নিম্নপ্রদেশে অথবা উপরে মাংসের বর্ণযুক্ত অথবা কৃষ্ণবর্ণ স্ফোটক (ফুস্কুড়ি) জন্মে, এবং উহাহইতে রক্তস্রাব হয়। অপর, পিত্তজনিত উপদংশের লক্ষণ সকলও হইয়া থাকে

৪ কফজনিত উপদংশের (গরমির) লক্ষণ।

কফজনিত উপদংশে (গরমিতে) লিঙ্গনালের অগ্রভাগের পূর্ব্বোক্ত স্থানে যে স্ফোটক (ফুস্কুড়ি) উৎপন্ন হয়, তাহা হইতে গাঢ় পূঁয স্রাব হয়, এবং লিঙ্গনাল অত্যন্ত স্ফীত ও প্রস্রাবের সহিত শুক্র স্রাব হইয়া থাকে। ২॥

৫ ত্রিদোষজনিত উপদংশের (গরমির) লক্ষণ।

ত্রিদোষজনিত (বায়ু, পিত্ত ও কফজনিত) উপদংশ (গরমি) রোগে লিঙ্গনালের অগ্রভাগে

-লোপদংশং ॥ ৩ ॥ অথ তেষামসাধ্যলক্ষণমাহ । বিশী-
র্ণমাংসং ক্রিমিভিঃ প্রজগ্ধং, মুষ্কাবশেষং পরিবর্জ্জয়েচ্চ ।
সংজাতমাত্রে ন করোতি মূঢ়ঃ, ক্রিয়াং নরো যো, বিষয়ে
প্রসক্তঃ । কালেন শোথক্রিমিদাহপাকৈঃ, বিশীর্ণশিশ্নো-
ম্রিয়তে স তেন ॥ ৪ ॥ অথ লিঙ্গার্শোলক্ষণমাহ ।
অঙ্কুরৈরিব সংঘাতৈঃ, উপর্য্যুপরি সংস্থিতৈঃ ক্রমেণ
জায়তে বর্ত্তিঃ, তাম্রচূড়শিখোপমা । কোষস্যাভ্যন্তরে
সন্ধৌ, সর্ব্বসন্ধিগতাপি বা । অবেদনা পিচ্ছিলা চ, দুশ্চিকিৎ-
সা ত্রিদোষজা লিঙ্গবর্ত্তিরভিখ্যাতা লিঙ্গার্শ ইতিচাপরে ৫॥

ইতি উপদংশনিদানং ।

দংশং ৩ ॥ মুষ্কাবশেষমিতি বিশীর্ণসমস্তমেহনমাংসত্বেনাবশিষ্টফলকোষমাত্রং উপ-
ক্রমে চিকিৎসাকরণার্থমাহ সংজাত ইত্যাদি বিষয়ে প্রসক্ত ইতি অতিব্যবায়াদিরতঃ,
কালেন চিরকালেন । ৪ ॥ একস্থানত্বেনাত্র লিঙ্গার্শ আহ অঙ্কুরৈরিত্যাদি অঙ্কুরৈরঙ্কুর-
সদৃশৈরীষদ্দীর্ঘৈঃ সংঘাতৈর্মাংসসংপ্রতানৈঃ সংঘাতৈরিতি পাঠে মাংসৈরিতি শেষঃ তাম্র-
চূড়শিখোপম ইতি । তাম্রচূড়ঃ কুক্কুটঃ তচ্চূড়াতুল্যা সন্ধাবিতি সরক্তসন্ধৌ পর্ব্বসন্ধিগতে-
তি মেন সঙ্কেত্বস্থাৎ এতত্রিদোষজং, অতএব অবেদনা পিচ্ছিলা চ দুশ্চিকিৎসা ত্রিদোষ-
জেতি ক্বচিৎপাঠঃ সুশ্রুতেনকচিৎ স্ত্রীণামপ্যুপদংশঃ পঠ্যতে যথা 'মেঢ্রসন্ধৌ ব্রণাঃ কেচিৎ
কেচিৎ সর্ব্বগ্রন্থাস্তথা কুলত্থাকৃতয়ঃ কেচিৎ কেচিৎ পদ্মদলোপমাঃ । কণ্ডূদাহার্ত্তিবহুলাঃ
দৃশ্যন্তে দমমশ্বতাঃ শীঘ্রং কেচিৎ বিসর্পন্তি শনৈঃ কেচিৎ তথাপরে স্ত্রীণাং পুংসাঞ্চ
জায়ন্তে উপদংশাঃ সুদারুণাঃ" ইতি কিন্তু সমানতন্ত্রেষ্বদর্শনাদেতন্নার্ষমাহুঃ ৫ ।

ইতি ব্যাখ্যামধুকোষে উপদংশনিদানং

চর্ম্মের নীচে মাংসপিণ্ডে যে স্ফোটক (ফুস্কুড়ি) হয়, তাহাতে বায়ুজনিত, পিত্তজনিত
কফজনিত স্ফোটকের সমস্ত লক্ষণ হইয়া থাকে ৩ ।

অসাধ্য লক্ষণ

উপদংশ (গরমি) রোগে যাহার সমস্তলিঙ্গনাল ক্রিমি কর্তৃক (কীটকর্তৃক) ভক্ষিত হইয়া,
অণ্ডকোষ মাত্র অবশিষ্ট থাকে, তাহার সেই উপদংশ (গরমি) রোগ দূরীভূত হইবে না বলিয়া,
চিকিৎসকগণ তাহাকে পরিত্যাগ করিবেন ।

মৃত্যুলক্ষণ ।

যে ব্যক্তি উপদংশ (গরমি) রোগ উৎপন্ন হইলে চিকিৎসিত না হইয়া স্ত্রীসংসর্গে রত থাকে
কালক্রমে তাহার লিঙ্গে শোথ ও জ্বালা উপস্থিত হয় এবং লিঙ্গনালের অগ্রভাগে আবরণ চ
র্ম্মের নীচে মাংসপিণ্ডে যে স্ফোটক (ফুস্কুড়ি) জন্মে সেই স্ফোটক পাকিয়া ক্ষত হয়, ও
ঐ ক্ষতে কীট জন্মিয়া লিঙ্গনাল ক্ষয় করিয়া রোগীর প্রাণনাশ করিয়া থাকে ৪

লিঙ্গবর্ত্তির লক্ষণ

অঙ্কুরের ন্যায় ঈষদ্দীর্ঘ উপর্য্যুপরিস্থিত ও পিচ্ছিল যে মাংস প্রতান (মাংসজাল) লিঙ্গে
উৎপন্ন হইয়া, ক্রমে ক্রমে কুক্কুটের শিখার ন্যায় হইয়া, অণ্ডকোষের অভ্যন্তর সন্ধিতে অথবা
পর্ব্বসন্ধিতে প্রবেশ করে, তাহাকে লিঙ্গবর্ত্তি অথবা লিঙ্গার্শ বলে ৫ ॥

উপদংশরোগ সমাপ্ত

অথ শূকদোষনিদানং।

অথ শূকদোষনিদানং সংখ্যয়াহ। অক্রমাচ্ছেফসো বৃদ্ধিং, যোঽভিবাঞ্ছতি মূঢ়ধীঃ। ব্যাধয়স্তস্য জায়ন্তে দশ চাষ্টৌ চ শূকজাঃ॥ ১ ॥ অথ তাসাং সর্ষপিকাদীনাং ক্রমেণ লক্ষণান্যাহ গৌরসর্ষপসংস্থানা, শূকদুর্ভগ্নহেতুকা। পীড়কা শ্লেষ্মবাতাভ্যাং জ্ঞেয়া সর্ষপিকা তু সা। কঠিনৈ

